চালু হল ‘দুরন্ত বার্তা’ অ্যাপ
ডাউনলোড করুন প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 246 Saturday, 5 August, 2023 ✱ ২৮ বর্ষ, ২৪৬ সংখ্যা ✱ ১৯ শ্রাবণ, ১৪৩০, শনিবার, ৫ আগস্ট, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

তৃণমূল সমর্থিত ডোমজুড় ও বালি বিধানসভার টোটো চালকদের বিবাদের জেরে শুক্রবার দীর্ঘ চার ঘণ্টা ধরে অবরোধ হল রাস্তা। তার জেরেই নাজেহাল নিত্যযাত্রীরা। ...বিস্তারিত পাতা ৩

স্বাধীনতা দিবসের আর হাতে গোনা। এবারেও দিল্লির লালকেল্লায় স্বাধীনতা দিবসে রয়েছে একটি চমক। আগস্টেই দুর্গা দর্শনের ব্যবস্থা দিল্লিতে। ...বিস্তারিত পাতা ৬

নদী দখল করে চলছিল অবৈধ্য নির্মাণের কাজ। স্থানীয়দের অভিযোগে কাজ বন্ধ করে ১৪৪ ধারা জারি করলেন প্রশাসন। ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুরে। ...বিস্তারিত পাতা ৭

আর ‘সানিয়া মির্জার স্বামী’ নন শোয়েব মালিক! ইনস্টা বায়ো থেকে ‘সানিয়ার স্বামী’ পরিচয় মুছে ফেলেছেন পাক ক্রিকেটার। বদলে ‘আনব্রোকেন’। ...বিস্তারিত পাতা ৮

লরি পিষে দিল ছোট্ট স্কুল পড়ুয়াকে
বাস ভাঙচুর, পুলিশের গাড়িতে আগুন
রিপোর্ট তলব করল নবান্ন, কোনা এক্সপ্রেসে আটক ঘাতক লরিচালক

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ আজ, শুক্রবার সকালে বেহালায় মর্মান্তিক পথ দুর্ঘটনা ঘটল। মাটিবোঝাই লরি সরাসরি ধাক্কা দেয় পড়ুয়া ও তার বাবাকে। আর তার জেরে প্রাণ গেল বড়িশা হাইস্কুলের প্রাইমারি সেকশনের খুদে পড়ুয়ার। আর বাবা এখন এসএসকেএম হাসপাতালের ট্রমা বিভাগে গুরুতর জখম অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হয় তার বাবাকে। বাবা এখন এসএসকেএম হাসপাতালের ট্রমা বিভাগে চিকিৎসাধীন। আর খুদের মৃত্যু হয় ঘটনাস্থলেই। এই ঘটনার প্রতিবাদে পড়ুয়ার মৃতদেহ আটকে রেখে বেহালার রাস্তায় চলছে তুমুল বিক্ষোভ। পুলিশের গাড়ি এবং একটি মৃত্যুতে অগ্নিগর্ভ পরিস্থিতি তৈরি হয় বেহালায়। পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়ে উঠেছে যে, স্থানীয়রা আগুন লাগিয়ে দিয়েছে পুলিশের ভ্যানে। বেশ কয়েকটি সরকারি বাস ভাঙচুর করা হয়েছে। ঘটনাস্থল পরিদর্শন করে কলকাতা পুলিশের কমিশনার বিনীত গোয়েল বলেন, ‘‘ভবিষ্যতে যাতে এমন ঘটনা যাতে হরিকৃষ্ণ দ্বিবেদী ও কলকাতা পুলিশের কমিশনার বিনীত গোয়েলকে ফোন করেছেন তিনি। বেহালার নবপল্লির রবীন্দ্রনাথ টেগর রোডের রং চটা তিন তলা বাড়ির সামনে আজ ভেঙে পড়েছে গোটা পাড়া। সকলেই নির্বাক। শুধু চোখের পরিভাষা বলছে, ‘মা কীভাবে বাঁচবে...’ সৌরনীল তার বাবা-মায়ের বেশি

চিকিৎসাধীন। এই মর্মান্তিক পথ দুর্ঘটনাকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে ওঠে গোটা বেহালা চত্বর। এমনকী মৃতদেহ আটকে রেখে চলছে তুমুল বিক্ষোভ। উত্তেজিত স্থানীয় জনতা সরকারি বাসে ভাঙচুর চালায়। আর পুলিশের ভ্যানে অগ্নিসংযোগ ঘটনায় বলে অভিযোগ। বেশ কয়েকটি বাস ভাঙচুর করা হয়েছে বলে খবর। হাওড়ার কোনা এক্সপ্রেসওয়ে থেকে ওই লরি চালককে আটক করেছে হাওড়া ট্র্যাফিক পুলিশ। তাঁকে কলকাতা পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। এবার বেহালার পথ দুর্ঘটনার রিপোর্ট তলব করল নবান্ন। স্থানীয় সূত্রে খবর, আজ সকালে বাবার সঙ্গে রাস্তা পেরিয়ে স্কুল যাওয়ার সময় দ্বিতীয় শ্রেণির এক পড়ুয়াকে ধাক্কা মারে মাটিবোঝাই লরি। তাতেই ঘটনাস্থলে মৃত্যু হয় খুদের। মোটবাইকে আগুন লাগিয়ে দিয়েছে উত্তেজিত জনতা। এখন সেখানে রণক্ষেত্রের চেহারা নেয়। কোনা এক্সপ্রেসওয়ে ধরে লরিটি নিয়ে পালাচ্ছিল চালক। বাবলাতলার কাছে তাঁকে আটক করা হয়। এদিকে এই ঘটনায় ব্যাপক শোরগোল দেখা দেয়। স্থানীয় বাসিন্দা এবং পথচলতি মানুষের বিক্ষোভের জেরে অবরুদ্ধ হয়ে পড়ে ডায়মন্ড হারবার রোড। কলকাতা পুরসভার মাটিবোঝাই লরির বিরুদ্ধে পিষে দেওয়ার অভিযোগ উঠেছে। ট্রাফিকের অব্যবস্থা নিয়ে সুর সপ্তমে চড়িয়েছেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের অভিযোগ, ট্রাফিকের কোনও ব্যবস্থা এখানে নেই। পুলিশ এখানে ঘুষ খায়। গোটা ক্ষোভ গিয়ে পড়েছে পুলিশের উপর। ফলে পুলিশ সেখানে গিয়ে এই অবরোধ তুলতে হিমসিম খাচ্ছে। স্কুল পড়ুয়ার না ঘটে সেদিকে নজর রাখা হবে।’’ অন্যদিকে এই মর্মান্তিক পথ দুর্ঘটনার পর লরিচালককে ধরা গেলেও পুলিশ তাঁকে ছেড়ে দিয়েছে বলে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। তাতেই আরও উত্তপ্ত হয়ে উঠেছে গোটা পরিস্থিতি। তাই উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে নামানো হয়েছে বিশাল পুলিশ বাহিনীকে। পুলিশের পক্ষ থেকে কাঁদানে গ্যাস ছোড়া হচ্ছে বলেও অভিযোগ উঠেছে। তখন পাল্টা উত্তেজিত জনতার ছোড়া পাথরে আহত হয়েছেন কয়েকজন পুলিশকর্মী। রণক্ষেত্রের চেহারা নেয় বেহালা। এক মহিলার মুখে কাঁদানে গ্যাসের সেল লেগেছে বলেও অভিযোগ। তাতে ক্ষত হয়েছে বলে অভিযোগ। এই পরিস্থিতি দেখেই উদ্বেগ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্ন সূত্রে খবর, মুখ্যসচিব বয়সের সন্তান। ‘সিঙ্গল চাইল্ড’। আর সেই চোখের মণি আজ তারাদের দেশে। সৌরনীলের মা শুধু বললেন, ‘‘আমাকে শুধু বাবাই ফোন করেছিল...’’ আর কিছু বলতে পারেননি তিনি। দুপুরের পর থেকে আর কোনও কথা বলতেও পারছেন না। এক দিকে সন্তান শেষ, অন্যদিকে, স্বামী মৃত্যুমুখে। একটা দুর্ঘটনা শেষ করে দিল সবটা। সৌরনীলের বাড়িতে যখন পৌঁছয় কাচের গাড়িটা, তখন আকাশে মেঘ জমেছে। গাড়ির ভিতরে চাদর মোড়ানো ছোট্ট শরীর। বাইরে গোটা পাড়া। নিশ্চুপ, নির্বাক, পিনপতন স্তব্ধতা। ফুটফুটে ছোট্ট জলি ছেলেটা যে পাড়া মাতিয়ে রাখত! ভগবান যে বড়ই নিষ্ঠুর! নিজেদের নিজেদের আস্থার পাদদেশে বলছে সৌরনীলের পাড়ার কাকু-কাকিমা-দিদিমারা।

শুভেন্দুর চাঞ্চল্যকর দাবি
‘চব্বিশে একা জিততে পারবেন না বুঝেই এবার নওশাদের দিকে হাত বাড়াচ্ছেন মমতা’

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ সিপিআইএম এবং কংগ্রেসের পর এবার তৃণমূলের সঙ্গে জোট বাঁধতে নওশাদ সিদ্দিকীর আইএসএফ-এর দিকে হাত বাড়াচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায় বলে চাঞ্চল্যকর দাবি করলেন শুভেন্দু অধিকারী। শুভেন্দুর কথায়, ‘‘মমতা বন্দোপাধ্যায় বুঝে গিয়েছেন, তিনি একা লড়াই করে লোকসভা ভোটে জিততে পারবেন না। তাই চব্বিশের ভোটে সিপিআইএম ও কংগ্রেসের পাশাপাশি এবার নওশাদ সিদ্দিকীর আইএসএফ দলের দিকেও এখন হাত বাড়াচ্ছেন তিনি।’’ ভাঙড়ে তৃণমূল কংগ্রেসের বিজয় দিবস পালনে তৃণমূল নেতা শওকত মোল্লার পক্ষ থেকে ভাঙড়ের বিধায়ক নওশাদকে আমন্ত্রণ জানানো প্রসঙ্গে এমনই চাঞ্চল্যকর দাবি করলেন শুভেন্দু অধিকারী। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কথায়, ‘‘গত পঞ্চায়েত

ভোটে বিডিওদের সাহায্যে ভোট লুঠ করেছে শাসক দল। অবাধ ভোট হলে সব জায়গায় পরাজিত হত তৃণমূল। ব্যালট পেপার খেতেও দেখা গিয়েছে। তৃণমূল বুঝে গিয়েছে লোকসভায় আর ব্যালট বা ইভিএম খেয়ে বাংলায় ভোট লুট করা যাবে না। তাই এখন নওশাদ সিদ্দিকীর দলের দিকেও হাত বাড়াচ্ছে তৃণমূল।’’ শাসক দলের বিরুদ্ধে তোপ দেগে শুভেন্দু বলেন, ‘‘লোকসভার ভোটে মমতা বন্দ্যোপাধ্যায়ের চটিপড়া পুলিশ থাকবে না। সম্পূর্ণ কেন্দ্রীয় বাহিনীর মাধ্যমে ভোট হবে। যে সিপিআইএমের বিরুদ্ধে আন্দোলন করে মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হয়েছেন। সেই সিপিআইএমের সঙ্গে এখন তিনি হাত মিলিয়েছেন।’’ পটনা এবং বেঙ্গালুরুর বৈঠককে তীব্র ভাষায় কটাক্ষ করে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শুভেন্দু এও বলেন, ‘‘যে রাহুল গান্ধিকে তিনি এক সময় ব্যক্তিগত আক্রমণ করেছেন এখন তাঁকেই মুখ্যমন্ত্রী বলছেন মাই ফেভারিট রাহুল। কিন্তু ওসব করে কোনও লাভ হবে না। পশ্চিমবঙ্গের বেশিরভাগ মানুষ বর্তমানে তৃণমূলের পতন চায়।’’ বিরোধী দলনেতার জোর গলায় দাবি, ‘‘সংখ্যালঘুরের সিএএ আর এনআরসি-র ভয় দেখিয়ে আর শেষরক্ষা হবে না মমতা বন্দ্যোপাধ্যায়ের। ‘নো ভোট টু’ মমতার ক্ষেত্রে একমাত্র বিশ্বাসযোগ্যতা রয়েছে এমন রাজনৈতিক দল হিসেবে বিজেপির প্রতিই এ রাজ্যের মানুষের আস্থা রয়েছে।’’

‘মোদি’ মানহানি মামলায় রাহুলের সাজায় ‘সুপ্রিম’ স্থগিতাদেশ

নয়াদিল্লি, ৪ আগস্টঃ সাংসদ পদ ফিরে পাচ্ছেন কংগ্রেস রাহুল গান্ধি। ‘মোদি’ পদবি মামলায় তাঁকে যে দুই বছরের কারাদণ্ডের দিয়েছিল গুজরাটের নিম্ন আদালত, তাতে স্থগিতাদেশ জারি করল সুপ্রিম কোর্ট। শুক্রবার শীর্ষ আদালত জানিয়েছে, ভারতীয় দণ্ডবিধি অনুযায়ী কী কারণে রাহুলকে সর্বোচ্চ শাস্তি দেওয়া হয়েছিল, সেটার কোনও কারণ ব্যাখ্যা করেননি গুজরাটের নিম্ন আদালতের বিচারক। যে শাস্তির ফলে রাহুলের সাংসদ পদ খারিজ হয়ে গিয়েছিল। রাহুলের সাংসদপদ খারিজ হওয়ার প্রভাব শুধুমাত্র তাঁর উপর পড়ে না। বরং তাঁর সংসদ এলাকার মানুষের উপরও পড়ে। সেই পরিস্থিতিতে মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শাস্তির উপর স্থগিতাদেশের প্রয়োজন আছে। সেইসঙ্গে রাহুলের বিরুদ্ধে যে মন্তব্য করার অভিযোগ উঠেছে, সেরকম মন্তব্য করা থেকে বিরত থাকারও পরামর্শ দিয়েছে শীর্ষ আদালত। যে নির্দেশের পর কংগ্রেস সাংসদ তথা কোনওরকম প্রভাব না পড়ে, সেজন্য মামলার ভিত্তি নিয়ে কোনও মন্তব্য করবে না শীর্ষ আদালত। তবে নিম্ন আদালতের নির্দেশে স্থগিতাদেশ জারি করার ক্ষেত্রে কয়েকটি বিষয় বিবেচনা করা হয়েছে। শীর্ষ আদালত বলেছে, ‘‘এই আদালতের একটি মন্তব্য ছাড়া ট্রায়াল কোর্টের বিচারক কোনও নির্দিষ্ট কারণ দেননি যে কোন কারণে তিনি সর্বোচ্চ শাস্তি দিচ্ছেন। যদি শাস্তির মেয়াদ একদিনও কম হত, তাহলে ওই নিয়ম (সাংসদপদ খারিজ) কার্যকর হত না।’’ সেই পরিস্থিতিতে রাহুলের শাস্তির উপর স্থগিতাদেশ জারি করা হলেও কংগ্রেস নেতাকে জনসমক্ষে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের পর্যবেক্ষণ, মামলাকারীকে (রাহুল) সতর্ক থাকা উচিত। তাঁর বিরুদ্ধে যে অভিযোগ মন্তব্যের অভিযোগ উঠেছে, সেটা করা হয়ে থাকলে ওরকম মন্তব্য থেকে বিরত থাকার পরামর্শ দেয় সুপ্রিম কোর্ট। উল্লেখ্য, ২০১৯ সালের ১৩ এপ্রিল কর্ণাটকের

লোকসভায় কংগ্রেসের দলনেতা অধীর চৌধুরী বলেন, ‘‘সত্যমেব জয়তে (সত্যের জয় হয়েছে)। ষড়যন্ত্র করা হয়েছিল রাহুল গান্ধির বিরুদ্ধে, তা ব্যর্থ হয়েছে।’’ শুক্রবার সুপ্রিম কোর্টের বিচারপতি বিআর গাভাই, বিচারপতি পিএস নরসীমা এবং বিচারপতি পিভি সঞ্জয় কুমারের বেঞ্চ জানিয়েছে, যাবতীয় সওয়াল-জবাব শোনা হয়েছে। নির্দিষ্ট আদালতে মামলাটি বিচারাধীন আছে। ওই বিচারাধীন মামলার উপর যাতে কোলারে একটি নির্বাচনী প্রচারে রাহুল বলেছিলেন, ‘‘কীভাবে সব চোরেদের পদবি মোদি হতে পারে?’’ যে ঘটনার প্রেক্ষিতে ২০১৯ সালে রাহুলের বিরুদ্ধে ফৌজদারি মানহানি মামলা দায়ের করেছিলেন গুজরাটের প্রাক্তন মন্ত্রী পূর্ণেশ মোদি। তাঁর দাবি ছিল যে মোদি পদবির সমস্ত মানুষকে অপমান করেছেন রাহুল। যদিও বরাবর রাহুল দাবি করে এসেছেন, কোনও সম্প্রদায়ের মানুষের উদ্দেশ্যে সেই মন্তব্য করেননি তিনি।

‘বিচারব্যবস্থার জয়’, রাহুলের ‘সুপ্রিম’ স্বস্তিতে খুশি মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ মোদি পদবি নিয়ে মানহানির মামলায় সুপ্রিম কোর্টে আপাতত স্বস্তি মিলেছে রাহুল গান্ধির। সুরাট আদালতের সাজার নির্দেশের উপর স্থগিতাদেশ দিয়েছে শীর্ষ আদালত। এরপরই কংগ্রেস শিবিরে ব্যস্ততা শুরু হয়ে গিয়েছে। রাহুল গান্ধির সাংসদ-পদ ফেরাতে ব্যস্ত কংগ্রেস নেতৃত্ব। লোকসভার স্পিকার ওম বিড়লার সঙ্গে কথাবার্তা বলতে ছুটেছেন লোকসভায় কংগ্রেসের দলনেতা অধীর চৌধুরী। এদিকে রাহুল গান্ধির ‘সুপ্রিম’ স্বস্তির খবরে খুশি তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ও। রাহুল গান্ধির মামলায় সুপ্রিম কোর্টের নির্দেশ প্রকাশ্যে আসার পর টুইট করেছ নিজের অভিব্যক্তি প্রকাশ করেছেন তৃণমূল নেত্রী। মমতা বন্দ্যোপাধ্যায় টুইটারে লিখেছেন, ‘এই জয় বিচার ব্যবস্থার জয়’। আদালতে রাহুল গান্ধির এই জয়ের ফলে বিরোধীদের ‘ইন্ডিয়া’ জোট আরও শক্তিশালী হবে এবং এককাট্টা হয়ে দেশের জন্য লড়বে বলে আশাবাদী মমতা। চব্বিশের লোকসভা ভোটে মমতা-সোনিয়ারা একসঙ্গে হাত মিলিয়ে বিজেপির বিরুদ্ধে লড়াইয়ে নেমেছে। ২৬টি বিজেপি-বিরোধী দল মিলে তৈরি করেছে ইন্ডিয়া জোট। তাতে অন্যতম প্রধান মুখ মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়, সোনিয়া গান্ধি, রাহুল গান্ধিরা। আর এমন অবস্থায় রাহুল গান্ধির ‘সুপ্রিম স্বস্তি ‘ইন্ডিয়া’ জোটকে আরও বেশি মজুবত করবে বলেই মনে করছেন তৃণমূল সুপ্রিমো। প্রসঙ্গত, বিগত দিনগুলিতে কংগ্রেসকে খোঁচা দিয়ে বিভিন্ন সময়ে তৃণমূল মুখপত্র ‘জাগো বাংলা’য় প্রতিবেদন প্রকাশিত হয়েছিল। বিশেষ করে বিজেপির বিরুদ্ধে লড়াইয়ে কংগ্রেস যে ব্যর্থ এবং একমাত্র তৃণমূলই যে পারে বিজেপিকে রুখতে তা বার বার বোঝানোর চেষ্টা হয়েছে তৃণমূল মুখপত্রে। তবে এখন পরিস্থিতি বদলেছে। এখন ‘ইন্ডিয়া’ জোটে হাতে হাতে মিলিয়ে লড়ছেন মমতা-সোনিয়ারা।

‘নতুন দল করার কোনও প্রশ্নই নেই, তৃণমূলেই থাকব’, ঘুরে গেলেন বিধায়ক হুমায়ুন কবীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ হালে পানি না পেয়ে হুমায়ুন কবীর যোগাযোগ করেছিলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতি সুব্রত বক্সির সঙ্গে। কারণ হুমায়ুনের হাতে পৌঁছেছিল শোকজ নোটিশ। তাঁর যা বলার লিখিত আকারেই দলকে জানাতে বলা হয়েছিল। তিনিও উত্তর লিখে পাঠিয়ে ছিলেন। তারপরই এবার তৃণমূল ভবনে ডাকা হল ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীরকে। মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীরকে আগামীকাল শনিবার তলব করা হয়েছে। সেখানে তিনি হাজির থেকে নিজের মনের কথা বলবেন। পঞ্চায়েত নির্বাচনের সময় থেকে দলকে বিড়ম্বনায় ফেলেছিলেন এই বিধায়ক। এদিকে মুর্শিদাবাদের নেতৃত্বকে নিয়ে শনিবার বৈঠক করবে রাজ্য নেতৃত্ব। সেখানে হুমায়ুন কবীরকে আসতে বলা হয়েছে। ওই বৈঠকে সুব্রত বক্সি, ফিরহাদ হাকিম-সহ কয়েকজন প্রথমসারির নেতারা থাকবেন। পঞ্চায়েত নির্বাচনের সময় এই বিধায়ক দলের হয়ে খাটেননি বলে অভিযোগ। এমনকী নিজের অনুগামীদের নির্দল হিসাবে দাড় করিয়ে দলকে চাপে ফেলার চেষ্টা করেছিলেন। কিন্তু তাতে কোনও লাভ হয়নি হুমায়ুন কবীরের। তখন তৃণমূল কংগ্রেস সন্ত্রাস করে জিতেছে বলে অভিযোগ তোলেন। এমনকী নতুন দল গড়ে তোলার হুঁশিয়ারি দিয়েছিলেন ভরতপুরের বিধায়ক। তাহলে এখন কেন উল্টো-সুর? ভরতপুরের এই বিধায়ক বুঝেছেন প্রত্যেক জেলায় তৃণমূল কংগ্রেসের সংগঠন মজবুত। তাই বিজেপিতে গিয়ে লাভ হবে না। আবার অধীর চৌধুরীর সঙ্গে সম্পর্ক তলানিতে বহুদিন আগেই পৌঁছেছে। তাই কংগ্রেসে গিয়ে খুব কিছু করা যাবে না। সিপিএম তাঁকে দলে নেবে না। এই পরিস্থিতিতে যেখানে ছিলেন সেখানেই থাকা ভাল বুঝে উল্টো সুর ধরেছেন। যদিও এসব কথা স্বীকার করেননি স্বয়ং হুমায়ুন কবীর। তিনি শুধু সংবাদমাধ্যমে বলেছেন, ‘‘আমি তৃণমূলে আছি, তৃণমূলেই থাকব।’’ সূত্রের খবর, তিনি যে চিঠি লিখেছেন তাতে বারবার ক্ষমা চাওয়ার প্রসঙ্গ রয়েছে। ভুল স্বীকারের কথা উল্লেখ রয়েছে। এমনকী আর একটা সুযোগ দেওয়ার কথা বলা হয়েছে। এই বিষয়ে শুক্রবার ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীর সংবাদমাধ্যমে বলেন, ‘‘শীর্ষ নেতৃত্বের সঙ্গে আমার কোনওদিন সমস্যা ছিল না। শোকজের জবাবও দিয়েছি। আর নতুন দল করার কোনও প্রশ্নই নেই। অধীর চৌধুরীর সঙ্গে আমার কোনও সম্পর্ক নেই। কেউ কেউ মিথ্যা রটাচ্ছে। অথচ জেলার বেশ কিছু তৃণমূল নেতা অধীরের সঙ্গে যোগাযোগ রাখে। একটা সমস্যা হয়েছিল ত্রিস্তর পঞ্চায়েতের টিকিট বণ্টন নিয়ে। তাতেই জেলা নেতৃত্বের সঙ্গে আমার সংঘাত হয়। আমি শোকজের জবাবও দিয়েছি।’’

এখনই কুন্তল ঘোষকে ২৫ লক্ষ টাকা দিতে হবে না

নয়াদিল্লি, ৪ আগস্টঃ কুন্তল ঘোষকে ২৫ লক্ষ টাকা জরিমানা দিতে নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। আপাতত সেই নির্দেশে সুপ্রিম-স্থগিতাদেশ। শুক্রবার মামলার শুনানি ছিল সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চে। একইসঙ্গে কুন্তল ঘোষের হেফাজতে অত্যাচারের অভিযোগের প্রেক্ষিতে যে ম্যাজিস্ট্রেটের এজলাসে শুনানি হচ্ছে, সেই ম্যাজিস্ট্রেটের দ্বারস্থ হওয়ার নির্দেশ দিল সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ। অর্থাৎ এই ঘটনার ম্যাজিস্ট্রেট পর্যায়ে তদন্তের নির্দেশ দিল আদালত। লিখিত অভিযোগ করে কুন্তল ঘোষ সুপ্রিম কোর্টে জানিয়েছিলেন, জিজ্ঞাসাবাদের সময় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম নেওয়ার জন্য তদন্তকারী সংস্থা ইডি তাঁর উপর চাপ দিচ্ছে। এই অভিযোগের তীব্র বিরোধিতা করেন ইডির তরফে অ্যাডিশনাল সলিসিটর জেনারেল এসভি রাজু। কুন্তল ঘোষের আইনজীবী সিদ্ধার্থ দাভে জানান, কুন্তল ঘোষ হাইকোর্টে যাননি। হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট বা ইডি। কিন্তু কুন্তল ঘোষকে ২৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। কুন্তল ঘোষের অভিযোগের প্রেক্ষিতে ইডির আইনজীবী তীব্র আপত্তি জানান। বলেন, কুন্তল ঘোষের গ্রেফতারি জানুয়ারি মাসে হয়েছে। অভিষেক বন্দ্যোপাধ্যায় একটি পাবলিক মিটিংয়ে এই বক্তব্য রাখার পরই কুন্তল এই অভিযোগ করেন। দু’ মাস তিনি এ ধরনের কোনও অভিযোগই করেননি। তদন্তের ক্ষেত্রে নানারকম সমস্যা করা হচ্ছে, এটা তারই মধ্যে একটি।

আগামী সপ্তাহেই থেকে ছুটি পেতে পারেন বুদ্ধবাবু

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ দ্রুত সেরে উঠছেন বুদ্ধদেব ভট্টাচার্য। ফুসফুসের সংক্রমণ প্রায় নিশ্চিহ্ন। খুলে দেওয়া হয়েছে রেনাল ক্যাথিটার। মুখ দিয়ে খাওয়ানোর চেষ্টা হিসাবে মুখে ফোঁটা ফোঁটা তরল দেওয়া হচ্ছে। কমেছে অক্সিজেন নির্ভরতা। শুক্রবার বিকেলে সাংবাদিক বৈঠক করে একথা জানালেন উডল্যান্ডস হাসপাতালের কর্ণধার রূপালি বসু। আগামী সপ্তাহে বুদ্ধবাবুকে বাড়ি ফেরানোর ভাবনা রয়েছে বলে জানিয়েছেন তিনি। এদিন বিকেলে চিকিৎসক রূপালি বসু বলেন, ‘‘বুদ্ধবাবু দ্রুত সেরে উঠছেন। ওনার অক্সিজেন নির্ভরতা কমেছে। বুকে সামান্য জল জমেছে। তবে সেটা উদ্বেগের কিছু নয়। শনিবার পর্যন্ত ওনার সমস্ত অ্যান্টিবায়োটিক চলবে।’’

‘আমার রাস্তা কিন্তু স্পষ্ট,’ ‘সুপ্রিম’ রায়ে বললেন রাহুল

নয়াদিল্লি, ৪ আগস্টঃ মোদি পদবী নিয়ে মামলায় সুপ্রিম কোর্টে স্বস্তি পেয়েছেন রাহুল গান্ধি। এদিন সাংবাদিক বৈঠক করেন তিনি। সেখানেই তিনি বলেন, আজ নয়তো কাল, সত্যের জয় হতোই। যাই হোক না কেন, আমার রাস্তা কিন্তু স্পষ্ট, আমাকে কী করতে হবে। আমার কী কাজ, সেটা নিয়ে আমার মাথায় স্পষ্ট লক্ষ্য রয়েছে। যাঁরা আমাকে সাহায্য করেছেন এবং সাধারণ মানুষ যেভাবে ভালবাসা এবং সমর্থন দিয়েছেন, তার জন্য অনেক অনেক ধন্যবাদ। এদিন নিম্ন আদালতের রায়ে স্থগিতাদেশ দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত। রাহুল গান্ধিকে স্বস্তি দিয়ে বিচারক বলেছেন, ‘‘দায়রা আদালতে আপিল বিচারাধীন না হওয়া পর্যন্ত আমরা রাহুলের দোষী সাব্যস্ততা স্থগিত রাখছি।’’ এর পরেই ট্যুইট করেন রাহুল। তিনি বলেন, ‘‘যাই হোক না কেন, আমার কর্তব্য একই রয়ে গেছে। ভারতকে রক্ষা করা।’’ সুপ্রিম কোর্টের বিচারপতি বিআর গভাইয়ের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চে রাহুল গান্ধির মামলার শুনানি চলছিল। রাহুলের আইনজীবী অভিষেক মনু সিংভি আদালতে যুক্তি দিয়ে বলেন, ‘‘অভিযোগকারীর আসল নাম (পূর্ণেশ) তাঁর মোদি পদবী নেই। তাঁর আসল নাম ভুটালা। তাহলে এটা কী করে হতে পারে। মোদি পদবীর কোনও ব্যক্তিরা মামলা করেননি।’’ সর্বোচ্চ আদালত এদিন জানায়, ‘‘নিম্ন আদালত সাজা ঘোষণা করলেও এর পিছনে স্পষ্ট কোনও কারণ উল্লেখ করতে পারেনি। ২ বছরের শাস্তির কারণে রাহুল জনপ্রতিনিধিত্ব আইনের আওতায় এসেছেন। তাঁর সাজা কম হলে, সদস্যপদ হারাতেন না তিনি। রাহুলের বক্তব্য যে ভাল নয়, তাতে কোনও সন্দেহ নেই। জনজীবনে বক্তব্য দেওয়ার সময় সংযম ব্যবহার করতে হবে। ট্রায়াল কোর্টের এই সিদ্ধান্তে রাহুল ছাড়াও তাঁর নির্বাচনী এলাকার বাসিন্দাদের অধিকারও ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেজন্য দায়রা আদালতে আপিল বিচারাধীন থাকা পর্যন্ত আমরা রাহুলের সাজা স্থগিত রাখছি।’’

কেন উপাচার্য নিয়োগে সার্চ কমিটিতে রাজ্যের প্রতিনিধি? বিধানসভায় ব্যাখ্যা দিলেন শিক্ষামন্ত্রী

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ ‘ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট ল বিল’ নিয়ে বিধানসভায় তুমুল শোরগোল। বিরোধী শিবির বিজেপি পাঁচ সদস্যের সার্চ কমিটিতে আপত্তি জানায়। বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ সওয়াল করেন, রাজ্য সরকার নিয়ন্ত্রণ করার জন্য এই বিল আনা হয়েছে। মুখ্যমন্ত্রীকে আচার্য করার জন্য চেষ্টা চলছে। তিনি প্রশ্ন করেন, ‘‘২০১৮ সালে একবার সংশোধন হয়েছে আবার কেন? ইউজিসির গাইডলাইন আপনারা মানেন না। আপনাদের যখন যেরকম ইচ্ছা সেরকম করেন।’’ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, ‘‘ইউজিসি নির্দেশিকা সঙ্গে সঙ্গে আমরা মানতে বাধ্য নই। তবে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে ইউজিসি কিছু গাইডলাইন মানতে হবে। সেই নির্দেশ মেনেই এই পরিবর্তন।’’ বিধানসভায় এই নিয়ে বিস্তর আলোচনা চলে। কেন এই বিল, তার ব্যাখ্যা করতে গিয়ে শিক্ষা মন্ত্রী বলেন, ‘‘এক উপাচার্য থেকে আরেক উপাচার্যের নিয়োগের ক্ষেত্রে এক বছর সময় রাখা হয়েছে। এই জন্যই এই বাড়তি সময় রাখা হয়েছে যাতে ইউজিসি প্রতিনিধি আসে না। অধিকাংশ সময় তাদের কোন প্রতিনিধি আসেন না।’’ শিক্ষামন্ত্রীর বক্তব্য, ‘‘ইউজিসি তাদের নতুন নির্দেশিকায় বলেছে একজন প্রতিনিধি রাখতে হবে সার্চ কমিটিতে। এতদিন তিন জনের ছিল। একজন রাখলে সংখ্যাটা চার হবে। চারজনের কোন কমিটি হয় না। সে কারণেই রাজ্য সরকারের একজন প্রতিনিধি রাখা হয়েছে।’’

এরপর বিজেপির বিধায়কদের প্রশ্ন ছিল, ‘‘বিশ্ববিদ্যালয় একজন প্রতিনিধি কেন থাকবেন না?’’ শিক্ষামন্ত্রী বলেন, ‘‘ইউজিসির গাইডলাইন হল, যে বিশ্ব বিদ্যালয় উপাচার্য হবে তার কোনও প্রতিনিধি রাখা যাবে না।’’ বিরোধীদের সবচেয়ে বেশি আপত্তি ছিল রাজ্য সরকারের একজন প্রতিনিধি রাখা নিয়ে। জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ‘‘কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে রাষ্ট্রপতির তিন জন প্রতিনিধি থাকে, আর এখানে দু’জন প্রতিনিধি থাকলেই আপত্তি!’’ আলোচনায় উঠে আসে মুখ্যমন্ত্রীকে আচার্য করার প্রসঙ্গও। শিক্ষামন্ত্রী বলেন, ‘‘শিক্ষা স্বাধিকারের পক্ষে আমরা। একইসঙ্গে আমরা চাই, এমন মানুষকে উপাচার্য করা হোক, যিনি শিক্ষার আঙিনার সঙ্গে যুক্ত। কোন প্রাক্তন আইপিএস বা বিচারপতির দশ বছরের শিক্ষকতা করার যোগ্যতা আছে কি?’’ আলিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ নিয়ে ব্রাত্য বসুর অভিযোগ, ‘‘এমন এক জনকে উপাচার্য করা হচ্ছে যাদের সঙ্গে শিক্ষার কোনও সম্পর্ক নেই। বিলে বলা আছে, কমপক্ষে ১০ বছর তাঁকে কলেজ বা বিশ্ববিদ্যালয় পড়াতে হবে। কিন্তু রাজ্যপাল যাঁদের নিয়োগ করছেন, তাঁরা কেউই কলেজ বা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত নন।’’ তাঁর বক্তব্য, ‘‘কোন আইনের বলে তারা এটা করছেন আমাদের জানা নেই।’’ তখনই বিধানসভায় শোরগোল পড়ে যায়। বিজেপি বিধায়করা বিক্ষোভ দেখাতে থাকেন। বিজেপির বিধায়করা চিৎকার করে বলেন, ‘‘হাইকোর্টে তো রাজ্যপালের পক্ষে রায় দিয়েছেন।’’ তখনই শিক্ষামন্ত্রী বলেন, ‘‘কী করা যায়, সেটাও আমরা খতিয়ে দেখছি।’’ এদিন বিধানসভায় বিল সিলেক্ট কমিটিতে পাঠানো নিয়ে ভোটাভুটি হয়। এক্ষেত্রে ১২০টি ভোট পায় শাসক দল। বিজেপি ৫১। একজন ভোটদানে বিরত। কিন্তু বিলটিকে আইনে পরিণত গেলে রাজ্যপালের সম্মতি লাগবে, তাঁর স্বাক্ষর লাগবে। রাজ্যপাল যাতে তাতে সই না করেন, এখন সেই চেষ্টাই চালাচ্ছেন বিজেপি বিধায়করা। বিজেপির পরিষদীয় দলনেতা মনোজ টিগ্গার তরফ থেকে ১০ সদস্যের প্রতিনিধি দল রাজ্যপাল সিভি আনন্দ বোসের দ্বারস্থ হবেন।

চাঁদের মাটি স্পর্শ করার প্রতীক্ষায় চন্দ্রযান-৩, সাফল্যের সঙ্গে উতরোতে চায় ইসরো

বেঙ্গালুরু, ৪ আগস্ট ঃ ইসরোর চন্দ্রযান-৩ পৃথিবীর মায়া ত্যাগ করেছে কয়েকদিন হল, সব ঠিকঠাক চললে শনিবার অর্থাৎ ৫ আগস্ট চন্দ্রযান-৩ পৌঁছে যেতে পারে চাঁদের কক্ষে। কিন্তু তার আগের সময়ে বড় ঝুঁকিও রয়েছে। সাফল্যের সঙ্গেই সবকিছু উতরোতে চায় ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)। গত সোমবার অর্থাৎ গত ৩১ জুলাই পৃথিবীর কক্ষপথ ছেড়ে নিজের গতি বাড়িয়ে চাঁদের কক্ষের উদ্দেশে পাড়ি দিয়েছে ভারতের চন্দ্রযান-৩। ১ আগস্ট ইসরো জানিয়েছে, চন্দ্রযান-৩ পৃথিবীর চারপাশে প্রদক্ষিণ শেষ করে চাঁদের দিকে যাত্রা শুরু করেছে।তার পর চাঁদের আকর্ষণকে কাজে লাগিয়ে তার চারপাশে বেশ কয়েক পাক ঘুরে ক্রমশ গতি কমিয়ে তা চলে আসবে চন্দ্রপৃষ্ঠ থেকে মাত্র ১০০ কিলোমিটার দূরে। তার পর শুরু হবে সবচেয়ে কঠিন পরীক্ষা। পালকের মতো ভেসে ভেসে আলতো করে চাঁদের মাটিতে অবতরণ করাতে হবে ল্যান্ডার বিক্রমকে। যার ভিতরে থাকা চন্দ্র অভিযাত্রী যান প্রজ্ঞান নেমে আসবে চাঁদের মাটিতে। শুরু হবে চাঁদের মাটিতে ভারতের পথচলা। গত বার এই পালকের মতো অবতরণ করতে ব্যর্থ হয়েছিল চন্দ্রযান-২। এ বার সেই ভুল ইসরো শুধরোতে পারবে কি না সেটা দেখার। তবে তারও আগে চন্দ্রযান-৩-কে যথাযথ ভাবে স্থাপন করতে হবে চাঁদের কক্ষে। যাবতীয় পরিস্থিতির দিকেই এখন নজর ইসরোর।

জ্ঞানবাপী মসজিদে এএসআই-এর সমীক্ষার কাজ শুরু, জোরদার করা হয়েছে নিরাপত্তা

বারাণসী, ৪ আগস্ট ঃ এলাহাবাদ হাইকোর্টের ছা।পত্র পাওয়ার পর, শুক্রবার সকাল থেকেই উত্তর প্রদেশের বারাণসীর জ্ঞানবাপী মসজিদে বৈজ্ঞানিক সমীক্ষার কাজ শুরু করে দিয়েছে ভারতের পুরাতাত্ত্বিক সর্বেক্ষণ সংস্থা (আর্কিয়োলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া বা এএসআই)। শুক্রবার সকাল সাতটা থেকে শুরু হয়েছে বৈজ্ঞানিক সমীক্ষার কাজ। সমীক্ষাকে ঘিরে যাতে কোনও রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে, তাই জ্ঞানবাপী মন্দির চত্বরের বাইরেও জোরদার করা হয়েছে নিরাপত্তা। হিন্দু পক্ষের আইনজীবী সুভাষ নন্দন চতুর্বেদী বলেছেন, সবাই (এএসআই আধিকারিক-সহ) এসে পৌঁছেছেন। সমীক্ষার কাজ শুরু হযেছে।উল্লেখ্য, মুসলিম পক্ষের আর্জি খারিজ করে জ্ঞানবাপী মসজিদে পুরাতাত্ত্বিক সমীক্ষায় সায় দিয়েছে এলাহাবাদ হাইকোর্ট। এলাহাবাদ হাইকোর্টের অনুমতির পরই শুক্রবার সকাল থেকে শুরু হয়েছে এএসআই-এর সমীক্ষার কাজ। তবে বিতর্কিত ওজুখানায় পাওয়া তথাকথিত ' এবং সন্নিহিত এলাকায় এখনই কোনও সমীক্ষা হবে না বলে বারাণসী জেলা আদালত গত ২১ জুলাই যে নির্দেশ দিয়েছিল, তা বহাল রেখেছে এলাহাবাদ হাইকোর্ট। এদিকে, এলাহাবাদ হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে আবার শীর্ষ আদালতের শরণাপন্ন হয়েছে মসজিদ কমিটি। প্রসঙ্গত, এর আগে গত ২৪ জুলাইও জ্ঞানবাপী মসজিদে বৈজ্ঞানিক সমীক্ষার কাজ শুরু হয়েছিল, কিন্তু সেই দিন মুসলিম পক্ষের আবেদনের প্রেক্ষিতে জ্ঞানবাপী মসজিদে এএসআই-এর সমীক্ষার কাজ বন্ধ রাখার নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট।

লকেটের নামে ইডির কাছে অভিযোগ তৃণমূল কাউন্সিলরের

কলকাতা, ৪ আগস্টঃ এবার বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে তদন্তের আবেদন করা হল ইডিতে। শুক্রবার বিধাননগর পুরনিগমের ৪০ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর তুলসী সিংহ রায় এই বিজেপি নেত্রীর নামে তদন্তের আবেদন জানান।এ বিষয়ে তুলসী জানান, আজকে আমরা আইনজীবী এবং সমাজকর্মীর তরফে ইডির কাছে তদন্তের জন্য একটি আবেদন নিয়ে এসেছি। বিজেপি নেত্রী লকেট রোজ ভ্যালির (চিটফান্ড) একজন সুবিধাভোগী। সে ব্যাপারে যাতে নিরপেক্ষ তদন্ত হয়, তার জন্য ইডির কাছে একটি আবেদন জমা দিয়েছি। আমাদের কাছে তথ্য আছে কিন্তু আমরা চাই আগে ইডি তদন্ত করুক এবং এই তদন্ত চলাকালীন যদি আমাদের কোনও সহযোগিতা প্রযোজন হয় আমরা সহযোগিতায় করব।গত ৩১ জুলাই বিকেলে বিজেপি নেতা শঙ্কু দেব পণ্ডা তৃণমূল সাংসদ নুসরত জাহানের নামে ইডির কাছে ফ্ল্যাট দুর্নীতির অভিযোগ করেন। ঠিক তার কয়েকদিন পর শুক্রবার ইডির দফ্তরে এসে উপস্থিত হন বিধাননগর পুরনিগমের ৪০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তুলসী সিনহা রায়

লোকসভায় পাস ইন্টার-সার্ভিসেস অর্গানাইজেশন বিল, সুফলের কথা তুলে ধরলেন রাজনাথ সিং

নয়াদিল্লি, ৪ আগস্ট ঃসংসদের নিম্নকক্ষ লোকসভায় পাস হল ইন্টার-সার্ভিসেস অর্গানাইজেশন (কমান্ড, কন্ট্রোল অ্যান্ড ডিসিপ্লিন) বিল, ২০২৩। শুক্রবার লোকসভায় এই বিল পেশ করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তিনি এই বিলের সুফলের কথা তুলে ধরে বলেছেন, এই বিলটি আমাদের সশস্ত্র বাহিনীর তিনটি শাখায় একীভূতকরণ এবং যৌথতার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যাতে তাঁরা ভবিষ্যতের চ্যালেঞ্জগুলিকে ঐক্যবদ্ধ ও সমন্বিতভাবে মোকাবেলা করতে সক্ষম হয়।প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন, এই বিলটি এমন একটি পরিবেশ তৈরি করতেও সাহায্য করবে যা আমাদের আন্ত ঃ-সেবা সংস্থাগুলিতে শৃঙ্খলা জোরদার করবে। আলোচনার পর লোকসভায় পাস হয়েছে ইন্টার-সার্ভিসেস অর্গানাইজেশন (কমান্ড, কন্ট্রোলল অ্যান্ড ডিসিপ্লিন) বিল, ২০২৩।

পুলওয়ামার কয়েকটি স্থানে অভিযান জাতীয় তদন্তকারী সংস্থার

পুলওয়ামা, ৪ আগস্টঃ জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) আজ, শুক্রবার সকালে পুলিশ এবং সিআইপিএফের আধিকারিকদের সঙ্গে নিয়ে পুলওয়ামা জেলার বিভিন্ন স্থানে অভিযান চালায়। সন্ত্রাসবাদী কাজকর্মের জন্য টাকা জোগারের অভিযোগে এই অভিযান চালানো হয় বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। এর আগে এনআইএ মঙ্গলবার উপত্যকার চারটি জেলায় সন্ত্রাসবাদী কার্যকলাপের জন্য টাকার তহবিল তৈরির অভিযোগে ব্যাপক অভিযান চালায়।জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) জানায়, শ্রীনগর, বডগাম, কুপওয়ারা এবং পুলওয়ামা জেলার সাতটি স্থানে জম্মু কাশ্মীর কোয়ালিশন অফ সিভিল সোসাইটির সঙ্গে যুক্ত ট্রাস্ট এবং ব্যক্তিদের ক্যাম্পাসে ব্যাপক অভিযান চালানো হয়।

উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগে প্রবল ভূমিধস ধ্বংসস্তূপে পরিণত ৩টি দোকান, ১০-১২ জন নিখোঁজ

রুদ্রপ্রয়াগ, ৪ আগস্ট ঃ দুর্যোগ থামছেই না দেবভূমি উত্তরাখণ্ডে। এবার উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগে প্রবল ভূমিধসের জেরে ধ্বংসস্তূপে পরিণত হল ৩টি দোকান। এই ঘটনায় ১০-১২ জনের কোনও খোঁজ পাওয়া যায়নি। প্রবল বর্ষণের জেরে বৃহস্পতিবার রাতে গৌরীকুন্ড পোস্ট ব্রিজের কাছে ভূমিধসের ঘটনা ঘটে, ৩টি দোকান ক্ষতিগ্রস্ত হযেছে। ঘটনাস্থলে পৌঁছেছে জেলা প্রশাসনের দল, বিপর্যয় মোকাবিলা দল, পুলিশ দল, এসডিআরএফ, এনডিআরএফ এবং অন্যান্য দল। রুদ্রপ্রয়াগের এসপি ডঃ বিশাখা বলেছেন,, নিখোঁজদের খুঁজে বের করতে অভিযান চলছে।দুর্যোগ ব্যবস্থাপনা অফিসার দিলীপ সিং রাজওয়ার বলেছেন, আমরা জানতে পেরেছি, পাহাড় থেকে পাথর পড়ায় এবং ভারী বৃষ্টিপাতের কারণে ৩টি দোকান ক্ষতিগ্রস্ত হয়েছে... তাৎক্ষণিকভাবে তল্লাশি অভিযান শুরু করা হয়েছিল। ১০-১২ জন সেখানে ছিলেন, শুক্রবার সকাল পর্যন্ত তাঁদের খোঁজ পাওয়া যায়নি।

মসৃণভাবেই চলছে অমরনাথ যাত্রা, পবিত্র গুহার উদ্দেশ্যে রওনা তীর্থযাত্রীদের ৩৩-তম দল

শ্রীনগর, ৪ আগস্ট ঃ সুষ্ঠুভাবে ও মসৃণভাবেই চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। শুক্রবার সকালে পবিত্র গুহার উদ্দেশ্যে রওনা হয়েছে তীর্থযাত্রীদের ৩৩-তম দল। এই দলে রয়েছেন ১,১০০-র বেশি তীর্থযাত্রী। ১,১০০-এর বেশি তীর্থযাত্রীর ৩৩-তম ব্যাচ শুক্রবার ভোরে জম্মু থেকে পবিত্র অমরনাথ গুহার অভিমুখে বালতাল এবং পেহেলগাঁও বেস ক্যাম্পের উদ্দেশে রওনা দিয়েছে।এই নিয়ে ৩০ জুন থেকে এ পর্যন্ত জম্মুর বেস ক্যাম্প থেকে এক লক্ষ ৪৬ হাজার ৩৬৩ জন তীর্থযাত্রী কাশ্মীর উপত্যকায় গেলেন। চলতি বছরে মোট ৪ লক্ষ ১০ হাজার ৯৫ জন তীর্থযাত্রী এ পর্যন্ত অমরনাথ গুহা দর্শন করেছেন। অমরনাথ যাত্রাকে ঘিরে নিরাপত্তাও জোরদার করা হয়েছে।

সংক্রমণ কমে ৫৪ ভারতে ওঠানামা করছে সক্রিয় রোগীর সংখ্যা

নয়াদিল্লি, ৪ আগস্ট ঃভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের কিছুটা কমল বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫৪ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১,৫৩২-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৮।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬২,৪০৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৩ আগস্ট সারা দিনে ভারতে ৩৬,৪৫১ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ৩৭৪ জন, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৭,৫৪,৫৭৭।

হিমাচলে বর্ষা বিপর্যয়ঃমৃত্যু কমপক্ষে ১৯৯ জনের, এযাব নিখোঁজ ৩১ জন

শিমলা, ৪ আগস্ট ঃ এবারের বর্ষায় বৃষ্টির দুর্যোগে বিপর্যস্ত হয়ে পড়ল পাহাড়ি রাজ্য হিমাচল প্রদেশ। হিমাচল প্রদেশে বৃষ্টি দুর্যোগে এখনও পর্যন্ত ১৯৯ জনের মৃত্যু হয়েছে, শুক্রবার সকাল পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি ৩১ জনকে। মৃত ১৯৯ জনের মধ্যে ভূমিধসের কারণে ৫৭ জনের মৃত্যু হয়েছে, আকস্মিক বন্যা, গাড়ি দুর্ঘটনা ও অন্যান্য কারণে প্রাণ হারিয়েছেন ১৪২ জন।হিমাচল প্রদেশের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, এখনও পর্যন্ত নিখোঁজ রয়েছেন ৩১ জন। মোট আহতের সংখ্যা ২২৯। বৃষ্টি দুর্যোগে বিপুল পরিমাণে ক্ষয়ক্ষতিও হয়েছে। ৭৭৪টি বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে, ৭৩১৭টি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ২৫৪টি দোকান। রাজ্যে এবারের বর্ষার সময় ৭৯টি ভূমিধসের ঘটনা ঘটেছে। প্রায় ৩০০টি রাস্তা বন্ধ হয়ে প।ছে, বিস্তীর্ণ এখনও বিদ্যুৎ নেই।

নিজেকে নির্দোষ দাবি করলেন ডোনাল্ড ট্রাম্প, পরবর্তী শুনানি ২৮ আগস্ট

ওয়াশিংটন, ৪ আগস্ট ঃ আমেরিকায় ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফলে হস্তক্ষেপের চেষ্টার অভিযোগে নিজেকে নির্দোষ দাবি করেছেন সে দেশের প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্থানীয় সময় বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসি-র একটি আদালতে শুনানি চলার সময় এই দাবি করেন তিনি। এ বিষয়ে পরবর্তী শুনানি হবে আগামী ২৮ আগস্ট।আদালতে শুনানি শুরুর পর ট্রাম্পের বিরুদ্ধে আনা অভিযোগগুলি পড়ে শোনান বিচারক মোক্সিলা উপাধ্যায়। অভিযোগ প্রমাণিত হলে তাঁর কত বছরের সাজা হতে পারে তা-ও জানানো হয়। এ সময় ট্রাম্প বলেন, তিনি নির্দোষ। শুনানিতে সরকার পক্ষের কৌঁসুলিরা আদালতের কাছে ট্রাম্পকে আটকের আবেদন



করেননি। তবে এর বিপরীতে তাঁকে বেশ কয়েকটি শর্ত দেওয়া হয়েছে। আগামী ২৮ আগস্ট এই অভিযোগের বিষয়ে পরবর্তী শুনানির দিন ধার্য করেছে আদালত।উল্লেখ্য, ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন জয়ী হন। এই নির্বাচনে জালিয়াতির অভিযোগ তুলে পরাজয় মানতে অস্বীকার করেন তৎকালীন প্রেসিডেন্ট ট্রাম্প। বাইডেনের জয়ের সত্যায়নে ২০২১ সালের ৬ জানুয়ারি কংগ্রেসের যৌথ অধিবেশন বসে। সত্যায়ন প্রক্রিয়া ঠেকাতে ট্রাম্পের উসকানিতে তাঁর সমর্থকেরা ক্যাপিটল ভবনে হামলা চালায় বলে অভিযোগ। এ নিয়ে তদন্তের পর গত মঙ্গলবার ট্রাম্পের বিরুদ্ধে ৪৫ পাতার অভিযোগপত্র আদালতে দাখিল করেন বিশেষ আইনজীবী জ্যাক স্মিথ। অভিযোগে বলা হয়েছে, ট্রাম্প নির্বাচনের ফল উল্টে দেওয়ার জন্য বেআইনি পথ বেছে নিয়েছিলেন। ট্রাম্পের বিরুদ্ধে দেশের সঙ্গে প্রতারণা করতে ষ।যন্ত্র, অধিকারের বিরুদ্ধে ষড়যন্ত্র, রাষ্ট্রীয় কাজে বাধা দেওয়ার ষড়যন্ত্র-সহ মোট চারটি অভিযোগ আনা হয়েছে।

টোলগেটে সাংসদের কীর্তি, প্রতিবাদ সুকান্তর

কলকাতা, ৪ আগস্ট ঃ টোল প্লাজার এক কর্মীকে মারধরের অভিযোগ উঠেছে এক সাংসদের বিরুদ্ধে। অভিযোগের তির পূর্ব বর্ধমান লোকসভা কেন্দ্রের সাংসদ সুনীল মন্ডলের বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে বিতর্কের সৃষ্টি হয়েছে। প্রতিবাদ করেছেন রাজ্য বিজেপি-র সভাপতি সুকান্ত মজুমদার।সুকান্তবাবু শুক্রবার টুইটারে লিখেছেন, ইনি টিএমসি-এর এক ভদ্রলোক ধারণার উদাহরণ। তাঁর কাজ সঠিকভাবে করানোর জন্য একজন কর্তব্যপরায়ণ যুবককে মারধর করেন। আমরা বাংলার জনগণের উপর টিএমসি-সমর্থিত নেতাদের এই ধরনের ব্যাপক ও সীমাহীন অত্যাচারের নিন্দা করি।ইতিমধ্যেই পালশিট টোল প্লাজার ওই কর্মীকে মারধরের ভিডিও ভাইরাল হয়েছে। ভিডিওতে দেখা গিয়েছে, একটি টোল প্লাজার সামনে সাদা একটি গাড়ি দাঁড় করিয়েছেন এক টোল কর্মী। এরপরই গাড়ি থেকে বেরিয়ে আসেন সাংসদ সুনীল মণ্ডল। টোল কর্মীর দিকে ধেয়ে যান। তাঁকে ধাক্কাও দেন।

নিউইয়র্কে ট্রেন লাইনচ্যুত, আহত ৭

নিউইয়র্ক, ৪ আগস্ট ঃ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বৃহস্পতিবার ট্রেন লাইনচ্যুত হওয়ায় ৭জন আহত হয়েছেন। তবে, এখনও পর্যন্ত দুর্ঘটনায় মৃত্যুর খবর পাওয়া যায়নি।পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে নিউইয়র্ক শহরে কুইন্স বরোর একটি স্টেশনের বাইরে ট্রেন লাইনচ্যুত হয়ে যায়, তারফলে ৭জন আহত হন। তবে, হতাহতের কোনও খবর পাওয়া যায়নি। আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়। অগ্নিনির্বাপণ বিভাগ জানিয়েছে, তারা ঘটনার খবর পেয়ে স্টেশনে পৌঁছে যাত্রীদের উদ্ধার করে। তারা জানান, এখনও পর্যন্ত কেউ মারা যায়নি। ট্রেনটি লাইচ্যুত হওয়ার কারণ এখনও জানা যায়নি। তবে, এই রুটের মানুষদের বাস ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়েছে।নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোচুল-কে বিষয়টি জানানো হয়েছে। জরুরি ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। হোচুল জানিয়েছেন, অফিস যাত্রীদের সুবিধা দেখা এবং রেলকর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে পরিস্থিতি খতিয়ে দেখা হচ্ছে।

হাইলাকান্দির প্রাক্তন সৈনিকদের প্রতি নির্দেশ

হাইলাকান্দি (অসম) ৪ আগস্ট ঃ হাইলাকান্দির জেলা সৈনিক কল্যাণ আধিকারিকের এক বিজ্ঞপ্তিতে জেলার প্রাক্তন সৈনিক কর্মকর্তাদেরকে সরকারের নতুন কর্মসূচি মেরি মাটি মেরি দেশ-এ অংশ নেবার নির্দেশ দেওয়া হয়েছে। প্রাক্তন সেনাকর্মীদেরকে তাদের নিকটবর্তী গ্রাম পঞ্চায়েত অথবা পুরসভার উদ্যোগে আয়োজিত এর সংক্রান্ত কর্মসূচি গুলিতে আগামী ৯ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত যোগ দিতে বলা হয়েছে।

বিরোধীদের কাছে কোনও যুক্তি ও তথ্য নেই, তাই পালিয়ে যাচ্ছেঃঅনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ৪ আগস্ট ঃ সংসদের কাজকর্ম পন্ড করার জন্য বিরোধীদের ভূমিকার তীব্র নিন্দা করলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। শুক্রবার সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, বিরোধীদের কাছে কোনও যুক্তি ও তথ্য নেই, তাই পালিয়ে যাচ্ছে।বিতর্কের মধ্যেই বৃহস্পতিবার দিল্লির আমলা নিয়ন্ত্রণ নিয়ে বিল পাশ হয়ে গিয়েছে লোকসভায়। সে বিষয়ে বলতে গিয়ে অনুরাগ ঠাকুর বলেছেন, দিল্লির বিলের বিষয়ে তাঁরা নিজেদের অবস্থান সামনে রাখতে পারেননি। এটা পরিষ্কার যে এখনও পর্যন্ত বিরোধীরা শুধুমাত্র দেশের মানুষকে ''লোক দেখানোর'' কাজ করেছেন। তাঁরা দেশের সময় ও অর্থ অপচয় করেছেন। প্রথম দিন থেকেই সিদ্ধান্ত হয়েছিল মণিপুর নিয়ে আলোচনা হবে। বিরোধী দল কেন পালিয়ে যাচ্ছে? কারণ তাঁদের কাছে কোনও যুক্তি অথবা তথ্য নেই।

প্রধানমন্ত্রীর বোন বাসন্তী বেন নীলকান্ত মন্দিরে পূজো দেন, দেখা করেন যোগী আদিত্যনাথের বোনের সঙ্গেও

ঋষিকেষ, ৪আগস্টঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বোন বাসন্তী বেন তার স্বামী হাসমুখের সঙ্গে শ্রাবণ মাসে নীলকান্ত মহাদেব মন্দিরে দর্শন করেন। সেখানে তিনি পূজা-অর্চনাও করেন। শিবলিঙ্গের অভিষেক করে পরিবার ও দেশের সুখ-সমৃদ্ধির জন্য প্রার্থনা করেন।এরপর বাসন্তী বেন কোঠার গ্রামে অবস্থিত কোঠার গ্রামে যান। সেখানে মন্দির চত্বরে তিনি উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের বোন শশী পায়েলের সঙ্গে দেখা করেন। ভালো-মন্দ খোঁজ নেওয়ার পর ঘর-পরিবার সহ নানা বিষয় নিয়ে তাদের দুজনের মধ্যে কথোপকথন হয়। প্রধানমন্ত্রীর বোন ব্রহ্মা পুরিতে অবস্থিত শ্রীরাম তপস্থলী আশ্রমের মহামণ্ডলেশ্বর স্বামী দয়ারাম দাস মহারাজের কাছ থেকেও আশীর্বাদ নেন। শশী পায়েলের সঙ্গে, বাসন্তী বেনের অনেকসময় ধরে আলাপ-চারিতা চলে।বাসন্তী বেন, তাঁকে বলেন, তাঁর ভাই মোদী দেশের জন্য সর্বস্ব উৎসর্গ দিয়েছেন, অন্যদিকে অপর ভাই যোগী আদিত্যনাথ দেশের বৃহত্তম রাজ্য উত্তর প্রদেশের জন্য নিজের জীবন দিয়ে দিচ্ছেন। এই যাত্রায় তাঁর সঙ্গে ছিলেন ঋষিকেশ বিজেপি মহিলা মোর্চার জেলা সভাপতি কবিতা শাহ। যোগী আদিত্যনাথের বোন বলেন, প্রধানমন্ত্রীর বোনের সঙ্গে কাটানো মুহূর্তগুলো তিনি সবসময় মনে রাখবেন।

ভারতীয় নাগরিক ও ভারত এবং বিশ্বের কথা ভেঙে এখন বিদেশ নীতি বাস্তবায়িত হচ্ছেঃহরদীপ পুরী

নয়াদিল্লি, ৪ আগস্ট ঃ ভারতীয় নাগরিক ও ভারত এবং বিশ্বের কথা ভেঙে এখন বিদেশ নীতি ও বাণিজ্য নীতি বাস্তবায়িত হচ্ছে। বললেন কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী। শুক্রবার কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, প্রশস্ত কাঁধের একজন নেতার নেতৃত্বে দেশ স্বাভাবিক সময়ে কেমন চলছে, তা বিচার করলে হবে না। বরং চ্যালেঞ্জের সময় কীভাবে সাড়া দেয় তা বিচার্য। মহামারীর চ্যালেঞ্জ একটি কঠিন চ্যালেঞ্জ ছিল।কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী আরও বলেছেন, প্রধানমন্ত্রী মোদী ব্যক্তিগতভাবে দু''টি পরিস্থিতি পর্যবেক্ষণ করেছেন এবং দু''টি ক্ষেত্রে ২০২১ সালের নভেম্বর এবং ২০২২ সালের মে মাসে পেট্রোল এবং ডিজেলের কেন্দ্রীয় আবগারি উল্লেখযোগ্য অংশে হ্রাস করেছিলেন। বিজেপি শাসিত রাজ্যগুলি অবিলম্বে ভ্যাট কমিয়ে দেয়। পুরী বলেছেন, মানবিকতা এবং প্রধানমন্ত্রীর নীতির সঙ্গে আমরা এখন এমন একটি দেশ যা বড় কাজ করতেও সক্ষম এবং তুরস্কে ভূমিকম্পের সময় আমরা সেই ক্ষমতা দেখিয়েছি।

মণিপুরঃইমফল শহরে হিংসার চেষ্টা, বিষ্ণুপুরে ২ নম্বর আইআরবি-র অস্ত্র লুটের অভিযোগ

ইমফল, ৪আগস্ট ঃ মণিপুরের রাজধানী ইমফল শহরে নতুন করে হিংসার চেষ্টা করছে দুর্বৃত্তের দল। এদিকে বিষ্ণুপুরে ২ নম্বর আইআরবি-র অস্ত্র লুট করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।সূত্রের খবর, গত বৃহস্পতিবার সকালে ইমফল শহরে অবস্থিত ২ নম্বর মণিপুর রাইফেলস-এর সদর ছাউনির বাইরে দুর্বৃত্তদের এক দল জড়ো হযে.বিক্ষোভ প্রদর্শন করতে থাকে। এক সময় দুর্বৃত্তের দল ছাউনির ভিতরে ঢোকার চেষ্টা করে। নিরাপত্তা কর্মীরা তখন কাঁদানে গ্যাসের শেল ও স্মোক বোমা নিক্ষেপ করে বিক্ষোভকারীদের চেষ্টা ব্যর্থ করে দেয়। সূত্রের দাবি, বিক্ষোভ প্রদর্শন করতে গিয়ে কয়েকজন মহিলা আহত হয়েছেন।সূত্রটি আরও জানিয়েছে, গত বুধবার রাতে বিষ্ণুপুর জেলার নারানসেনায় অবস্থিত ২ নম্বর আইআরবি-এর প্রায় ৩০০ অস্ত্র ও গোলাবারুদ লুট করেছে দুর্বৃত্তরা।

বাজুমকে প্রেসিডেন্ট পদে পুনর্স্থাপন করা হবে নাঃচিয়ানি



নিয়ামে , ৪ আগস্ট ঃ চাপের কাছে নতি স্বীকার করতে নারাজ নাইজারের সেনা সরকার । তারা আফ্রিকার ১৫ দেশের জোট ইকোয়াসের হুমকি উড়িয়ে দিয়ে ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট মোহাম্মদ বাজুমকে এক সপ্তাহের মধ্যে ক্ষমতা ফিরিয়ে দেওয়ার বিষয়টি প্রত্যাখ্যান করেছে । অভ্যুত্থানকারী সেনা কর্মকর্তা জেনারেল আব্দুররহমান চিয়ানি বলেছেন, মোহাম্মদ বাজুমকে প্রেসিডেন্ট পদে পুনর্স্থাপন করা হবে না।নাইজারের অভ্যুত্থান নেতা আব্দুররহমান চিয়ানি ঘোষণা করেছেন যে, তিনি প্রেসিডেন্ট বাজুমকে পুনর্বহালের চাপের কাছে মাথা নত করবেন না। তিনি পশ্চিম আফ্রিকার নেতাদের আরোপ করা নিষেধাজ্ঞাকে ' এবং ' বলে সমালোচনা করেছেন। একইসঙ্গে দেশবাসীকে জাতি রক্ষার জন্য প্রস্তুত হওয়ার আহ্বান জানিযেছেন।এদিকে নাইজারের ওপর কঠোর অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে আফ্রিকার ১৫ দেশের জোট ইকোয়াস। আগামী ৬ আগস্টের মধ্যে প্রেসিডেন্টের ক্ষমতা হস্তান্তর না করলে শক্তি প্রযোগের হুমকিও দিয়েছে। ইতিমধ্যে ক্ষমতা দখলকারী সৈন্যদের সঙ্গে আলোচনার জন্য জোটের পক্ষ থেকে নাইজারে একটি প্রতিনিধি দল পাঠানো হয়েছে। দলটির নেতৃত্ব দিচ্ছেন সাবেক নাইজেরিযান নেতা আব্দুল সালামি আবুবকর। ক্ষমতা ফিরিয়ে দেওয়ার দাবি প্রত্যাখ্যান করে জেনারেল চিয়ানি বলেছেন, ' এসব নিষেধাজ্ঞা এবং হুমকি-ধমকিকে প্রত্যাখ্যান করে, যেখান থেকেই এসব হুমকি আসুক। নাইজারের অভ্যন্তরীণ বিষয়ে যে কোনও হস্তক্ষেপ আমরা প্রত্যাখ্যান করছি।' দেশের জনগণের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, যারা আমাদের কঠোর পরিশ্রমী জনগোষ্ঠীকে দুর্ভোগ দিতে ও দেশকে অস্থিতিশীল করতে চায় তাদের পরাজিত করতে আমরা নাইজারের জনগণকে সামগ্রিকভাবে তাদের ঐক্যের আহ্বান জানাই।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৫আগষ্টঃশনিবার, ১৯শ্রাবণ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৫আগষ্ট ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১৯ শ্রাবণ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১৯ শ্রাবণ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১৯ শ্রাবণমাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪.১ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৬.০১এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮১শতকরা এবং ৫২শতকরা। বৃষ্টি হয়েছে বুধবার । জোয়ার-সকাল ৯টা ২০ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৮টা ২০মিনিট। রাত-৮টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৯মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ২০ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃআজ আপনার প্রত্যয় বাড়বে এবং উন্নতি নিশ্চিত।
বৃষভ রাশিঃআপনার শারীরিক স্বাস্থ্য উন্নত করতে এক সুষম আহার নিন। সংসারে শান্তি হবে
মিথুন রাশিঃআজ আপনি শক্তিপূর্ণ হয়ে থাকবেন- আপনি যাই করুন না কেন- সাধারণত আপনি যে সময় নেন তার অর্ধেক সময়েই এটি করতে পারবেন।
কর্কট রাশিঃআপনার মধ্যে শক্তির প্রাচুর্য থাকবে- কিন্তু কাজের চাপ আপনার বিরক্তের কারণ হবে। সংসারে শান্তি হবেই।
সিংহ রাশিঃসামঞ্জস্যপূর্ণ শৈশব স্মৃতি আপনাকে জড়িয়ে রাখবে।
কন্যা রাশিঃসামঞ্জস্যপূর্ণ ব্যক্তিত্ব তৈরী করুন যাতে ঘৃণা ভাবকে দমন করা যায় কারণ ঘৃণা হলো ভালোবাসার চেয়েও শক্তিশালী আর তাতে শরীরের অসীম ক্ষতি
তুলা রাশিঃআপনার অন্য মানুষদের প্রশংসা করে সাফল্য ভোগ করতে পারেন। আপনার পরিচিত মানুষদের মাধ্যমে উপার্জনের নতুন উৎস সৃষ্টি হবে।
বৃশ্চিক রাশিঃসামঞ্জস্যপূর্ণ ব্যক্তিত্ব তৈরী করুন যাতে ঘৃণা ভাবকে দমন করা যায় কারণ ঘৃণা হলো ভালোবাসার চেয়েও শক্তিশালী
ধনু রাশিঃভ্রমণ-ভোজ এবং আনন্দ আপনাকে আজ এক ভালো মেজাজে রাখবে।
মকর রাশিঃআপনার ইচ্ছা শক্তির অভাব আপনাকে আবেগগত ও মানসিক মনোভাবের শিকার করতে পারে। আজ অর্থের আগমন আপনাকে অনেক আর্থিক ঝামেলা থেকে মুক্তি হবে
কুম্ভ রাশিঃআপনি আপনার হতাশাপূর্ণ মনোভাবের জন্য কোনো অগ্রগতি করতে অক্ষম হবেন। এটাই আপনার উপলব্ধি করার জন্য উপযুক্ত সময়. যে দুশ্চিন্তা আপনার চিন্তাশক্তির প্রতিবন্ধী হয়েছে।
মীন রাশিঃহৃদরোগীদের জন্য কফি ছাড়ার পক্ষে এটি সঠিক সময়। পরবর্তী যে কোন ব্যবহার আপনার হার্টে অহেতুক চাপ (অপ্রয়োজনীয়) চাপ সৃষ্টি করবে। একদিনের জন্য বাঁচার

ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় খানাকুলের রামচন্দ্রপুর রাজবংশী পাড়ায় মৃত ১

বনস্পতি দে, খানাকুল হুগলি,৪ আগস্ট ঃ ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা খানাকুলের রামচন্দ্রপুর রাজবংশীপাড়ায়। ঘটনায় মৃত ১। আহত বেশ কয়েকজন। অগ্নিকাণ্ডে ভস্মিভূত হয়ে যায় ৫টি বাড়ি। এছাড়াও আশেপাশের বেশ কয়েকটি বাড়ি ক্ষতিগ্রস্থ হয়েছে। জানা গিয়েছে, বৃহস্পতিবার গভীর রাতে কানন গায়েন নামে এক প্রৌঢ়ের টিনের চালের মাটির বা।তিতে প্রথম আগুন লাগে। কিছুক্ষণের মধ্যেই আগুন দ্রুত ছ।য়িয়ে পড়ে প্রতিবেশী রাম বাগ, লক্ষণ বাগ, বিশু বাগ ও প্রশান্ত বাগের বাড়িতেও। ঘটনার সময় প্রাণ বাঁচাতে বাকীরা কোনওক্রমে বাইরে বেরিয়ে আসতে পারলেও প্রৌঢ় কানন গায়েন বাইরে বার হতে পারেননি। অগ্নিদগ্ধ হয়েই মৃত্যু হয় তাঁর। এদিকে ঘটনার খবর পেয়ে খানাকুল পুলিশ ঘটনাস্থলে গিয়ে পৌঁছলেও রাস্তার অভাবে ঢুকতে পারল না দমকল। দমকল রাতভর লড়াই চালিয়ে শুক্রবার ভোর ৪টে নাগাদ স্থানীয় বাসিন্দাদের সাহায্যে আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও ঠিক কী ভাবে আগুন লাগল তা স্পষ্ট নয়। এই বিষয়ে তবে স্থানীয়দের দাবি, মৃত বৃদ্ধার বাড়িতে কোনও হ্যারিকেন জাতীয় জিনিষ থেকেই আগুন প্রথমে লাগে। বৃদ্ধা না বুঝতে পারার কারণেই গোটা বাড়িতে আগুন ছড়িয়ে পরে বলে মনে করা হচ্ছে। হঠাই নজরে আসতে এলাকার মানুষই ছুটে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। ক্ষতিগ্রস্ত পরিবাররা জানিয়েছে পাশের বাড়ির আগুন লাগার পরেই আমাদের সকলের বাড়িতেই আগুন লাগে। প্রত্যেকটা বাড়িতে আগুন ভয়ানক আকার নেয়। বাড়িতে থাকা সমস্ত কিছু জিনিস পুড়ে ছাই হয়ে যায় মুহূর্তের মধ্যে। প্রচুর টাকা ক্ষয়ক্ষতি হওয়ায় .কী করবেন তা নিয়ে ভেবে কুল পাচ্ছেন না পরিবারগুলি। এদিকে ঘটনার খবর পেয়ে খানাকুল বিধায়ক সুশান্ত ঘোষ এদিন সকালে ঘটনাস্থলে গিয়ে ক্ষতিগ্রস্থদের সঙ্গে দেখা করে পাশে দাঁড়ানোর আশ্বাস দেন।

পুলিশের নাকা চেকিংয়ের সময় হাওড়ার উদ্ধার বিপুল পরিমাণ গাঁজা

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ আগস্ট ঃ পুলিশের নাকা চেকিংয়ের সময় হাওড়ার উদ্ধার বিপুল পরিমাণ গাঁজা। গ্রেপ্তার ১। উদ্ধার হয়েছে প্রায় ৬৫ কেজি গাঁজা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকালে কোনা এক্সপ্রেসওয়ের চ্যার্টাজিহাট থানা এলাকার হ্যাং স্যাং মোড়ে নাকা তল্লাশি চলছিল। তখনই একটা প্রাইভেট চারচাকা গাড়িকে পালাতে দেখে সংঃদহ হয় পুলিশের। নাকা তল্লাশির সময় ঘটনাস্থলে থাকা ট্রাফিক পুলিশের কর্মীরা গা।টিকে আটক করে। তল্লাশির সময় গাড়ি থেকে ৩টি সাদা ব্যাগ উদ্ধার হয়। ব্যাগ খুলতেই বেরিয়ে আসে গাঁজা। এর আগে কোনা এক্সপ্রেসের চ্যার্টাজিহাট এলাকা থেকেই গাড়ি করে পাচারের সময় ৩২ কেজি গাঁজা ধরেছিল চ্যার্টাজিহাট থানার পুলিশ। এদিনের ঘটনা প্রসঙ্গে পুলিশ জানায়, ও।শার ওই গাড়ি করে খিদিরপুরে এক ব্যক্তির কাছে গাঁজা পাচার করা হচ্ছিল। পুলিশ গাড়ির চালক বিজু কর্মকারকে গ্রেফতার করেছে। পুলিশ জানিয়েছে, ধৃতের বাড়ি ও।শার বারিপদায়। গাড়িটিও বাজেয়াপ্ত করা হয়েছে। তিনি খিদিরপুরে কার কাছে ওই পরিমাণ গাঁজা পাচার করছিলেন তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

রেল নিয়োগ পর্ষদের সামনে চাকরিপ্রার্থীদের বিক্ষোভ

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্ট ঃ রেলে শূন্যপদে নিয়োগের দাবিতে বিক্ষোভ দেখাল পশ্চিমবঙ্গ চাকরি প্রার্থী যৌথ মঞ্চ। শুক্রবার বেলগাছিয়ায় রেলওয়ে রিক্রুমেন্ট বোর্ডের কলকাতার অফিসের সামনে এই বিক্ষোভ হয়। বিক্ষোভকারীদের দাবি, ৩ লক্ষের বেশি শূন্যপদ রয়েছে রেলে। বিক্ষোভকারীদের প্রতিনিধি দল রেলের আধিকারিকদের সঙ্গে দেখা করে স্মারকলিপি দেন। তাঁদের দাবি নিয়ে কথা বলেন। তাঁরা বেরিয়ে জানান, রেল বোর্ডের কর্তারা তাঁদের জানিয়েছেন যে প্রস্তুতি নিতে থাকুন যেকোনও দিন শূন্যপদে নিয়োগের ঘোষণা হবে। তবে বয়সে ছাড় দেওয়ার বিষয় তাঁরা কিছু করতে পারবেন না বলেও জানিয়ে দেন। বিষয়টি উচ্চতর কর্তাদের কাছে জানাবেন বলে আশ্বাস দিয়েছেন।

সায়েন্স সিটির কাছে পড়ুয়াবোঝাই স্কুলবাসে আগুনের আতঙ্ক ছড়ালো

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্ট ঃ শুক্রবার স্কুল থেকে বাড়ি ফেরার পথে এক অঘটন। সায়েন্স সিটির কাছে আচমকাই আগুন ধরে যায় একটি স্কুলবাসে। তড়িঘড়ি পড়ুয়াদের বাস থেকে বার করে আনা হয়। চলে আসে দমকল। পরে ওই স্কুলেরই অপর একটি বাস এসে পড়ুয়াদের বাড়ি পৌঁছে দেয়। কী ভাবে আগুন লাগল, তা খতিয়ে দেখা হচ্ছে। বিকেল সাড়ে ৪টে নাগাদ মোট ৩৭ জন পড়ুয়াকে নিয়ে ইএম বাইপাস দিয়ে যাচ্ছিল ওই স্কুলবাস। আচমকাই আগুন ধরে যায় বাসটিতে। সঙ্গে সঙ্গে ৩৭ জন পড়ুয়াকে বাস থেকে নীচে নামিয়ে আনা হয়। তবে আগুন ছড়াতে পারেনি।

ইনটেনসিফায়েড মিশন ইন্দ্রধনুষ মা ও শিশুদের জন্য বিশেষ টীকাকরণ কর্মসূচি আরম্ভ হতে চলেছে হাওড়ায়

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ আগস্ট ঃ ইনটেনসিফায়েড মিশন ইন্দ্রধনুষ মা ও শিশুদের জন্য বিশেষ টীকাকরণ কর্মসূচি আরম্ভ হতে চলেছে হাওড়া জেলাতেও। সারা দেশেই মোট তিনটি পর্যায়ে এই কর্মসূচি হবে। যার প্রথম পর্যায় অনুষ্ঠিত হবে আগামী ৭-১২ আগস্ট। এই কর্মসূচি নিয়ে শুক্রবার বিকেলে এক সাংবাদিক বৈঠক করেন হাওড়া জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ নিতাই চন্দ্র মন্ডল। তিনি বলেন, যেসব শিশুরা একদম টীকা নেয়নি এর সঙ্গে গর্ভবতী মায়েরা এখনও টীকা নেননি বা সময় পার হয়ে গিয়েছে তাদেরকে নিয়ে এই টীকা দেওয়া হবে। প্রতি বাড়ি ঘুরে যে সকল শিশুদের টীকা নেওয়া হয়নি তাদের নাম নথিভুক্ত করা হয়েছে। এখনও পর্যন্ত ২২ হাজার ৬৭৪ জন মা এবং শিশু পাওয়া গিয়েছে যাঁরা টীকা নেননি বা বাদ পড়ে গিয়েছেন। পরিকল্পনা করা হয়েছে মা ও শিশুদের ৭ আগস্ট থেকে ১২ আগস্ট পর্যন্ত ১,০০৮টি বিশেষ টিকাকরণ কেন্দ্রের মাধ্যমে টীকা দেওয়া হবে। কোনও কোনও ক্ষেত্রে টীকা নেওয়ায় অনীহা থাকে। সেই ব্যাপারে মসজিদের ইমামদের সঙ্গে কথা বলে ব্যবস্থা করা হয়েছে। প্রত্যন্ত গ্রামীণ এলাকায় বিশেষ করে যাঁরা ইঁটভাটায় শিশু নিয়ে কাজ করেন তারা টীকা পায়না। এই সময়ের মধ্যে যেখানকার বাসিন্দা হোক না কেন টীকা পাওয়ার যোগ্য হলে তাদের টীকা দেওয়া হচ্ছে। টীকাকরণের মাধ্যমে অনেক রোগ প্রতিরোধ করা যায়। কোভিডের সময় অন্যান্য কাজের মতো টীকাকরনের কাজও

ব্যাহত হয়েছিল। ২০২২-২৩এ চেষ্টা করা হয়েছিল এই টীকাকরন সম্পূর্ণ করার জন্য। তা সত্ত্বেও কিছুটা ঘাটতি থেকে গিয়েছে। সেই কারণে সারা দেশে রাজ্য সরকার এবং কেঃন্দ্রীয় সরকারের উদ্যোগে ৩ দফায় টীকাকরনের ব্যবস্থা করা হয়েছে। হাম এবং রুবেলা নির্মূল করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছিল। সেখানে কিছু শিশু বাদ পরেছিল। এবার জন্ম থেকে ৫ বছর পর্যন্ত যারা যেরকম টীকাকরণে বাদ প।ছেন তাদের এই কর্মসূচির আওতার মধ্যে আনা হয়েছে। প্রসঙ্গত, সারা দেশের সঙ্গে এরাজ্যেও আগামী ৭-১২ আগস্ট মা ও শিশুদের বিশেষ টীকাকরণ কর্মসূচি ইন্টেন্সিফায়েড মিশন ইন্দ্রধনুষ শুরু হতে চলেছে। হাওড়াতেও এই কর্মসূচি পালিত হবে। এই কর্মসূচির দ্বিতীয় পর্যায় হবে ১১-১৬ সেপ্টেম্বর এবং তৃতীয় পর্যায় হবে ৯-১৪ অক্টোবর। জানা গেছে, এই কর্মসূচির মাধ্যমে জন্ম থেকে ২ বছর এবং ২ থেকে ৫ বছর বয়সের শিশুদের এবং গর্ভবতী মায়েদের যে সমস্ত টীকা বাকি আছে বা যারা কোনও টীকা এখনো নেননি তাদের প্রয়োজনীয় টীকা দেওয়া হবে। এই উদ্যোগকে সফল করতে হাওড়ায় জেলা স্বাস্থ্য কর্মীরা এবং অঙ্গনওয়াড়ি কর্মীরা বাড়ি বাড়ি ঘুরে এই ধরনের মা ও শিশুদের নামের তালিকা প্রস্তুত করেছেন। জেলার গ্রাম ও শহর এলাকার ১,০০৮টি বিশেষ টীকাকরণ শিবিরের মাধ্যমে ২২,৬৭৪ জন মা ও শিশুকে টীকা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। জন্ম থেকে ২ বছর বয়সী শিশু রয়েছে ১০,৮১২ জন, ২ বছর থেকে ৫ বছর বয়সী শিশু রয়েছে ৪,৬৯৪ জন , গর্ভবতী মা রয়েছেন ১,৬৪৮ এবং ৫ বছর পর্যন্ত শিশু যারা হাম ও রুবেলা টীকা পাবে এরকম সংখ্যা প্রায় ৫,৫২০। এই কর্মসূচিকে সফল করতে ইতিমধ্যেই মাইকিং, পোস্টার, ব্যানার ইত্যাদির পাশাপাশি স্বাস্থ্য কর্মীরা ও অঙ্গনওয়াড়ি কর্মীরা বাড়ি বাড়ি ঘুরেও প্রচার করছেন।

তৃণমূলপন্থী অটোচালকদের দুই গোষ্ঠীর বিবাদের জেরে অবরোধ

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ আগস্ট ঃ তৃণমূল সমর্থিত দুই বিধানসভার টোটো চালকদের বিবাদের জেরে শুক্রবার দীর্ঘ চার ঘন্টা ধরে অবরোধ হল রাস্তা। আর তার জেরেই নাজেহাল পরিস্থিতির শিকার হয় নিত্য যাত্রী থেকে শুরু করে হাসপাতালগামী রোগী ও পরিজনেরা। জানা গিয়েছে, ডোমজুড় বিধানসভার চাঁদমারি এলাকার টোটো চালকদের সঙ্গে বালি বিধানসভার বেলু. স্টেশন রোডের টোটো চালকদের বিবাদ দীর্ঘদিনের। বেলুড়ের টোটো চালকদের দাবি, ডোমজুড়ের টোটো চালকেরা অন্যায় ভাবে এলাকা না মেনে তাদের এলাকার এসে যাত্রী তুলছে। তার ফলে এক দিকে যেমন তাদের আয় কমছে, অন্যদিকে নিত্য যানজট লেগেই রয়েছে। যে কারণে তারা বাধ্য হয়ে

ডোমজুড়ের টোটো চালকদের তাদের এলাকায় আসতে মানা করেন। তবুও তারা না শোনায় বিরোধ চরমে ওঠে এদিন। এদিকে ডোমজুড়ের টোটো চালকদের অভিযোগ, শুক্রবার সকালে যাত্রী নিয়ে. টোটো চালকরা বেলুড়ে গেলে তাকে মারধর করা হয়। এরই প্রতিবাদে তারা বেলুড় স্টেশনের সাবওয়ে অবরোধ করে। নিশ্চিঃদা চাঁদমারি স্টেশন হয়ে.জি টি রোডে ওঠার মূল ক্রসিং হল ওই সাবওয়ে। সেটা বন্ধ হয়ে যাওয়ায় বিপদে পড়ে যাত্রীরা। স্টেশন সংলগ্ন সরকারি হাসপাতালের যাবার পথে আটকে পড়ে রোগীর পরিজনেরা। স্বাভাবিকভাবেই তারা ক্ষুব্ধ হয়ে পড়নে। যদিও তাদের আরও দাবি, তারা টোটো বেলুড় হয়ে জি টি রোড না যেতে পারলে, তাদের আয় হয় না। দু'পক্ষই তৃণমূলের দুই বিধানসভার বিধায়কদের নাম করে দাবি জানায়। এ বিষয়ে তৃণমূলের পক্ষ থেকে কোনও প্রতিক্রিয়া এখনও পর্যন্ত পাওয়া যায়নি। পাশাপাশি তাদের সঙ্গে যোগাযোগের জন্য বারংবার ফোন করা হলেও, তারা কেউই ফোন ধরেননি।

অমৃত ভারত স্টেশন স্কিমের ভিত্তিপ্রস্তর হবে ৫০৮টি স্টেশন পুনর্নির্মানের

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্ট ঃ ভারতীয় রেল এখন নতুন করে নিজেদের সাজাতে শুরু করে দিয়েছে। আধুনিক স্টেশন তৈরি করা হবে। গতিশীল রেল পথ তৈরি করা হবে। নত্তুনি ভারত গড়তে ভারতীয় রেল একন নতুন করে রেলকে সুজ্জিত করবে। মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজির তত্ত্বাবধানে এখন দেশে অমৃত কাল চলছে। মাননীয় প্রধানমন্ত্রী স্বপ্ন হচ্ছে নতুন করে পুনর্নির্মাণ করতে হবে রেল স্টেশনকে। মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নকে স্বার্থক করে তোলার লক্ষ্য নিয়ে মাননীয় রেল, তথ্য ও প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈশ্য অমৃত ভারত স্টেশন স্কিমকে স্বার্থ করে তুলতে উদ্যোগী হয়েছেন এবং তার জন্য নতুন করে রেল স্টেশন পুনর্নির্মাণ করা হচ্ছে। উন্নতশীল রেল স্টেশন তৈরি করাই ভারতীয় রেলের লক্ষ্য। সারা দেশে ১৩০৯ টি রেল স্টেশন পুনর্নির্মাণ করা হবে। নতুন করে সেখানে শিল্প শৈলী স্থাপন করা হবে যাতে সকলের কাছে মনোরম হয়। ১৩০৯ টি রেল স্টেশনের মধ্যে ৫০৮টি রেল স্টেশন অমৃত ভারত স্টেশন স্কিমের এর মধ্যে পূর্ব রেলের ২৮ টি স্টেশন এই তলিকাভুক্ত হয়েছে যা প্রধানমন্ত্রী আগামী ৬ আগস্ট সকাল ১১টার সময়ে ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। পূর্ব রেলের ২৮টি অমৃত ভারত স্টেশনে থাকবে ইকোনমিক হ্যাব, স্বদেশি পণ্য ভাণ্ডার, বৃহৎ বাজার এবং প্রধানমন্ত্রীর চিন্তার ফসল 'ভোকাল ফর লোকাল'।

ডিভিশনের নাম ঃ আসানসোল। স্টেশন নাম ঃ আসানসোল জং, পান্ডাবেশ্বর, অন্ডাল জং, শিমূলতলা, কামারডুবি। স্টেশন সংখ্যা-৫ ডিভিশন নাম ঃ হাওড়া। স্টেশন নাম ঃ বর্ধমান, রামপুরহাট জং, কাটোয়া,আজিমগঞ্জ, শেওড়াফুলি, অম্বিকা, কালনা, তারকেশ্বর, নবদ্বীপ ধাম, বোলপুর, শান্তিনিকেতন। স্টেশন সংখ্যা ঃ ৯ ডিভিশন নাম ঃ মালদা । স্টেশন নাম ঃ মালদা টাউন, ফরাক্কা, জামালপুর, সাহিবগঞ্জ, সুলতানগঞ্জ, কাহালগাও, পিরপাইনটি। স্টেশন সংখ্যা

ঃ ৭টি ডিভিশন নাম ঃ শিয়ালদহ। স্টেশন নাম ঃ বহরমপুর কোর্ট, কৃষ্ণনগর সিটি জং, বেথুয়াডড়ি, শিয়ালদহ, বারাকপুর, চাঁদপাড়া, শান্তিপুর। স্টেশন সংখ্যাঃ ৭টি পূর্ব রেলের ২৮টি রেল স্টেশন। ২১টি স্টেশন পশ্চিমবঙ্গে। ৫টি স্টেশন বিহার এবং ২টি স্টেশন ঝাড়খণ্ডে। ২৮টি রেল স্টেশন পুনর্নির্মাণ করতে প্রায় ১১৮৭ কোটি টাকা লাগবে। দ্বিতীয় বৃহৎ পরিকল্পনা। ৬৪.২ কোটি টাকা বর্ধমান রেল স্টেশনের জন্য। মালদা স্টেশনের জন্য ৪৩.০ কোটি টাকা। রামপুরহাট জং স্টেশনের জন্য ৩৮.৬ কোটি টাকা এবং কাটোয়া জং এর জন্য ৩৩.৬ কোটি টাকা। আসানসোল স্টেশনকে ঢেলে নতুন করে সাজানো হবে। ৩৩০০০ স্কোয়ার মিটার এলাকা নিয়ে। পাশে বিমান বন্দর থকবে বিমান ওঠা ও নামার। ১৮টি এস্কেলেটর, ২০টি নতুন লিফট, ১৩২০ স্কোয়ার মিটার জুড়ে কাজ হবে। গ্রীন অঞ্চল থাকবে। যাত্রীদের থাকার এবং চলার সুব্যবস্থার বন্দোবস্ত করা হবে।

ডাকাতির আগেই ধৃত দুই জয়নগরে

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ৪ আগস্টঃ ডাকাতির আগেই জয়নগর থানার নলিকাটার মো। এলাকা থেকে ধৃত ২ জনকে শুক্রবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। বৃহস্পতি বার রাতে গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার পুলিশ টিমের তপরতায় ভেস্তে গেল ডাকাতির ছক।ডাকাতির আগেই হাতে নাতে ধরা ও পড়ে গেল ২জন। নলিকাটার মোড় এলাকা থেকে তাদের গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে জয়নগর থানার পুলিশ বৃহস্পতিবার রাতে। ধৃতরা হলো সাবির উদ্দিন গাজী,বাড়ি জয়নগর থানার নন্দনপুর এলাকায় ও সাকিল সেখ,বাড়ি জয়নগর মজিলপুর পৌরসভার ৬ নং ওয়ার্ডের হাসানপুর এলাকায়। ধৃত দেরকে শুক্রবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

কোন্নগরে সুর সম্রাট কিশোর কুমারের জন্মদিন পালন

দুরন্ত বার্তা, কোন্নগর, ৪ আগস্টঃ শুক্রবার ছিল সুরসম্রাট কিশোর কুমারের ৯৪ তম জন্মদিন। তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপনে অন্যন্য শ্রদ্ধাঞ্জলি কোন্নগরের ডি রতনের। ডি রতন ওরফে রতন দাস প্রতি বছরই কিশোর কুমারের জন্মদিনে নানাবিধ অনুষ্ঠানের আয়োজন করে থাকেন। এবারেও তার অন্যথা হয়নি। সকাল থেকেই গঙ্গা জলে গঙ্গাপূজো অর্থা কিশোরের গানেই কিশোর শ্রদ্ধার্ঘ্য নিবেদন করছেন। চায়ের দোকান থেকে শুরু করে যে কোনো দোকান বাজারে কিশোর গানের ডালি নিয়ে পৌঁছে যাচ্ছেন তিনি। নিজের সুরেলা কণ্ঠের সহযোগিতায় সেই অনন্য সৃষ্টি তিনি ছড়িয়ে দিচ্ছেন। এখানেই শেষ নয় সান্ধ্যকালীন কিশোর স্মরণে জলসারও আয়োজন করেছেন তিনি প্রতিবারের মতোই। বহু সংগীতপ্রেমী তথা কিশোরভক্তদের কথা মাথায় রেখে বহু বছর ধরেই তিনি এই অনুষ্ঠান করে আসছেন। করোনাকালে একবার মাত্র সেই অনুষ্ঠানে ছেদ পড়লেও ২০২২ সাল থেকে আবারও রীতি মেনে এই দিনটি পালিত হয় মহাসমারোহে। শুক্রবার আগামীদিনে কোন্নগরের বুকে কিশোর কুমারের আবক্ষ মূর্তি তৈরীরও ইচ্ছাপ্রকাশ করলেন রতন বাবু।

চারদিনের শিল্প মাস মেলা হয়ে গেল জয়নগরের বহড়ুতে

দুরন্ত বার্তা, জয়নগর, ৪ আগস্ট ঃ চারদিনের শিল্প মাস মেলা শেষ হলো শুক্রবার জয়নগরে। জয়নগর ১ নং ব্লক প্রশাসনের উদ্যোগে গত ১ লা অগাস্ট এই মেলার উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জয়নগর ১ নং বিডিও সত্যজিত বিশ্বাস, যুগ্ম বিডিও মৌমিতা মুখার্জি,যুগ্ম বিডিও তনয় মুখার্জি, বিদায়ী পঞ্চায়েত সমিতির সভাপতি তপন কুমার মন্ডল,অবর স্কুল পরিদর্শক কৃষেন্দু ঘোষ সহ ব্লক প্রশাসনের একাধিক আধিকারিক বৃন্দ। এই মেলার চারদিনে বহু স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা সহ বহু উপভোক্তা অংশ নেন। কিভাবে স্বল্প মূল্যে লোন নিয়ে ব্যবসার পরিধি বা।য়ে তোলা যায় সে দিকে নজর দেওয়া হয় এই মেলার মধ্যে দিয়ে। জয়নগর ১ নং ব্লকের ১২ টি পঞ্চায়েত ও জয়নগর মজিলপুর পৌরসভার ১৪ টি ওয়ার্ডের বহু উপভোক্তা এই মেলায় অংশ নেন।

KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER

ABRIDGED NIT

The **Director General (Roads), KMC** invites tender online percentage rate two bid system for following works:

(1) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/124 (1st Call)
Name of Work: **Seal coating of Sadananda Road in W/83, BR-VIII.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **4,98,852.12** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **60 Days.**

(2) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/125 (1st Call)
Name of Work: **Repairing of small cuts dug by P.U. Agencies at Chetla Road in W/81, BR-X.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **4,92,435.56** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **60 Days.**

(3) NIT No.: KMC/ROADS/NORTH/084/2023-2024 (1st Call)
Name of Work: **Laying seal coat at 22, 23, 24, R.N.C. Road in Ward No. 56, BR- VII.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **1,14,426.82**. Earnest Money: ₹ **2,300.00.** Period of Completion : **20 Days.**

(4) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/122 (1st Call)
Name of Work: **Repairing of road at different places of Regent Estate in W/96, BR-X.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **4,98,904.09** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **60 Days.**

(5) NIT No.: KMC/ROADS/NORTH/078/2023-2024 (1st Call)
Name of Work: **Relaying of Channel including priming and painting from 24 Chaulpatty Road to 43 Chaulpatty Road under BR-III.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **4,34,724.18**. Earnest Money: ₹ **8,700.00.** Period of Completion : **30 Days.**

(6) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/123 (1st Call)
Name of Work: **Resetting of Kerb & channel and seal coat at A.T.M. Road & S.P.M. Road (Both Eastern Flank) under BR-VIII.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **4,98,354.43** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **60 Days.**

(7) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/135 (1st Call)
Name of Work: **Restoration of road surface disturbed by W/S Dept. including potholes at Bidhan Pally, Kamdahari, Gostatola & surrounding areas in Ward No. 111 under BR-XI.** Estimated Cost (incl. GST & CESS): ₹ **2,46,064.02** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **5,000.00.** Period of Completion : **60 Days.**

(8) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/121
Name of Work: **Repairing of potholes and W/S Trenches at Pathak Para Road in Ward No. 132 under BR-XIV.** Estimated Amount (incl. GST & CESS): ₹ **4,97,743.19** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **90 Days.**

(9) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/131
Name of Work: **Repairing of potholes and W/S Trenches at Bidhan Pally & H.L. Sarkar Road in Ward No. 112 & 113 under BR-XI.** Estimated Amount (incl. GST & CESS): ₹ **4,98,968.74** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **90 Days.**

(10) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/120
Name of Work: **Repairing of potholes and W/S Trenches at Kasta Danga Road in Ward No. 127 under BR-XIV.** Estimated Amount (incl. GST & CESS): ₹ **4,96,910.39** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **90 Days.** Last date and time of submission of Bids : **19.08.2023 – 12 Noon.** (For Sl No. 1, 2, 3, 4, 5, 6 & 7), **14.08.2023 – 12 Noon** (For Sl No. 8), **18.08.2023 – 12 Noon** (For Sl No. 9 & 10). The bid forms and other details are available on and from **09.08.2023 (12 Noon)** (For Sl No. 1, 2, 4, 5, 6, 7), **05.08.2023 – 12 Noon** (For Sl No. 8), **08.08.2023 – 12 Noon** (For Sl No. 3, 9 & 10) from the website **https://etender.wb.nic.in** (for Sl No. 1 to 10)

The **Executive Engineer (Water Supply)/BR-XVI, KMC** invites e-tender for the following work:
NIT No.: KMC/WS/JOKA/07/2023-24
Name of Work: **Improvement of existing water supply network by installation of Sluice valve pickup works and its ancillary work at Khan Md. Khalpar Jadav Ghosh Road, Saheb Bagan & Talpukur Road Crossing in Ward No. 126 BR-XVI** Estimated cost of work: ₹ **2,65,892.56.** Earnest Money: ₹ **5,318.00.** Period of Completion : **18 Days.** Last date of submission of Bid **: 21.08.2023 –11 AM.** Tender will be opened on **23.08.2023 – 1 PM.** The bid forms and other details are available on and from **12.08.2023 (11 AM)** from the website **https://wbtenders.gov.in**

533/23-24

বৃষ্টির ঘাটতি মিটল না দক্ষিণবঙ্গে

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্ট ঃ বৃষ্টির ঘাটতি মিটল না দক্ষিণবঙ্গে, তবে নিম্নচাপের বৃষ্টিতে কিছুটা হলেও মুখে হাসি ফুটেছে ধানচাষিদের। সেই আনন্দ অবশ্য সাময়িকের জন্যই। কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ফের চড়বে তাপমাত্রার পারদ, থাকবে আর্দ্রতার অস্বস্তিও, এমনই পূর্বাভাস আলিপুর আবহাওয়া দফতরের। শুক্রবার থেকে দক্ষিণবঙ্গের আবহাওয়ার অনেকটাই পরিবর্তন হতে চলেছে। বৃষ্টিও থেমে গিয়েছে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী ৩-৪ দিনে বাড়বে তাপমাত্রার পারদ, ২-৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত তাপমাত্রা বাড়তে পারে। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি। আবহবিদরা জানিয়েছেন, বাতাসে রয়েছে জলীয় বাষ্প, তাই আর্দ্রতা জনিত অস্বস্তিও বজায় থাকবে।

হুগলির গোঘাটে বাড়ির দেওয়াল চাপা পড়ে গুরুতর আহত হলেন এক দম্পতি

দুরন্ত বার্তা, গোঘাট হুগলি, ৪ আগস্ট ঃ বাড়ির দেওয়াল চাপা পড়ে গুরুতর আহত হলেন এক দম্পতি। ঘটনাটি ঘটেছে হুগলির গোঘাটের নকুন্ডা এলাকায়। আহতরা হলেন কালিপদ পোড়েল এবং শিবানী পোড়েল। জানা গেছে ভগ্নপ্রায় ওই বাড়িটিতেই থাকতেন কালিপদ বাবু এবং তার পরিবারের সদস্যরা। শুক্রবার হঠাই বাড়ির একটি দেওয়াল হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। আর তখনই ওই দুজনে চাপা পড়ে যায়। স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে গিয়ে তাদেরকে উদ্ধার করে। স্থানীয় সূত্রে জানা যায়, হঠাই কালিপদ বাবুর বাড়িতে বিকট শব্দের আওয়াজ শুনতে পাওয়া যায়। তড়িঘড়ি ছুটে গিয়ে দেখা যায় তাঁর মাটির বাড়িটি হুড়মুড়িয়ে ভেঙে পড়েছে। বাড়িতে থাকা কালিপদ বাবু ও তার স্ত্রী চিৎকার করতে থাকেন। এলাকার সকলেই ভাঙা বাড়ি থেকে তাদেরকে উদ্ধার করে। ঘটনায় আহত দুজনেই।

স্থানীয়রাই তাদের উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতাল নিয়ে. যায়। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। পরিবার সূত্রে জানা যায়, শুক্রবার বাড়ির মধ্যেই প্রত্যেকেই ছিল। কিন্তু মাটির বাড়ি দেওয়ালটি যেখানে ভেঙে পড়ে ঠিক সেখানেই ছিলেন ঐ দম্পতি। ঘটনা জেরে সদস্যরা বাইরে বেরিয়ে এলেও কালিপদ এবং তার স্ত্রী শিবানী পোড়েল বের হতে পারেননি। দেওয়াল ভাঙার সঙ্গে সঙ্গে তাদের উপর ভেঙে পড়ে প্রায় গোটাবাড়ি। বর্তমানে আহত দম্পতি হাসপাতালে চিকিৎসাধীন।

MIHIKA INDUSTRIES LIMITED
CIN: L70101WB1983PLC035638
Regd. Off.: 3, Bentinck Street (2nd Floor) Kolkata-700001,
Ph No:(033) 2210 0875,
e-mail: mihikaindustries@gmail.com, Website: www.mihika.co.in

UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Year Ended
		30-June 2023	31-March 2023	30-June 2022	31-March 2023
		Unaudited	Audited	Unaudited	Audited
1	Total Income	23.40	3.61	34.03	126.78
2	Net Profit/ (Loss) for the period before Tax	3.39	(314.49)	7.17	(324.14)
3	Net Profit/ (Loss) for the period after tax	2.51	(233.73)	5.31	(241.54)
4	Total Comprehensive Income for the period [comprising profit/(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	2.51	(233.73)	5.31	(241.54)
5	Equity Share Capital	1000.00	1000.00	1000.00	1000.00
6	Other Equity	-	-	-	1165.21
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each) (for continuing and discontinuing operations) 1.Basic(Rs.)	0.03	(2.34)	0.05	(2.42)
	2.Diluted(Rs.)	0.03	(2.34)	0.05	(2.42)

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI(Listing Obligations and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.bseindia.com and on the Company's website at www.mihika.co.in

For **Mihika Industries Limited**
Manoj Sethia
Chairman
(DIN: 00585491)

Place : Kolkata
Date: August 04, 2023

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ দৈনিক ২৪৬ শনিবার, ১৯ শ্রাবণ, ১৪৩০

হিজাব ফাঁসে মেয়েরা

ভারতের প্রধানমন্ত্রী মোদি এখন ভারতের মুসলিম মহিলাদের স্বাধীন করার ওপরে বেশি করে জোর দিয়েছেন। শিক্ষা দীক্ষায় মুসলিম মহিলারা যাতে এগিয়ে আসে তার দিকে নজর দিতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। তারা এখন মুসলিম মহিলাদের হাতে রাখি বন্ধন করে তাদের সামাজিক সমস্যাকে মোচন করার কথা নিয়ে ভাবনা চিন্তা করতে শুরু করে দিয়েছে। ভারতের হিজাব নিয়ে বিতর্ক রয়েছে। যদিও আদালত থেকে বলা হয়েছে শিক্ষা প্রতিষ্ঠানের পোশাক পরে সবাইকে আসতে হবে। সেখানে কোনও কারোর ইচ্ছা মতো পোশাক পরা চলবে না। ভারত সরকার যখন ভারতের মহিলাদের সামাজিক এবং ধর্মীয় অসুবিধাকে দূর করার উদ্যোগ গ্রহণ করেছে তখন ইরান সরকার আবার হিজাবের ব্যাপারে কড়া আইন তৈরি করেছে। ইরানে হিজাব নিয়ে বিক্ষোভ তখনই শুরু হয়ে গিয়েছিল। সেখানকার মহিলারা স্বাধীন এবং মুক্ত হয়ে চলাফেরা করার ওপরে জোর দিতে শুরু করে দিয়েছিল। হিজাব পরাটা মহিলাদের ইচ্ছা এবং অনিচ্ছার ওপরে নির্ভর করে। হিজাব পরাটাকে আইন করে বাধ্য করাটা অপরাধ বলে মনে করতে শুরু করে দিয়েছিল ইরানের মহিলারা। হিজাব না পরার অপরাধে মাহসা আমিনিকে পুলিশ গ্রেফতার করে ধরে নিয়ে যায় এবং পুলিশ হেফাজতে তাঁর মৃত্যু হয়েছিল। তা নিয়ে ইরান দেশে উত্তাল শুরু হয়। এর প্রভাব গিয়ে পড়েছিল কাতারের বিশ্বকাপের খেলায়। সেখানে ইরানের ফুটবলাররা জাতীয় সঙ্গীতে গলা মেলায় নি। হিজাব আন্দোলনকে তারা সমর্থন করতে শুরু করে দিয়েছিল। সেই সব খেলোয়াড়দের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করা হুমকি দেওয়ার ফলে বাধ্য হয়ে ইরানের ফুটবল খেলোয়াড়রা জাতীয় সঙ্গীতে গলা মেলায়। এদিকে ইরান ফুটবল খেলোয়াড়দের হিজাব বিরোধিতাকে কেন্দ্র করে একজন মার্কিন সাংবাদিক ছবি এবং এ বিষয়ে সাক্ষাৎকার গ্রহণ করেছিল। সেই সাক্ষাৎকার ছাপাও হয়েছিল। কিন্তু বেশ কিছুদিন পরে দেখতে পাওয়া গিয়েছিল সেই সাংবাদিক কাতারে অসুস্থ হয়ে পড়েছে। এই মার্কিন সাংবাদিক সমকামী আন্দোলনকেও সমর্থন করেছিল। এবারে ইরান সরকার হিজাব আইনকে আরও কঠোর করে দিল। নতুন আইন অনুযায়ী যদি কেউ হিজাব না পরে তাকে দশ বছর কারাদণ্ড হতে পারে এবং ভারতীয় মুদ্রায় সাত লক্ষ টাকা জরিমানা দিতে হবে। ইসলামিক দণ্ডবিধি ৩৬৮ ধারাকে হিজাব আইন বলা হয়। আগেও হিজাব না পরলে এই আইন ধরে শাস্তি পেতে হতো। তখন দশদিন বা দুই মাস পর্যন্ত জেল হতো এবং ভারতীয় মুদ্রা ৯৭ থেকে ৯৭৭ টাকা পর্যন্ত জরিমানা দিতে হতো। এবারে কারাদণ্ডের মেয়াদ বৃদ্ধি করা হলো। দুই সপ্তাহ ধরে পুলিশের টহলদারি বৃদ্ধি পেয়েছে সারা দেশ জুড়ে। নীতি পুলিশ সব দিকে নজর রাখতে শুরু করেছে। মেয়েদের হিজাব পরা বাধ্যতামূলক করা হয়েছে। জনসমক্ষে যারা যথাযথভাবে মাথা ঢাকবে না তাদেরকে শাস্তি দেওয়া হবে। আইন না মানলে পুনর্শিক্ষা দেওয়া হবে। শুধু হিজাব পরাই নয়, সতীত্ব রক্ষা করতে হবে। চারিত্রিক শুদ্ধতা বজায় না রাখতে পারলে শাস্তি পেতে হবে। যথাযথভাবে মাথা ঢাকা না থাকলে তাকে অপরাধ বলে গণ্য করা হবে। কোনও সেলিব্রেটি যদি এই আইন ভঙ্গ করেন তাহলে তাঁর সম্পত্তির দশ ভাগের এক ভাগ সরকারকে দিতে হবে জরিমানা বাবদ। একটি নির্দিষ্ট সময়কাল পর্যন্ত সে কাজ করতে পারবে না। আন্তর্জাতিক সফর করতে পারবে না। সোশ্যাল মিডিয়া ব্যবহার করতে পারবে না। কোনও ব্যবসায়ী দফতর যদি তাঁর মহিলা কর্মীদের হিজাব পরার ওপরে ছাড় দেয় তাহলে সেই কোম্পানিকে তিন মাসের লভ্যাংশ জরিমানা দিতে হবে। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, পার্ক, প্রশাসনিক দফতর, পর্যটন কেন্দ্র এমনকী হাসপাতালেও হিজাব পরাকে বৈধতা দিতে হবে। নারী পুরুষ ভাগ করে থাকতে হবে। আধুনিক যুগে যখন ভারতের প্রধানমন্ত্রী মুসলিম মহিলাদের ওপরে সামাজিক অত্যাচার থেকে মুক্ত করার কথা ভাবতে শুরু করে দিয়েছে তখন ইরান হিজাব পরটাকে আইন স্বীকৃতি দিতে শুরু করে দিয়েছে। মহিলাদের ওপরে আইনী হস্তক্ষেপ করার মতো জোরজবরদস্তি ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে বলে মনে করতে শুরু করে দিয়েছে সমাজ বিজ্ঞানীরা। বিজ্ঞান যত সামনের দিকে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে ধর্ম ততই মানুষকে পিছনের দিকে ঠেলে নিয়ে যেতে চেষ্টা করছে।

নয়াদিল্লিতে বিদেশি প্রতিনিধিরা

ভারতের জি-২০ সম্মেলনকে সফল করতে ভারত সরকার তৎপর হতে শুরু করে দিয়েছে। বিদেশি রাষ্ট্র প্রধানরা এসে পড়বেন। তাদের সঙ্গে কূটনৈতিক স্তরে কী কী আলোচনা হতে পারে তা নিয়ে একটি আলোচ্যসূচি তৈরি করা হয়েছে। সেই আলোচ্য সূচি ধরেই আলোচনা এগিয়ে চলতে থাকবে। কানাডার প্রধানমন্ত্রী থেকে শুরু করে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন এবং রাশিয়ার বিদেশমন্ত্রী এবং চিনের প্রেসিডেন্ট শিং জিনপিং উপস্থিত থাকবেন বলে জানতে পারা গিয়েছে। ইউক্রেনের কোনও প্রতিনিধি থাকছে না বলে জানতে পারা গিয়েছে। তবে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের আসার ব্যাপারে কোন সবুজ সঙ্কেত এখনও পাওয়া যায়নি। তিনি না আসলে রাশিয়ার বিদেশমন্ত্রী এসে উপস্থিত হবেন বলে জানতে পারা গিয়েছে। বিদেশি অতিথিদের থাকার এবং সম্মেলন তৈরি করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে ভারত সরকার। তবে কী কী উপস্থিত বিদেশি সাংবাদিকেরা ভারত সরকারের প্রতিনিধিকে প্রশ্ন করতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা ইতিমধ্যে হয়েছে। রাশিয়ার কাছ থেকে অপরিশোধিত তেল কেনা নিয়ে তারা প্রশ্ন রাখতে পারে। রাশিয়া ইউক্রেনে মানবাধিরাকে লঙ্ঘন করতে শুরু করে দিয়েছে। সেখানে যুদ্ধকে বজায় রেখে বিশ্বের সমস্যা সৃষ্টি করছে। রাশিয়ার কাছ থেকে তেল কিনে তাদেরকে আর্থিক সাহায্য দান করাটাকে অপরাধ বলে গ্রহণ করতে শুরু করে দিয়েছে নেটো ভুক্ত দেশগুলি। ভারত যাতে রাশিয়ার কাছ থেকে তেল না কেনে তার জন্যই চাপ সৃষ্টি করার পরিকল্পনা গ্রহণ করেছে শক্তিশালী আমেরিকা সহ ইউরোপের দেশগুলি। তারা রাশিয়ার সঙ্গে নিষেধাজ্ঞা জারি করলেও বারত কিন্তু এই সব নিষেধাজ্ঞার বিপক্ষে সায় দিয়েছে। ফলে শক্তিশালী রাষ্ট্র নেতারা ভারতের ওপরে ক্ষুব্ধ। এই দিকে আলোকপাত করতে ভারতে অনুষ্ঠিত জি-২০ সম্মেলনে প্রতিনিধি পাঠিয়ে এই বক্তব্যের ওপরে জোর দিতে থাকবে। এই অবস্থাকে সামাল দিতে ভারত ইতিমধ্যে এক প্রস্ত আলোচনা সেরে রেখেছে। ভারত জ্বালানি এবং তেল সমস্যা সহ বহু সমস্যা নিয়ে আফ্রিকা, এশিয়া এবং লাতিন আমেরিকার দেশগুলির প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে নিয়েছে। যাতে করে ভারতের ওপরে এই বিষয়ে কোনও অতিরিক্ত চাপ সৃষ্টি না করতে পারে ইউরোপের গোষ্ঠীগুলি।

ঠাকুর অনুকুলচন্দ্র বাণী

অন্য কে কি করল দেখবি না, নিজের দিকে চাইবি, আর জানবি যত সব বাণী। নিয়মকানুন সব অন্যের জন্য নয়, তোর নিজের জন্য। তাই সবার আগে নিজেকে ঠিক করবি।

কালী সাধক বামাক্ষ্যাপা

তারাপীঠ হচ্ছে তন্ত্র সাধনার পীঠস্থান। সেখানে সাধক বামাক্ষ্যাপা তন্ত্র সাধক ছিলেন। তারাপীঠ এক সময়ে গভীর জঙ্গলে পরিণত ছিল। ভয়ে সেকানে কোনও লোকেরা যেত না। সাধক বামাক্ষ্যাপা সেখানে থাকতেন তন্ত্র সাধনা করতে। শব সাধনা করতেন। তিনি পরে তন্ত্র সাধনার পথকে ত্যাগ করে কালী মায়ের একনিষ্ঠ ভক্ত হলেন। মা কালীর পরম ভক্ত হয়ে গেলেন। মানব শক্তির দ্বারা নিজেকে পরিচালিত করে আপন অধিকার সঞ্চয় করতে হবে। মানব শক্তি হচ্ছে এই জগতের সবচেয়ে বড় শক্তি। এই শক্তিকে মানব সেবার কাজে ব্যবহার করতে হবে। মানুষের বিপদের সময়ে গিয়ে পাশে দাঁড়াতে হবে। নিজের মনকে সম্পদশালী করতে হবে।

স্বাধীনতা প্রেমিক বিজ্ঞানী আচার্য প্রফুল্লচন্দ্র রায়

রবীন্দ্রকুমার শীল

স্বাধীনতা প্রেমিক বিজ্ঞানী আচার্য প্রফুল্লচন্দ্র রায় এর ১৬৩ তম জন্মদিন। তাঁকে শ্রদ্ধা নিবেদন করে আজকের প্রতিবেদন)

১৮৬১ সাল। বাংলার দুই বিখ্যাত ব্যক্তির জন্ম সাল। রবীন্দ্রনাথ এবং প্রফুল্লচন্দ্র। একজন এপার বাংলায়। আর একজন ওপার বাংলায়। বাংলার দুই মনীষী স্বদেশি চিন্তায় ব্যস্ত ছিলেন। কবিগুরু বহু স্বদেশ পর্যায়ে সঙ্গীত, কবিতা এবং গল্প রচনা করেছেন। আর আচার্য প্রফুল্লচন্দ্র রায় স্বদেশি চিন্তায় প্রভাবিত হয়ে বিজ্ঞানের প্রসার ঘটিয়েছেন। সাম্রাজ্যবাদের বেড়া ভেঙে দেশাত্মবোধ এবং জাতীয়তাবাদের উদ্দীপ্ত হয়ে দেশ ও দশের সেবার কাজে জীবনকে উৎসর্গ করেছিলেন। আচার্য প্রফুল্লচন্দ্র রায় জন্ম গ্রহণ করেছিলেন ১৮৬১ সালের ২ আগস্ট। পিতার নাম হরিশচন্দ্র রায়। মাতার নাম ভুবনমোহনী দেবী। অন্নপ্রাশনের সময়ে তাঁর নাম রাখা হয়েছিল প্রফুল্লচন্দ্র। সবাই তাঁকে সংক্ষেপে ফুলু বলে ডাকতো। কপোতাক্ষ নদের তীরে যশোর-খুলনা রাড়ুলি গ্রাম। এখানেই জন্ম গ্রহণ করেছিলেন বিজ্ঞানী আচার্যদেব রায়। এই নদের অন্য তীরে জন্ম গ্রহণ করেছিলেন কবি মাইকেল মধুসূদন দত্ত। মধুসূদন এবং প্রফুল্লের জন্মকালের ব্যবধান ছিল পংয়ত্রিশ বছর। রাড়ুলি ছিল মাইকেলের মামার বাড়ি। সাগরদাঁড়ি থেকে রাড়ুলি প্রায় দশ কিলোমিটারের পথ। ১৮৭০ সালে গ্রামের স্কুলের পড়া শেষ করে প্রফুল্ল পিতার সঙ্গে কলকাতায় এসেছিলেন পড়াশুনা করতে। ১৮৭১ সালে তিনি হেয়ার স্কুলে ভর্তি হলেন। সঙ্গে তাঁর বড় ভাই জ্ঞানেন্দ্রচন্দ্রকে ভর্তি করা হয়েছিলেন। গিরিশচন্দ্র ঘোষ ছিলেন তখন হেয়ার স্কুলে প্রধান শিক্ষক। যখন তিনি চর্তুথ শ্রেণিতে পড়ছেন তখন তাঁর শরীর খারাপ হলে তিনি স্কুল ত্যাগ করেন। ১৮৭৪ সালে তিনি কলকাতা ছেড়ে গ্রামে উপস্থিত হলেন। ১৮৭৬ সালে সুস্থ হয়ে কলকাতায় এসেই ব্রাহ্ম সমাজের নেতা কেশবচন্দ্র সেনের প্রতিষ্ঠিত অ্যালবার্ট স্কুলে ভর্তি হলেন। সেই স্কুল থেকেই তিনি প্রবেশিকা পরীক্ষায় পাশ করলেন। বিদ্যাসাগরের প্রতিষ্ঠিত স্কুল মেট্রোপলিটন স্কুলে এফ.এ ক্লাসে ভর্তি হন। ১৮৮১ সালে তিনি প্রেসিডেন্সি কলেজে ভর্তি হলেন। ইংল্যাণ্ডের অডিনবার্গ বিশ্ববিদ্যালয় থেকে বৃত্তি পেয়েছিলেন। তখন স্টেটসম্যান পত্রিকায় লেখা হয়েছিল যে ভারতে দুইজন গিলক্রাইস্ট বৃত্তি লাভ করেছেন। একজন মুম্বই নিবাসী পারসি ছাত্র বাহাদুরজি এবং অপরজন হলেন কলকাতার প্রফুল্লচন্দ্র। বৃত্তি লাভ করেই তিনি বিলাতে গিয়েছিলেন পড়াশুনা করতে। সেখানে তখন ছিলেন ভারতের আর একজন বিখ্যাত বিজ্ঞানী আচার্য জগদীশচন্দ্র বোস। প্রফুল্লচন্দ্র এর দুই বছর আগেই জগদীশচন্দ্র বিলাতে গিয়েছিলেন পড়াশুনা করতে। প্রফুল্লকে স্বাগত জানাতে সেদিন লণ্ডনের ফেনচার্চ স্ট্রিট স্টেশনে উপস্থিত ছিলেন জগদীশচন্দ্র। লণ্ডন থেকে অডিনবার্গ বিশ্ববিদ্যালয় ৪০০ মাইল দূরে। প্রফুল্লচন্দ্র বিএসসিতে ভর্তি হলেন। ১৮৮৬ সালে তিনি বিএসসি পাশ করলেন। এবারে তিনি এই বিশ্ববিদ্যালয় থেকে গবেষণা কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। প্রফুল্লচন্দ্রের আগে এই বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট পেয়েছিলেন সরোজিনী নাইডুর পিতা অঘোরনাথ চট্টোপাধ্যায়। প্রফুল্লচন্দ্রের গবেষণার

শিরোনাম ছিল 'অন পিরিয়ডিক ক্ল্যাসিফিকেশন অব এলিমেন্টস'। ১৮৮৭ সালে তিনি ডক্টরেট পেলেন সঙ্গে পেলেন হোপ পুরস্কারসহ দুটি স্কলারশিপ। এই বিশ্ববিদ্যালয়ে কেমিক্যাল সোসাইটি ছিল। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্নন্ন বিজ্ঞানী ক্র্যামব্রাউন এই সোসাইটির সভাপতি ছিলেন। নিজের যোগ্য দিয়ে এই সোসাইটির সহ সভাপতি হলেন প্রফুল্লচন্দ্র রায়। তাঁর নাম বিলাতের সর্বত্র ছড়িয়ে পড়েছিল। ভারতবর্ষ তখন পরাধীন। সেই সময়ে এডিনবরা বিশ্ববিদ্যালয়ে একটি প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। বিশ্ববিদ্যালয়ের রেক্টর 'সিপাহী বিদ্রোহের আগে এবং পরে ভারতবর্ষ' সম্পর্কে একটি প্রবন্ধ লেখার বিষয় পচ্ছন্দ করেছিলেন। সেখানে প্রফুল্লচন্দ্র ব্রিটিশ শাসকদের তীব্র নিন্দা করেছেন। প্রবন্ধটি পুরস্কার লাভ করেনি। কিন্তু একটি মন্তব্য লাভ তিনি করেছিলেন 'ব্রিটিশ শাসন বিষয়ে এই লেখক তীব্র কটূক্তি করেছেন'। বিখ্যাত রসায়নবিদ প্রফুল্লচন্দ্রের গায়ে ব্রিটশ বিরোধী এবং দেশপ্রেমিকের লেবেল এঁটে দেওয়া হল।

১৮৮৮ সালে স্বদেশে ফিরলেন প্রফুল্লচন্দ্র। প্রফুল্লচন্দ্র রায় কলকাতার প্রেসিডেন্সি কলেজে সহকারী অধ্যাপকের কাজে যোগদান করলেন মাত্র ২৫০ টাকার মাইনেতে। বেকার থাকার সময়ে প্রফুল্লচন্দ্রে দিন কাটতো জগদীশ চন্দ্র বোস এবং তাঁর স্ত্রী অবলা বসুর আতিথ্যে। প্রফুল্লচন্দ্র প্রেসিডেন্সি বিশ্ববিদালয়ের পরীক্ষাগারে 'মারকিউরাস নাইট্রেইট' আবিষ্কার করে ফেললেন। তিনি দুই খণ্ড ' এ হিস্ট্রি অব হিন্দু কেমিস্ট্রি' বই রচনা করেন। ভারতবর্ষে অতীতে যে রসায়ন শাস্ত্রের চর্চা ছিল তা তিনি বিস্তারিতভাবে তথ্য দিয়ে বই লিখতে শুরু করে দিয়েছিলেন। বৈদিক যুগ থেকে শুরু করে ক্রান্তিকাল,তান্ত্রিক পর্যায় এবং ওষধি বিজ্ঞানের যুগ পর্যন্ত অনুসন্ধান করে তাঁর এই রসায়ন বইটি রচিত। ভারতের বিভিন্ন গাছ থেকে ঔষুধি লাভ থেকে শুরু করে ধাতু নিষ্কাষণের মধ্যে দিয়ে যে সব চিকিৎসাবিদ্যা এবং ধাতুবিদ্যার উন্নতি লাভ করেছিল তা নিয়ে বিস্তারিতভাবে লেখা। আচার্য প্রফুল্ল চন্দ্র রায় খুবই স্পষ্টবাদী বিজ্ঞানী ছিলেন। বিজ্ঞান সত্যকে প্রকাশ করে থাকে। সেই কারণে তাঁর প্রতিটি লেখার মধ্যে সত্যের প্রকাশ আমরা দেখতে পাই। তিনি কারোর কাছে মাথা নত করার ব্যক্তি ছিলেন না। তিনি লিখেছেন, '' যে দেশে সুশ্রুত বলিয়াছিলেন- শব ব্যবচ্ছেদ ভিন্ন চিকিৎসাবিদ্যা শিক্ষা করা অসম্ভব। সেই দেশে শব স্পর্শ করা নিষিদ্ধ হইয়া গেল।' আমরা প্রত্যেকেই জানি যে মধুসূদন গুপ্ত কলকাতার মেডিকেল কলেজে প্রথম শব ব্যবচ্ছেদ করেছিলেন। তার ফলে তিনি ধর্মচ্যুত হন। পরে তিনি খ্রিস্টান ধর্ম গ্রহণ করেছিলেন। প্রফুল্লচন্দ্র বাঙালি জাতি সম্পর্কে উপলব্ধি করে লিখছেন, '' শ্রমবিমুখতাই আমাদের সর্বনাশের মূল। কোনো কাজ করিব না, হাত-পা শুটাইয়া বসিয়া থাকিব বা আরাম -চেয়ারে শুইয়া কেবল অন্যের সমালোচনা করিব। অথচ দেশকে অগ্রসর করাইব। আমরা আজকাল 'বাঙালি জাতি' বলিয়া চিৎকার করিতে আরম্ভ করিয়াছি; কিন্তু জাতি-গঠনের জন্য যে কত মালমশলা ও উপকরণ দরকার তাহা একেবারে ভুলিয়া গিয়াছি। অস্পৃশ্যতারূপ পাপ বক্ষে ধারন করিয়া, আজ কয়েক শত বৎসর ধরিয়া তাহার জন্য কি প্রায়শ্চিত করিতে হইতেছে, ভাবিয়া দেখা যাক।'' ১৮৯২ সালে 'বেঙ্গল কেমিক্যাল অ্যাণ্ড ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস' প্রতিষ্ঠা করেন তাঁর বন্ধু অমূল্যচরণ বসুকে সঙ্গে নিয়ে। ১৯০১ সালে ১২ এপ্রিল তিনি বেঙ্গল কেমিক্যাল লিমিটেড কোম্পানি পরিণত করেছিলেন। তিন বছর ধরে ভেজাল ঘি এবং তেল নিয়ে গবেষণা করেছিলেন যা কলকাতার এশিয়াটিক সোসাইটির জার্নালে প্রকাশিত হয় ১৮৯৪ সালে (খণ্ড ৫৯, সংখ্যা ৬৩)। এছাড়াও আর বহু গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছিল এশিয়াটিক সোসাইটির জার্নালে। রাজনীতিবিদ গোপালকৃষ্ণ গোখলের সঙ্গে তাঁর পরিচয় ছিল আন্তরিক। মহাত্মা গান্ধির সঙ্গে তিনি স্বদেশি বিজ্ঞান ভাবনা নিয়ে বিশদে আলোচনা করেছিলেন। ১৫ জুন ১৯১২ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের একটি চিঠি পান। সেখানে রাজা বাজার সায়েন্স কলেজের প্রধান অধ্যাপক হিসাবে যোগ দেওয়ার আহ্বান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁকে সম্মানিক ডক্টরেট প্রদান করে। ১৯৩৮ সলে তিনি 'ইণ্ডিয়ান কেমিক্যাল ম্যানুফ্যাকচারার অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা করেন এবং সভাপতি নির্বাচিত হন। ১৯৪৪ সালে ১৬ জুন তিনি প্রয়াত হন।

লোকসভার নির্বাচন নিয়ে তর্জা মুখ্যমন্ত্রী ও বিরোধী দল নেতার

২০২৪ সালে লোকসভার নির্বাচন। এখন থেকেই তার প্রস্তুতি গ্রহণ করা শুরু হয়েছে। সুেরু হয়েছে রাজনৈতিক তর্জা। ভোটের পারদ ক্রমশ চড়তে শুরু করেছে। এবারে ইণ্ডিয়া জোটের অন্যতম সদস্যা তৃণমূল কংগ্রেসের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বৈদ্যুতিন যন্ত্রে (ইভিএম মেসিন) কারচুপি করার প্রস্তুতি গ্রহণ করছে বিজেপি দল বলে সরব হয়েছেন। এই ধরনের মন্তব্য করতেই বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী বলেছেন, ভোট চুরিতে যিনি মাস্টার ডিগ্রি লাভ করেছেন তাঁর মুখে এমন কথা শোভা পায় না। নবান্নে একটি সরকারি অনুষ্ঠানের মধ্যে দিয়ে শুভ উদ্বোধন করতে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন যে বিজেপির পরিকল্পনা এখন থেকেই শুরু হয়ে গিয়েছে। ইভিএম মেসিন হ্যাক করার কৌশল গ্রহণ করতে শুরু করেছে বিজেপি দলের নেতারা। তৃণমূল কংগ্রেস এই সব তথ্য পেয়েছে তা নিয়ে খোঁজ খবর নেওয়া শুরু করেছে। এ ব্যাপারে জোট ইণ্ডিয়ার সদস্যদের সঙ্গে কথা হবে। সেখানেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কী করে এই হ্যাক রুখে দেওয়া যেতে পারে সে ব্যাপারে আলোচনা করা হবে ইণ্ডিয়া সদ্যসদের মধ্যে। ৩১ আগস্ট এবং ১ সেপ্টেম্বর মুম্বইতে ইণ্ডিয়া জোটের বৈঠক। মুখ্যমন্ত্রী এদিন বলেন যে বিজেপির অভিধানে সন্ত্রাস লেখা রয়েছে। তারা সংবিধান মানে না। এদিকে কংগ্রেস দলের একজন নেতা বলেছেন মণিপুর থেকে শুরু করে হরিয়ানা জ্বলতে শুরু করে দিয়েছে। বিজেপি সরকার মানেই হচ্ছে আগুন। বিজেপি দল আগুন নিয়ে খেলতে খুবই ভালোবাসে। এদিকে বিজেপি দলের নেতারা বলেছেন যে তারা এবারে মুসলিম মহিলা ভোট দিয়ে লোকসভা নির্বাচনে জয়লাভ করবে। মুসলিম মহিলাদের স্বাধীনতাকে ফিরিয়ে দিতে হবে। মুসলিম মহিলারা বিপদের মুখে পড়ে রয়েছে। তাদেরকে উদ্ধার করতে বিজেপি সরকার বদ্ধ পরিকর। তৃণমূল কংগ্রেস মৌলবীদের তোয়াজ করছে। কিন্তু সেখানে মুসলিম মহিলাদের মুক্তি হচ্ছে না। তারা শোষিত হচ্ছে। জোর করে বাধ্য করানো হচ্ছে। এই সব অন্যায়কে সহ্য করবে না বিজেপি দল। মুসলিম মহিলাদের স্বাধীনতাকে ফিরিয়ে দিতে বধ্য পরিকর বিজেপি দল। সেই কারণে অভিন্ন দেওয়ানি আইন চালু করবে বিজেপি। এদিকে দুর্গাপুর থেকে বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী বলেছেন যে শুনতে পেলাম মুখ্যমন্ত্রী নাকি বলেছেন এনডিএ ইভিএম হ্যাক করার পরিকল্পনা গ্রহণ করেছে বিজেপি দল। ভোট চুরিতে তো তিনি তো মাস্টার ডিগ্রি লাভ করেছেন। ভিভিপ্যাট ছাড়া আসানসোলসহ রাজ্যের একশোর বেশি পুরসভায় আসন লাভ করেছেন। ইভিএম মেসিনের সঙ্গে ভিভিপ্যাট লাগিয়ে তিনি নিজের সততা প্রমাণ করুন। শুভেন্দু বলেছেন যে আসানসোলে ২০২২ সালের পুরসভার ভোটে বিজেপি পাঁচ ছয়টি আসনে জয়লাভ করেছিল। দু মাসের মধ্যে লোকসভায় কেন্দ্রের উপনির্বাচনের সময়ে যখন কেন্দ্রীয় বাহিনী এবং ভিভিপ্যাট সহ ভোট হয় তখন ১০৬টি মধ্যে ৫৪ থেকে ৫৬টি ওয়ার্ডে এগিয়ে ছিল। আর এবার পঞ্চায়েত নির্বাচনে ব্যালট লুট থেকে শুরু করে কোনও কিছুই বাদ দেয়নি শাসক দল। সেই সূত্র ধরে বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী পাল্টা বলতে শুরু করে দিয়েছেন যে এখন ওরা প্রাকটিশ করছে কী করে লোকসভার নির্বাচনে ইভিএম খাওয়া যায়। তারই প্রশিক্ষণ শুরু করে দিয়েছে দলের উপদেষ্টারা। এদের মুখ থেকে শুনতে হবে কীভাবে হ্যাক করা যায় ইভিএম মেশিন। ভারতবর্ষে কোনও পাগল নেই যারা দেশটাকে মোদির হাত থেকে নিয়ে কোনও একজন উন্মাদের হাতে তুলে দেবে। মুখ্যমন্ত্রী অভিযোগ করতে শুরু করে দিয়েছেন যে দলিত, আদিবাসী এবং সংখ্যালঘুদের ওপরে অত্যাচার করতে শুরু করে দিয়েছে বিজেপি দল। সেই কারণে ওরা হিংসার আশ্রয় গ্রহণ করতে শুরু করে দিয়েছে। গেরুয়াধারী হতে হবে সবাইকে। গেরুয়া রংকে আমরা সকলেই পচ্ছন্দ করি। মনে রাখা উচিত গেরুয়া রংটা হচ্ছে ত্যাগের প্রতীক। ওটা হিংসার প্রতীক নয়। এদিকে বিজেপি দলের একজন নেতা বলেছেন যে বিজেপি দল ত্যাগ করতে জানে। তারা কিন্তু লুঠ করতে জানে না। চাকুরি তো টাকা নিয়ে লুঠ করা হয়েছে। পশ্চিমবঙ্গে সরকারি চাকরি দেওয়া হয়েছে টাকা গ্রহণ করে। শিক্ষা ব্যবস্থা ব্যাপক দুর্নীতি। সেই সব দুর্নীতি ফাঁস হতে শুরু করে দিয়েছে। গোরু পাচার থেকে শুরু করে কয়লা পাচার কোনও কিছুই পাচার হওয়াকে বাদ দেয়নি তৃণমূল কংগ্রেসের নেতারা। মুখ্যমন্ত্রী সব কিছুই জানেন। তিনি এখন না জানার ভান করতে শুরু করে দিয়েছেন। তৃণমূল কংগ্রেস দুর্নীতিগ্রস্ত দলে পরিণত হয়েছে। সেই দল নেত্রী কিনা বলছেন বিজেপি দল ইভিএম মেসিন হ্যাক করা চেষ্টা করা হচ্ছে। যারা পঞ্চায়েত নির্বাচনে মানুষের রক্ত খেয়েছে তারাই আবার সেই মুখ দিয়ে মানবতাবাদের কথা বলতে শুরু করে দিয়েছে। সত্যি সেলুকাস কি বিচিত্র এই দেশ। এদিকে তৃণমূল কংগ্রেসের একজন নেতা বলেছেন বিজেপি যদি সাচ্চা হয় তাহলে কেন ললিত মোদি, নিরব মোদি, বিজয় মালিয়ারা ব্যাঙ্কের কোটি কোটি টাকা লুট করে বিদেশে বসে রয়েছে? তাদেরকে কেন স্বদেশে ফিরিয়ে নিয়ে আসা হচ্ছে না? কেন তারা এখনও আদালতের সমানে উপস্থিত হচ্ছে না। নিজের মাতৃভূমিতে আসতে কেন তাদের এত ভয় হচ্ছে? এনডিএ দল এখন মুখোশ পড়ে রয়েছে। তারা গোপনে গোপনে টাকা নয়ছয় করতে শুরু করে দিয়েছে। মরছে সাধারণ মানুষ। অথচ সাধারণ মানুষদের দেখভাল করার দায়িত্ব এবং প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসেছে বিজেপি দল। তারা এখন গরিবদের ত্যাগ করে শিল্পপতিদের পাশে নিয়ে চলাফেরা করছে। এদিকে বিজেপি দলের একজন নেতা বলেছেন যে যেসব শিল্পপতিদের সঙ্গে বিজেপি দলের যোগ রয়েছেন তাঁরা সবাই ভারতীয়। ভারতের আর্থিক উন্নতি করার জন্য তারা পরিকল্পনা গ্রহণ করছে এবং বিভিন্ন স্থানে কলকারখানা নির্মাণ করছে। শিল্পপতিরা পশ্চিমবঙ্গে শিল্প গড়তে গেলে হেনস্থা হন। সেই কারণে শিল্পপতিদের পশ্চিমবঙ্গে শিল্প গড়ার দিকে কোনও আগ্রহ নেই। শিল্পকে নষ্ট করে দিয়েঠে পশ্চিমবঙ্গ সরকার। সেই সরকার এখন আর্থিক দিক দিয়ে দুর্বল। পশ্চিমবঙ্গ সরকার যদি এতই উদায় হয় তাহলে তোরা কেন করকে ছাড় দিচ্ছে না? পশ্মিচবঙ্গ সরকারের করের জন্যই তো নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আকাশ ছোঁয়া। বিহারে মদ বিক্রি বন্ধ করা হয়েছে পশ্চিমবঙ্গে ঢালা মদ বিক্রি অনুমতি দেওয়া হচ্ছে। মদ বিক্রির টাকায় কোষাগারে দূরাবস্থাকে সামাল দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকার। পশ্চিমবঙ্গের শিল্প তলানিতে গিয়ে ঠেকেছে।

ভারতের জি-২০ সম্মেলন

রাশিয়া ইউক্রেন যুদ্ধ ছাড়াও বিশ্বে বহু সমস্যা রয়েছে

আগামী দিনে নয়া দিল্লিতে শুরু হবে রাষ্ট্র প্রধানদের নিয়ে জি২০ সম্মেলন। উন্নয়নশীল দেশগুলির কথাকে গুরুত্ব দেবে ভারত জি-২০ সম্মেলনে তা নিয়ে বিদেশ মন্ত্রক মন্তব্য করেছে। তারা বলেছে যে এবারে জি-২০ সম্মেলনে উন্নয়নশীল দেশগুলির বক্তব্যকে গুরুত্ব দিতে হবে। নাহলে বহু সমস্যার কথা একেবারে অজানা থেকে যাবে। বহু সমস্যার সমাধান করা সম্ভব হবে না। রাশিয়া ইউক্রেন যুদ্ধ ছাড়াও বিশ্বে বহু সমস্যা রয়েছে। খাদ্য বাসস্থানের সমস্যা রয়েছে। রয়েছে শরনার্থী সমস্যা। তেল জ্বালানি সমস্যার চরম আকার ধারন করতে শুরু করে দিয়েছে। এই সব থেকে মুক্তি পাওয়ার উপায় বের করতে হবে। সব দেশ যাতে সমান অধিকার লাভ করতে পারে তার দিকেও নজর দেওয়া দরকার। সবার কথাকে গুরুত্ব দিয়ে বিচার করতে হবে। শুধু মাত্র শক্তিশালী দেশগুলির কথাকে মান্যতা দিলেই চলবে না। পাশাপাশি আফ্রিকা, লাতিন আমেরিকা সহ যেসব দেশের কথা এক সময়ে শোনা হতো না এবারে জি-২০ সম্মেলনে তাদেরকে কথাকে সবার সমানে মেলে ধরতে হবে। বিশ্ব উন্নতি করতে গেলে সবার কথাকে সমান গুরুত্ব দিয়ে বিচার করা উচিত এবং তাদের কথাকে বেশি করে প্রাধান্য দেওয়া উচিত। শুরু হতে চলেছে 'ভয়েস অব গ্লোবাল সাউথ'। রাশিয়া ইউক্রেন যুদ্ধের মধ্যে দিয়ে যেসব সমস্যার জাগতে শুরু করে দিয়েছে তার সমাধান করার পথ তৈরি করতে ভারত উদ্যোগী। কিন্তু সবাই এক মতে সামিল না হত পারলে কিন্তু সমস্যার সমাধান করা একেবারে অসম্ভব বলে মনে করে ভারত। জি-২০ সম্মেলনে প্রায় ১২০টি দেশরে রাষ্ট্র নেতাদের সঙ্গে বিশ্বের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা শুরু হচ্ছে। বিদেশ মন্ত্রক থেকে বলা হয়েছে যে এবারে আলোচনা সূচিতে থাকছে সমস্যা এবং তার সমাধানের পথ রচনা করা। গ্লোবাল সাউথ সম্মেলনে যেসব রাষ্ট্র নেতারা যোগ দেবেন তাদের বহু জন রাশিয়া এবং আমেরিকার কথা শুনে চলে না।

তারা ইউরোপের নিষেধাজ্ঞাকে সমর্থন করে না। তারা ইউক্রেনের শান্তি ফেরাতে কূটনীতির পথকে বেছে নেওয়ার কথা বলতে ইচ্ছুক। অর্থনৈতিক বেহাল অবস্থাকে ফেরাতে মুক্ত আর্থিক নীতি গ্রহণ করার পক্ষে সায় দিতে ইচ্ছুক তারা। প্রয়োজন হলে সর্বস্তরে ব্যবসা বৃদ্ধি করার দিকে নজর দেওয়া যেতে পারে বলে মনে করা হচ্ছে। আজকে বিশ্বের কোনও স্থানে সমস্যা দেখা দিলে তা দ্রুত অন্য প্রান্তে ছড়িয়ে পড়ে। বিশ্বের প্রতিটি দেশ খুব কাছাকাছি অবস্থান করতে শুরু করে দিয়েছে। তার ফলে একটি দেশের রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক অবস্থা সারা বিশ্বকে আচ্ছন্ন করে দিতে পারে। কোনও একটি মেরুর দিকে ঝুঁকে বিশ্ব রাজনীতি করা একেবারে অসম্ভব হয়ে পড়তে শুরু করে দিয়েছে। রাশিয়া, চিন এবং আমেরিকা সারা বিশ্বে তাদের রাজনৈতিক প্রভাব বিস্তার করার চেষ্টা করছে। কিন্তু আর্থিক উন্নতি লাভ না করতে পারলে রাজনৈতিক প্রভাব একেবারে বানচাল হয়ে যেতে পারে। সেই ধারনা তৈরি করতে এবারে ভারতকে সক্রিয় ভূমিকা পালন করতে হচ্ছে। ইউক্রেন যুদ্ধ থামলে কিন্তু সমস্যার সমাধান হবে না। কারণ ইউক্রেনকে যেভাবে ধ্বংস করে দেওয়া হয়েছে তা কিন্তু ইতিহাসের পাতায় লজ্জাজনক অবস্থায় থাকবে। ইউক্রেন রাশিয়া যুদ্ধ মূলত শক্তিশালী দেশের মর্যাদার লড়াইতে পরিণত হয়েছে। শক্তিশালী দলের মর্যাদা অভিমান রাস্তা পরিত্যাগ করলেই ইউক্রেন যুদ্ধ সমাপ্ত হবে বলে বিশ্ব রাষ্ট্র নেতারা বিশ্বাস করে। ভারত এই রকম অবস্থা থেকে নিজেকে প্রস্তুত করার চেষ্টা করছে। আজকে আন্তর্জাতিক রাজনীতিতে ভারতকে খুব প্রয়োজনীয় বলে মনে করতে শুরু করে দিয়েছে শক্তিশালী রাষ্ট্রগুলি। ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কিও ভারতের দিকে তাকিয়ে রয়েছে। জি-২০ সম্মেলনের দিকে তাকিয়ে রয়েছে। ভারত মনে করতে শুরু করে দিয়েছে যে বিশ্বে বহু সমস্যা রয়েছে যে সব কথা আমেরিকা একেবারে কানে তোলে না। আমেরিকা আর্থিক দিক থেকে শুরু করে বিজ্ঞানসহ সব ক্ষেত্রে উন্নতি লাভ করেছে। তার ফলে অনুন্নত দেশগুলি তাদের কাছ থেকে উন্নয়নের ব্যাপারে সহযোগিতা পাওয়ার কথা ব্যক্ত করতে পারে। তাতে কোনও অপরাধ নেই। কিন্তু আমেরিকার রাজনৈতিক বিশেষজ্ঞরা উদার নন। তারা রাজনৈতিক স্বার্থ দেখে তবেই সাহায্যের হাত প্রসারিত করে থাকে। আমেরিকার উচিত হচ্ছে উদার মনে বিশ্বের সমস্ত অনুন্নত দেশগুলিকে সহযোগিতা করা। তাহলে গোটা বিশ্ব উন্নয়নের পথ ধরে এগোতে থাকবে। ইউরোপের দেশগুলিকে এই পথ ধরে এগিয়ে আসা উচিত। সবাই যদি উন্নয়নকে প্রাধান্য দিতে থাকে তাহলে কিন্তু বিশ্বের সব রাষ্ট্রগুলি মাথা তুলে দাঁড়াতে পারবে। এই বিশ্বের একটি রাষ্ট্রে জনগণ খেতে পায় আবার অন্য রাষ্ট্রে জনগণ অভুক্ত অবস্থায় থাকে। এই নিয়ে আলোচনা করাটাও বিড়ম্বনা হয়। এই খাদ্য সমস্যার সমাধান করতে গেলে খোলা মনে এগিয়ে আসা উচিত। কিন্তু কার্যত দেশকে পাওয়া যায় যে রাজনৈতিক স্বার্থকে সামনে রেখে সাহায্য এগিয়ে আসতে শুরু করে। তাতে লাভ হয় না। বরং আরও বেশি করে ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে। এবারে জি-২০ সম্মেলনে আর্থিক উন্নয়নের বার্তা দেওয়া থেকে শুরু করে সব সমস্যার সম্পর্কে আলোচনা এবং তার সমাধান করার পথ রচিত হওয়ার ওপরে বেশি করে জোর দেওয়া হবে বলে বিদেশ মন্ত্রক থেকে জানতে পারা গিয়েছে। এদিকে ইউরোপ গোষ্ঠী এবং আমেরিকা ভারতের ওপরে চাপ সৃষ্টি করবে বলে জানতে পারা গিয়েছে।

হেরিটেজ

ইউনেস্কো হেরিটেজ বাংলায়

দণি২৪ পরগনার সুন্দরবনকে ইউনেস্কো হেরিটেজ হিসাবে গ্রহণ করেছে। সুন্দরবন ন্যাশনাল পার্ক। বাংলাদেশের মধ্যে সুন্দরবনের বেশ কিছু অংশ ঢুকে রয়েছ। পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের উভয় সুন্দরবনকে হেরিটেজ বলে ঘোষণা দেওয়া হয়েছে। দক্ষিণ ২৪ পরগনার গোসাবা থেকে শুরু হয়ে সুন্দরবন এলাকা। দার্জিলিংয়ে ট্রয় ট্রেনকে হেরিজেট বলে ঘোষণা দেওয়া হয়েছে। ১৮৭৯ থেকে ১৮৮১ সাল পর্যন্ত এই রেল লাইন তৈরি করা কাজ সমাপ্ত হয়। ওই রেল ১৩টি স্টেশন এবং ৭৮ কিলোমিচার অতিক্রম করে। ৭ হাজার ফুট উচ্চে এই রেল লাইন চালু করা সম্ভব হয়েছিল। বিষ্ণুপুরের রাসমন্দির তৈরি হয়েছিল মল্লরাজাদের সময়। নিওরা ভ্যালি কালিম্পং এতে অবস্থিত। শান্তিনিকেতনকে হেরিটজ এলাকা বলে গ্রহণ করা হয়েছে। সুন্দরবনকে জাতীয় উদ্যান বলে ঘোষণা দেওয়া হয়েছিল ১৯৭৩ সালে। সেই সময়ে টাইগার রিজার্ভ বলে ঘোষণা দেওয়া হয়। বাঘ শিকার করা নিষিদ্ধ করা হয়েছিল। ১৯৭৭ সালে এই বনকে অভয়ারণ্য বলে ঘোষণা দেওয়া হয়। ১৯৯৯ সালে দার্জিলিং ট্রয় ট্রেনকে হেরিটেজ তকমা দিয়েছিল ইউনেস্কো। বাঁকুড়ার বিষ্ণুমন্দির মল্ল রাজাদের। আগে বিষ্ণুপুর মল্ল রাজাদের রাজধানি ছিল। এখানে পোড়ামাটির কাজ দেখতে পাওয়া যায়। নেওরা ভ্যালি ন্যাশনাল পার্ক কালিম্পংতে। ৮৮ বর্গ কিলোমিটার জুড়ে এই ন্যাশনাল পার্কটি। শান্তিনিকেতনের প্রার্থনা গৃহটিকে ইউনেস্কো হেরিটেজ বলে স্বীকৃতি দিয়েছে। ২০১০ সালে ইউনেস্কোর হেরিটেজ তালিকায় স্থান পেয়েছে।

ট্রাফিক পুলিশকে মার

দুরন্ত বার্তা, খড়্গপুর, ৪ আগস্ট ঃ প্রকাশ্য রাস্তায় কর্তব্যরত ট্রাফিক পুলিশের গায়ে হাত সঙ্গে অকথ্য ভাষায় গালিগালাজ। ঘটনাটি ঘটেছে পশ্চিম মেদিনীপুর জেলার খড়গপুরের মসলিন চকে। ডিউটিতে থাকা কর্তব্যরত ট্রাফিক পুলিশকে মারধরের অভিযোগ এক যুবকের বিরুদ্ধে। ইতিমধ্যেই ঘটনার ভিডিও ভাইরাল হয়েছে (যার সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা)। জানা গিয়েছে, কর্তব্যরত ট্রাফিক পুলিশের ওপর হঠাৎ চড়াও হয়ে ওই যুবক অকথ্য ভাষা ব্যবহার করে। তাঁকে মারধরেরও অভিযোগ উঠেছে। ঘটনা প্রকাশ্যে আসতেই খড়গপুর থানার পুলিশ গ্রেফতার করেছে অভিযুক্ত যুবককে। জানা গিয়েছে, অভিযুক্ত যুবকের বাড়ি খড়গপুর শহরের গোলবাজার মাছ মার্কেট এর নিকট।ধৃতকে শুক্রবার খড়গপুর মহকুমা আদালতে তোলা হয়। এই ঘটনায় সমালোচনার ঝড় উঠেছে। এই ঘটনা নিন্দনীয়। কর্তব্যরত ট্রাফিক পুলিশের ওপর এভাবে চড়াও হওয়ার ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠছে। এই ঘটনার পর যুব সমাজের কাছে খারাপ বার্তা পৌঁছনোর প্রশ্ন থেকেই যায়।

উত্তর পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার, মেকানিক্যাল ওয়ার্কশপ, উত্তর পূর্ব রেলওয়ে, গোরক্ষপুর আহ্বান করছেন ''ওপেন'' ই-টেন্ডার অনলাইন মাধ্যমে (ই-টেন্ডারিং) নিম্নলিখিত কাজের জন্য ঃ

টেন্ডার নোটিস নং. ঃ ই-এল-এমডব্লুএস-জিকেপি-২০২৩-২৪-০৬, কাজের বিবরণ ঃ বিদ্যুৎ যোগান ব্যবস্থার উন্নয়ন সাধন পুরানো এবং মেয়াদ উত্তীর্ন এইচটি ওভারহেড লাইন বদল করে আন্ডারগ্রাউন্ড কেবিলের মাধ্যমে এবং এর আনুসঙ্গিক কাজ মেকানিক্যাল ওয়ার্কশপ, গোরক্ষপুরে। আনুমানিক মূল্য ঃ ₹ ৩২,৪২,৫৬৪.৮৩, ই.এম.ডি. মূল্য ঃ ₹ ৬৪,৯০০ /-, টেন্ডার নথির মূল্য ঃ ০.০০, সম্পাদনের সময়/ মেয়াদ গ্রহনকারী চিঠি জারি হওয়ার তারিখ থেকে ঃ ১২ মাস।

- ই-টেন্ডার অনলাইনে জমা করা যাবে ২৫.০৮.২০২২ বেলা ১৫.০০ ঘটিকা পর্যন্ত।
- বিস্তারিত তথ্য এবং দরপত্র জমা করতে দয়াকরে দেখুন ভারতীয় রেলওয়ের আইআরইপিএস ওয়েবসাইট-**www.ireps.gov.in**।

ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (ডব্লুএস)
CPRO/ Vidyut-112 গোরক্ষপুর

যাত্রী পরিষেবা সংক্রান্ত যে কোন অভিযোগ এসএমএসের মোবাইল নং. ০৯৭৯৪৮৪৫৯৫৫

''ট্রেনের ছাদ ও পাদানিতে যাত্রা করবেন না''

Durgapur Municipal Corporation

City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman

Notice

House On Rent for Setting Up Health Facility.
For details :
www.durgapurmunicipalcorporation.org

Chandernagore Municipal Corporation

1.Tender No. WBMAD/CMC/COMMISSIONER/PWD/ NIT-14(e)/2023-24, Dt-04.08.2023
Memo No. 3133/PWD/TENDER/23-24/14, Dt- 04.08.2023

Various Developments of Municipal Areas
For details, please visit the website-
www.chandernagoremunicipalcorporation.in

Engineer
Chandernagore Municipal Corporation

E-TENDER NOTICE

Chairperson, Board of Councilors, Dankuni Municipality, invites Tender for Purchase of 5HP Dewatering Pump, Purchase of 15HP Sub-mersible Pump, Purchase of Electric Materials/Appliances, Renovation and Painting of Mrigala Health Center in Ward No-15 and Construction of Road Side Protection wall in ward No-03 under Dankuni Municipality for **E-N.I.T No-WBMAD/DKM/CP/e-NIT-74,75,76,77 & 78/2023-24.** Bid submission closing date (online)-16/08/2023. Details may be seen from **www.wbtenders.gov.in**. the official website of e-tender.

Sd/- Chairperson
Dankuni Municipality

নরবেন টি অ্যান্ড এক্সপোর্ট লিমিটেড

CIN:L01132WB1990PLC048991
রেজি অফিস ঃ ১৫বি, হেমন্ত বসু সরণী, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১
ফোন নং. ২২১০-০৫৫৩, ফ্যাক্স নং. ঃ ৯১-৩৩-২২১০-০৫৪১
E-mail : enquiry@norbentea.com, Website : www.norbentea.com

সংক্ষিপ্ত বিবরণী স্বতন্ত্র অনিরীক্ষিত আর্থিক ফলাফল
ত্রৈমাসিক এবং তিন মাস সমাপ্তে ৩০ জুন, ২০২৩

(লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে ৩০.০৬.২০২৩	বছর থেকে তারিখ রাশি ৩০.০৬.২০২৩	চলতি ৩ মাস শেষে পূর্ববর্তী বছরে ৩০.০৬.২০২২
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১.	মোট আয় কারবার থেকে	১৭৪.৫৪	১৭৪.৫৪	২১৬.১৮
২.	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেমে)	১১.৫২	১১.৫২	৩৮.৯৭
৩.	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	১১.৫২	১১.৫২	৩৮.৯৭
৪.	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	১১.৫২	১১.৫২	৩৮.৯৭
৫.	মোট ব্যাপক আয় / (ক্ষতি) মেয়াদে (লাভ / ক্ষতি সংযুক্ত) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর)	১১.৫২	১১.৫২	৩৮.৯৭
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকা প্রতি)	১,১৭৫.০০	১,১৭৫.০০	১,১৭৫.০০
৭.	অন্যান্য ইক্যুইটি (আইএনডি এএস অনুসারে)	-	-	-
৮.	শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতি) ক) মূল	০.১০	০.১০	০.৩৩
	খ) মিশ্র	০.১০	০.১০	০.৩৩

দ্রষ্টব্য ঃ
ক) উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফলের যা প্রেরণ করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশান্স অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে www.bseindia.com/www.nseindia.com এবং কোম্পানির ওয়েবসাইটে http:// norbentea.com/pdf/sqfr_june_2023.pdf।
খ) উপরোক্ত নিরীক্ষিত আর্থিক ফলাফল পর্যালোচিত হয়েছে অডিট কমিটি দ্বারা এবং অনুমোদিত হয়েছে বোর্ড অফ ডিরেক্টরদের সভায় ৩ আগস্ট, ২০২৩। ৩০ জুন, ২০২৩ ত্রৈমাসিক সমাপ্তে ফলাফল সাময়িক পর্যালোচনা করেছেন বিধিসম্মত অডিটরগন।

স্বা /-
(মনোজ কুমার দাগা)
চেয়ারম্যান
DIN : 00123386

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ৩ আগস্ট, ২০২৩

বিক্রয় বিজ্ঞপ্তি

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি সামগ্রী বিক্রয়ে অধীন ইনসলভেন্সি এবং ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ (''**কোড**'') সঙ্গে পড়তে হবে ধারা ৩৩(১) ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (তরলীকরণে) ধারা, ২০১৬। এতদ্দারা জনস্বার্থে বিজ্ঞাপিত করা যায় যে নিম্নবর্নিত বারসেলি এন্টারপ্রাইজ লিমিটেড-এর সম্পত্তি বিক্রয় করা হবে ''**যেখানে আছে**'', ''**যা আছে**'', ''**যা কিছু আছে**'' এবং ''**কোন উপায় নেই**'' ভিত্তিতে সারণীতে উল্লেখিত তারিখে যা তরলীকরণ প্রক্রিয়াতে রয়েছে। সংরক্ষিত মূল্য এবং বায়না মূল্য জমা করতে সারণীতে উল্লেখিত তারিখে উল্লেখিত সম্পত্তি ভিত্তিতে। বিক্রয় করা হবে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-নিলাম প্ল্যাটফর্মে যা ওয়েব পোর্টালে প্রদান করা হবে-www.airauctioneer.com। সাধারণ জনতাকে আহ্বান জানানো হচ্ছে নিজে বা স্বীকৃত প্রতিনিধি মারফত দরপত্র জমা করতে।

সম্পত্তির সারণী (লক্ষ টাকায়)

লট নং.	সম্পত্তির বিবরণ	সংরক্ষিত মূল্য	ইএমডি	বর্ধিত দর
১.	সাথী অ্যাপার্টমেন্ট অফিস রুম নং. জি-১ গ্রাউন্ড ফ্লোরে, ৩০ মুখার্জি পাড়া লেন, ওয়ার্ড নং. ৭, শ্রীরামপুর, ৯৮৪ ব.ফু., এসবিইউ, ৮০৭ ব.ফু. কভার এলাকা, হুগলী-৭১২২০১	৪০.০০	৪.০০	০.৮০
২.	সাথী অ্যাপার্টমেন্ট অফিস রুম নং. জি-২ গ্রাউন্ড ফ্লোরে, ৩০ মুখার্জি পাড়া লেন, ওয়ার্ড নং. ৭, শ্রীরামপুর, ৮৮৭ ব.ফু., এসবিইউ, ৭২৭ ব.ফু. কভার এলাকা, হুগলী-৭১২২০১	৩৬.৫০	৩.৬৫	০.৭৩

ইএমডি জমার শেষ তারিখ ঃ ২৫.০৮.২০২৩। শেষ তারিখ/ সময় দরের ঃ ২৮.০৮.২০২৩, ১৪.০০ ঘটিকা

বিক্রয় অনুষ্ঠিত হবে নিয়ম এবং শর্তাবলী মোতাবেক যা উল্লেখ রয়েছে প্রক্রিয়া নথিতে এবং নিম্নলিখিত শর্ত মোতাবেক ঃ

১. সম্পত্তির বিবরণী যা উপরোক্ত সারণীতে উল্লেখিত তরলীকারকের সর্বোচ্চ তথ্যমতে, কিন্তু তরলীকারক কোন ত্রুটি, ভ্রান্তি বা অনুল্লেখের জন্য জবাবদিহিতে বাধ্য নন এই ঘোষনায়।

২. দরদাতাদের দ্বায়িত্ব পরিদর্শন করে সন্তুষ্টির জন্য সম্পত্তির বিষয়ে এবং দরপত্র জমা দেওয়ার পূর্বে। সম্পত্তি পরিদর্শন যা নিলামে থাকবে অনুমোদন করা হবে আগ্রহী দরদাতাদের পরিদর্শনে প্রকাশের দিন থেকে নথি এবং ইএমডি জমার শেষ তারিখ পর্যন্ত। তরলীকারক দায়ী থাকবেন না কোনরূপ পরিবর্তন, পূর্বস্বত্ব, দায়বদ্ধতা বা কোন বকেয়া সরকার বা অন্য কোন স্থানে ই-নিলামের সম্পত্তির বিষয়ে। আগ্রহী দরদাতাদের অনুরোধ করা যায় কোনরূপ দায় সম্পর্কে নিজেদের থেকে খোঁজ নিতে সম্পত্তি বিষয়ে সঙ্গে বিধিবদ্ধ দায়, সম্পত্তি করের বকেয়া, বিদ্যুতের বকেয়া ইত্যাদি সম্পর্কে।

৩. আগ্রহী দরদাতারা জমা করতে পারবেন ইএমডি ডিমান্ড ড্রাফট দ্বারা ''**আরএনএম ইনফ্রা প্রা.লি.**'' পক্ষে বা ব্যাঙ্কিং ট্রান্সফার মাধ্যমে শেষ তারিখের মধ্যে যা ওপরের সারণীতে উল্লেখিত, এই অ্যাকাউন্টে-**আরএনএম ইনফ্রা প্রা.লি., অ্যাকাউন্ট নং. ২১৮৬০০২১০০২৩৭১৯৪, আইএফএসসি কোড পিইউএনবি০২১৮৬০০**। কোন কো-অপারেটিভ ব্যাঙ্কের ড্রাফট গ্রাহ্য নহে।

৪. দরদাতাদের অনুরোধ দেখতে-**www.intelligentupdates.blogspot.com/p/sale-ntice-insolvency.html** বিস্তারিত নিয়ম এবং শর্তাবলী জানতে ই-নিলাম প্রক্রিয়ার নিজেদের দর জমা দেওয়া এবং ই-নিলাম বিক্রয়ে অংশ নেওয়ার পূর্বে।

৫. যদি অংশ নিতে ইচ্ছুক থাকেন একাধিক লটে লট নং. ৩ সহকারে, সেক্ষেত্রে দরদাতাদের অগ্রাধিকার প্রদান করা হবে লট নং. ৩ এ অংশ গ্রহণকারীকে এবং অন্যান্য অংশগ্রহণকারীদের দর বাতিল হিসাবে গণ্য হবে।

তারিখ ঃ ০৫.০৮.২০২৩
স্থান ঃ কলকাতা
কনকাভ রায়
তরলীকারক, মে. আরএনএম ইনফ্রা প্রা. লি.
আইবিবিআই রেজি নং. আইবিবিআই / আইপিএ-০০৩ / আইপিএ-আইসিএ-এন-০০২০৪/২০১৮-২০১৯ / ১২৪৫৬

যোগাযোগ ঠিকানা ঃ ইন্টেলিজেন্ট আইপি ম্যানেজমেন্ট সলিউশান প্রা.লি., ওয়াইএমসিএ বিল্ডিং, ২য় ফ্লোর, ২৫ জহরলাল নেহেরু রোড, কলকাতা-৭০০০৮৭, crip.rnminfra@gmail.com **রেজিস্টার ঠিকানা ঃ** ৭৮ বোসপুকুর রোড, লোকনাথ অ্যাপার্টমেন্ট, ২য় ফ্লোর, কলকাতা-৭০০১০৭, kanak1686@gmail.com

ULUBERIA MUNICIPALITY
TENDER NOTICE

"Notice Inviting e-Tender No.-"
WBMAD/UM/59/e-Tender/2023-24 (2nd Call), Dated: 04.08.2023,
WBMAD/UM/60/e-Tender/2023-24 (2nd Call), Dated: 04.08.2023

(Construction of Boundary Wall in Ward No 06 under Uluberia Municipality). Details are available in the **www.wbtender.gov.in**

Sd/- Executive Officer
Uluberia Municipality

Hooghly-Chinsurah Municipality

Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist.-Hooghly
Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6092

Notice for invitation e-Tender

e-Tender Notice No- WBMAD/C/HCM/HML/NIT11/8e/23 Memo No-: 2877/Eng/PB Dated : 04.08.2023

e-Tenders are invited from the experience and reliable contractors for different electrical works under this Municipality. Vide **e-Tender ID No. 2023_MAD_554474_01 to 04.** Closing date of Bid submission is **21.08.2023 up to 15.00 hours.** Detailed information will be available from PWD Dept. of this Municipality & visit website-**https:// wbtenders.gov.in**

Sd/-Chairman
Hooghly Chinsurah Municipality

উত্তর মধ্য রেলওয়ে

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিস নং ঃ ০৬ / ২০২৩-২৪ **তারিখ ঃ ০২.০৮.২০২৩**

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে সিনিয়র ডিভিশনাল মেটিরিয়ালস ম্যানেজার, উত্তর মধ্য রেলওয়ে, ঝাঁসি আহ্বান করছেন ই-প্রোকিওরমেন্ট টেন্ডার উল্লেখিত কাজের জন্য।

ক্র নং.	টেন্ডার নং.	বিস্তারিত বিবরণ	পরিমান	টেন্ডার খোলার তারিখ
১	৯২২৩৫৩৮৩এ	পোর্টেবল ডিসি ওয়েল্ডিং জেনারেটর সঙ্গে এএমসি ৫ বছরের জন্য।	২০টি	০১.০৯.২০২৩

দ্রষ্টব্য ঃ উপরোক্ত ই-প্রোকিরমেন্ট টেন্ডারের বিস্তারিত তথ্য প্রাপ্তির **আইআরইপিএস** ওয়েবসাইট- **https://www.ireps.gov.in**। **1236/23(K)**

North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @ CPRONCR

I, JAHEDUL HOIQUE is wrongly recorded in my Son's Passport No- M8060384, S/o- HAREJ SK. Residing at Vill - Paharpur, Post- Muktinagar, Ps- Berhampore, Dist- Murshidabad, Pin- 742102, West Bengal. Shall henceforth be known as JAHEDUL SK. That my name JAHEDUL SK and JAHEDUL HOIQUE is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, DILRUBA BEGAM is wrongly recorded in my Daughter Birth Certificate and husband Passport No- N1095485, W/o- MD NASIRUDDIN. Residing at Vill - Burwan, Post- Burwan, Ps- Burwan, Dist- Murshidabad, Pin- 742132, West Bengal. Shall henceforth be known as DILRUBA KHATUN. That my name DILRUBA KHATUN and DILRUBA BEGAM is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, ANJUR SEKH is wrongly recorded in my Passport No- K1488866, S/o- DULAL SEKH. Residing at Vill - Raninagar, Post- Radharghat, Ps- Berhampore, Dist- Murshidabad, Pin- 742187, West Bengal. Shall henceforth be known as ANGUR SK. That my name ANGUR SK and ANJUR SEKH is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, SAMSUL ALAM is wrongly recorded in my Son's Passport No- K1215341, S/o- SIRAJUL HAQUE. Residing at Vill - Anandangar, Post- Tarapur, Ps- Burwan, Dist- Murshidabad, Pin- 742161, West Bengal. Shall henceforth be known as SAMSUL HAQUE. That my name SAMSUL HAQUE and SAMSUL ALAM is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, GOUTAM KUMAR MONDAL (old name) S/O SRIDHAR MONDAL Presently residing at College Road, Near Karmakar Marriage Hall, PO-Kulti, PS- Kulti, Dist- Paschim Bardhaman, Pin-713343 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) GOUTAM MONDAL, vide an affidavit sworn before The Notary Public at Asansol Court on 03/08/2023. GOUTAM KUMAR MONDAL and GOUTAM MONDAL both are same and one identical person.

Name Change
I, APU BISWAS (old name) S/O BIDHU BHUSAN BISWAS Presently residing at Natun Para, PO- Betai, PS-Tehatta, Dist- Nadia, Pin- 741163 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) APURBA BISWAS, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/08/2023. APU BISWAS and APURBA BISWAS both are same and one identical person.

Name Change
I, MD WAHIDUL ISLAM(old name) S/O LATAMAN Presently residing at Vill- Kachua, PO-Bamunia, Dist-S 24 Pgs- 743502 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MD WAHIDUL ISLAM MOLLA, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/08/2023. MD WAHIDUL ISLAM and MD WAHIDUL ISLAM MOLLA both are same and one identical person.

Name Change
I, MAHAIMENUDDIN MOLLA (old name) S/O ABDUL LATIF MOLLA Presently residing at Vill- Moricha Paschim Chasi Para, PO-ChakBarali, PS-Bhangar, Dist- South 24 Parganas, Pin-743502 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MOHAMMED MOHAYMEN UDDIN, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/08/2023. MAHAIMENUDDIN MOLLA and MOHAMMED MOHAYMEN UDDIN both are same and one identical person.

Name Change
I, DEEPA DAS (old name) W/O ABHIJIT DAS Presently residing at 1/44 Jahura Bazar Lane, PO-Kasba, PS-Kasba, Kolkata-700042 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) DIPA DAS, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/08/2023. DEEPA DAS and DIPA DAS both are same and one identical person.

Name Change
I, MOHOKIKAT ALI (old name) S/O MD MARFAT ALI Presently residing at M.A. Sarani, Bankra, Birati, Airport, 24 Pgs(N)-700051 West Bengal, India, have changed myname to (shall henceforth be known as) MD HOKYQUAT ALI, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/08/2023. MOHOKIKAT ALI and MD HOKYQUAT ALI both are same and one identical person.

রাজ্য সরকারের উদ্যোগে কৃষি এবং শিল্পের উন্নয়নের লক্ষ্যে শিল্পের সমাধানে জেলা জুড়ে কর্মসূচি শুরু

দুরন্ত বার্তা, মালদা, ৪ আগস্ট ঃ রাজ্য সরকারের উদ্যোগে কৃষি এবং শিল্পের উন্নয়নের লক্ষ্যে শিল্পের সমাধানে জেলা জুড়ে কর্মসূচি শুরু হলো। শুক্রবার বিকালে এই কর্মসূচিটি অনুষ্ঠিত হয় মালদা শহরের বাগবাড়ি মডেল মাদ্রাসা স্কুলে। উপস্থিত ছিলেন বস্ত্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী তাজমুল হোসেন, সেচ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সাবিনা ইয়াসমিন, জেলাশাসক নীতিন সিংহানিয়া সহ বিশিষ্টজনেরা। এই প্রকল্পের মাধ্যমে ৫ লক্ষ টাকা লোন পাওয়ার ক্ষেত্রে উদ্যোগী কৃষক এবং ব্যবসায়ীদের নাম রেজিস্ট্রিকরণ করা হবে। উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় ২০২৩ সালের আগস্ট মাস ব্যাপী উদ্যোগীদের সাথে সাক্ষাৎ -শিল্পের সমাধানে কর্মসূচি সারা রাজ্য জুড়ে গ্রহণ করা হয়েছে। এদিন এই কর্মসূচির মধ্যে দিয়ে আগ্রহীদের নাম রেজিস্ট্রেশন করেন প্রশাসনের কর্তারা। সবুজ পতাকা উড়িয়ে ট্যাবলোর আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা শাসক নীতিন সিংহানিয়া। এছাড়াও উপস্থিত ছিলেন, মালদা জেলা শিল্প কেন্দ্রের জেনারেল ম্যানেজার মানবেন্দ্র মণ্ডল, মালদা জেলা পরিষদের প্রাক্তন সভাধিপতি এটিএম রফিকুল হোসেন সহ অন্যান্য আধিকারিকরা। দুই মন্ত্রী সাবিনা ইয়াসমিন এবং তাজমুল হোসেন জানিয়েছেন, আগস্ট মাস জুড়ে চলবে শিল্পের সমাধানে কর্মসূচি। জেলার সমস্ত ব্লকে ধাপে ধাপে আয়োজন করা হবে শিল্পের সমাধানে কর্মসূচি। চলতি মাসে বিভিন্ন ব্লকে শিল্পের সমাধানে কর্মসূচি অনুষ্ঠিত হবে। বিভিন্ন দপ্তরের সহযোগিতায় জেলা জুড়ে বিভিন্ন পরিষেবা প্রদান করা হবে। তারই প্রথম পর্যায়ে আনুষ্ঠানিকভাবে ইংরেজবাজারের বাগবাড়ি এলাকায় এই কর্মসূচি গ্রহণ করা হয়।

বাংলা শস্য বীমা খরিফের দুটি সুসজ্জিত ট্যাবলোর উদ্বোধন

দুরন্ত বার্তা, মালদা, ৪ আগস্ট ঃ বাংলা শস্য বীমা খরিফের দুটি সুসজ্জিত ট্যাবলোর উদ্বোধন করা হল। শুক্রবার মালদা জেলা প্রশাসনিক ভবন চত্বরে সুসজ্জিত এই দুটি ট্যাবলোর উদ্বোধন করেন রাজ্যের দুই মন্ত্রী সাবিনা ইয়াসমিন এবং তাজমুল হোসেন। এছাড়াও উপস্থিত জেলাশাসক নীতিন সিংহানিয়া। জানা গেছে আজ থেকে বাংলা শস্য বীমা খরিফের এই দুটো ট্যাবলো বিভিন্ন ব্লকে ব্লকে ঘুরে কৃষকদের সচেতনতা করবে এবং বাংলা শস্য বীমার মাধ্যমে তারা কি কি সুযোগ সুবিধা পাবেন তা তুলে ধরা হবে।

বপন জনিত বিফলতা, অন্তর্বর্তী ক্ষতিপূরণ, মরসুম শেষের ক্ষতিপূরণ সহ কৃষকরা এই বিমার মাধ্যমে কি কি সাহায্য পাবেন তা তুলে ধরা হবে। পশ্চিমবঙ্গ সরকার এবং বাজাজ অ্যালিয়ান্স জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লিমিটেডের মিলিত উদ্যোগে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় রূপায়িত হচ্ছে এই বিমা। এই ফসলের আওতায় ফসলের ক্ষতিপূরণ মূল্যায়ন তথ্যের ভিত্তিতে দ্রুততার সাথে প্রাপ্য ক্ষতিপূরণ কৃষকদের ব্যাংক একাউন্টে সরাসরি প্রদান করা হবে।

অবৈধ নির্মাণে নিষেধাজ্ঞা জারি করে ১৪৪ ধারা জারি প্রশাসনের

দুরন্ত বার্তা, ৪ আগস্ট ঃ নদী দখল করে চলছিল অবৈধ নির্মাণের কাজ। স্থানীয়দের অভিযোগে কাজ বন্ধ করে ১৪৪ ধারা জারি করলেন প্রশাসন। ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার গোয়ালপোখর থানার পাঞ্জিপাড়া এলাকায়। জানা গিয়েছে গোয়ালপোখরের পাঞ্জিপাড়া ৩১ নম্বর জাতীয় সড়কের ধারে রয়েছে সুধা নদী। সেই নদীর জায়গা দখল করে অবৈধ ভাবে চলছিল নির্মাণের কাজ। স্থানীয়দের অভিযোগ কিছু অসাধু ব্যক্তি নদী দখল করে অবৈধ নির্মাণের কাজ করছিল। এই নদী বন্ধ হয়ে গেলে বেশ কয়েকটি গ্রাম প্লাবিত হয়ে যাবে। এই অভিযোগ তুলে প্রশাসনের কাছে অভিযোগ জানিয়ে ছিল স্থানীয়রা। শুক্রবার দুপুরে গোয়ালপোখরের BLRO খুশবু লামা ও পুলিশ প্রশাসনের আধিকারিকরা এসে কাজ বন্ধ করে ১৪৪ ধারা জারি করে দেওয়া হয়।

পশ্চিমবঙ্গের প্রধান শিক্ষকদের বৃহত্তম সংগঠন - এএসএফএইচএম (এডভান্স সোসাইটি ফর হেডমাস্টারস অ্যান্ড হেডমিসট্রেস) পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা বোর্ডের (বাংলা মাধ্যম) ২০২৪ এর মাধ্যমিকের পরীক্ষার্থীদের জন্য অফলাইন এবং অনলাইন অধ্যয়ন সামগ্রীর সমন্বয়ে একটি সম্পূর্ণ স্টাডি প্যাক প্রস্তুত করেছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলের ৫৬ টি স্টেশনের পুনঃ উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী

মালিগাঁও, ৪ আগস্ট ঃ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ৬ আগস্ট, ২০২৩ তারিখে সমগ্র দেশজুড়ে অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে ৫০৮টি স্টেশনের পুনঃউন্নয়নের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। ভারতীয় রেলওয়ের স্টেশনগুলির উন্নয়নের জন্য সম্প্রতি অমৃত ভারত স্টেশন স্কিম চালু করা হয়েছে। পুনঃ উন্নয়নের জন্য এই স্কিমের অধীনে এখনও পর্যন্ত ভারতীয় রেলওয়ের ১৩০৯টি স্টেশন চিহ্নিত করা হয়েছে। অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মোট ৯১ টি স্টেশনকে চিহ্নিত করা হয়েছিল। ৬ আগস্ট, ২০২৩ তারিখে ৫৬টি স্টেশনের পুনঃ উন্নয়নের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। ৫৬ টি স্টেশনের মধ্যে অসমে ৩২ টি, ত্রিপুরায় ০৩টি, পশ্চিমবঙ্গে ১৬ টি, বিহারে ০৩টি এবং নাগাল্যান্ড ও মেঘালয়ে একটি করে স্টেশন অন্তর্ভুক্ত রয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে ৯১ টি স্টেশনের পুনঃউন্নয়নের জন্য ৫১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে ১৯৬০ কোটি টাকা এই ৫৬ টি স্টেশনের পুনঃ উন্নয়নের জন্য ব্যবহার করা হবে। এই স্কিমটি একটি দীর্ঘমেয়াদী পদ্ধতির সাথে অবিচ্ছিন্ন ভিত্তিতে স্টেশনগুলির বিকাশকে পরিকল্পনা করে। এর মধ্যে প্রতিটি স্টেশনের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ রেখে স্টেশন অ্যাক্সেসের, সার্কুলেটিং এরিয়া, ওয়েটিং হল, টয়লেট, প্রয়োজন অনুসারে লিফট / এসকেলেটর, পরিষ্কার- পরিচ্ছন্নতা, বিনামূল্যের ওয়াই- ফাই, স্থানীয় পণ্যগুলির জন্য কিয়স্ক যেমন 'ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট' আরও উন্নত যাত্রী তথ্য ব্যবস্থা, এক্সিকিউটিভ লাউঞ্জ, ব্যবসায়িক সভা- সমিতির জন্য মনোনীত স্থান, ল্যান্ডস্কেপিং ইত্যাদি সুবিধার উন্নতির জন্য মাস্টার প্ল্যানের প্রস্তুতি এবং পর্যায়ক্রমে সেগুলির বাস্তবায়ন রয়েছে। এই স্কিমটির মধ্যে ভবনের উন্নতি, স্টেশনকে শহরের উভয় পাশে একীভূত করা, মাল্টিমোডাল ইন্টিগ্রেশন, দিব্যাঙ্গজনদের জন্য সুযোগ-সুবিধা, স্থায়ী এবং পরিবেশ বান্ধব সমাধান, ব্যালাস্টলেস ট্র্যাকের ব্যবস্থা, প্রয়োজন অনুসারে 'রুফ প্লাজা', পর্যায়ক্রমে এবং সম্ভাব্যতা এবং দীর্ঘমেয়াদে স্টেশনে সিটি সেন্টার তৈরির পরিকল্পনা করা হয়েছে।

এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট

নোটিশ নং.: সিএমএস-৩৬ তারিখ: ০২-০৮-২০২৩

চিফ মেডিকেল সুপারিনটেনডেন্ট, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে, আলিপুরদুয়ার জং, ভারতের রাষ্ট্রপতির পক্ষে, নিম্নলিখিত বিশেষজ্ঞ ডাক্তারের জন্য অনারারি ভিজিটিং স্পেশালিস্ট (এইচভিএস) হিসাবে ডিভিশনাল রেলওয়ে হাসপাতাল আলিপুরদুয়ার জংশনে স্পেশালিস্ট ডাক্তারের নিযুক্তির জন্য আবেদনের আমন্ত্রণ জানিয়েছে।

১। **ভিজিটিং স্পেশালিস্টের নাম:** (i) অর্থোপেডিকস সার্জন-১ (এক), (ii) অবস্টেট্রিক্স এবং গাইনেকোলজি-১ (এক), (iii) এনেস্থেসিওলজি-১ (এক), (iv) নিউরোলজি - ১ (এক)।

২। **প্রাপ্তির শুরুর তারিখ:** ০৭-০৮-২০২৩ তারিখ ১০:০০ ঘন্টা থেকে।

৩। **আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ও সময়:** ২৮-০৮-২০২৩ তারিখে ১৫:০০ ঘন্টা পর্যন্ত।

৪। **সময়কালের বৈধতা:** ১ (এক) বছরের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

৫। **বয়সসীমা:** প্রথমবার নিযুক্তির বয়স ৩০ বছর থেকে ৬০ বছর।

৬। (i) **যোগ্যতা এবং অভিজ্ঞতা:** ন্যূনতম যোগ্যতা হবে পোস্ট-ডক্টরাল যোগ্যতা বা সমতুল্য। (ii) **স্পেশালিস্ট:** একটি স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রী ন্যূনতম ৩ (তিন) বছরের পিজি ডিগ্রী পাওয়ার পরে সংশ্লিষ্ট বিশেষত্ব সম্পর্কিত পেশাগত কাজে অভিজ্ঞতা। (iii) যদি পিজি ডিগ্রিধারী উপযুক্ত প্রার্থী পাওয়া যায় না, পিজি ডিপ্লোমা প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিশেষত্ব সম্পর্কিত পেশাগত কাজে ৫ বছরের অভিজ্ঞতা সহ পিজি ডিপ্লোমাধারী।

৭। **বয়সের পরিবেশ:** প্রথমবার নিযুক্তির সময় পছন্দের বয়স ৩০ বছর থেকে ৬৪ বছরের মধ্যে। **বয়সের ঊর্ধসীমা:** অন্যান্যের নিযুক্তির উচ্চ বয়স সীমা ৬৫ বছর।

৮। **কাজের মেয়াদ:** (i) প্রতিবার অফার, শুধুমাত্র ১ বছরের জন্য দেওয়া হবে। (ii) শেষ হওয়ার পর এক বছর মেয়াদ বাড়ানো যেতে পারে।

৯। নিম্নোক্ত পদ্ধতিতে সম্মানী প্রদান করা হবে:

কাজের সময়: সপ্তাহে ৩ দিন প্রতিদিন ৪ ঘন্টা করে।

স্পেশালিস্ট : ৭৮,০০০/- টাকা প্রতি মাসে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ওয়েবসাইট **www.nfr.indianrailways.gov.in** -এও বিস্তারিত সহ উপরের পোস্টের জন্য আবেদনপত্র পাওয়া যাবে।

এডিশনাল চিফ মেডিকেল সুপারিনটেনডেন্ট/আলিপুরদুয়ার জং.

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

সিসি ক্যামেরা ও কন্ট্রোল রুমের উদ্বোধনে কমিশনার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৪ আগস্ট ঃ শিলিগুড়ি মাটিগাড়া থানার অন্তর্গত বিভিন্ন এলাকায় লাগানো হয়েছে নতুন সিসিটিভি ক্যামেরা। সেই ক্যামেরা ও তার কন্ট্রোল রুমের উদ্বোধন করলেন শিলিগুড়ি পুলিশ কমিশনার অখিলেশ কুমার চতুর্বেদী। শুক্রবার দুপুরে শিলিগুড়ির মাটিগাড়া থানাতে ওই সিসিটিভি ক্যামেরা ও কন্ট্রোল রুমের উদ্বোধন করা হয়। জানা গিয়েছে মোট ৮০ টি ক্যামেরা মাটিগাড়া থানার অন্তর্গত বিভিন্ন জায়গায় লাগানো হয়েছে তার মধ্যে রয়েছে বিশ্বাস কলোনী, খাপরেইল মোড় থেকে খাপরেইল বাজার, বালাসন নদীর এলাকা ইত্যাদি। এর মাধ্যমে যেকোনো ধরণের অপরাধ দমন করতে সুবিধা হবে বলে জানান পুলিশ কমিশনার।

পূর্ব রেলওয়ে

শিয়ালদহ ডিভিশনের বিভিন্ন ক্যাটিগরির স্টেশনে ১৮টি স্পেশাল মাইনর কেটারিং ইউনিট (এসএমইউ) বণ্টন

নং ঃ সিডি/ই/ক্যাটারিং/এসএমইউ/টেন্ডার/২০১৯, তারিখ ০২.০৮.২০২৩। সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, রুম নং ৫৫, কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ নিম্নবর্ণিত কাজের জন্য ই-অকশন আহ্বান করছেন। **কাজের নাম ঃ** কেবলমাত্র পাঁচ (০৫) বছর সময়সীমায় শিয়ালদহ ডিভিশনের ১৮টি 'ডি', 'ই' এবং 'এফ' ক্যাটিগরির বিভিন্ন স্টেশনে ১৮টি স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ)-এর জন্য মডিউলার কেটারিং স্টলের মাধ্যমে কেটারিং পরিষেবা প্রদানের কাজে লাইসেন্স প্রদান। ওয়েবসাইটে অবস্থানের বিবরণ পাওয়া যাবে। ওয়েবসাইট **www.ireps.gov.in**-এর মাধ্যমে কেবলমাত্র ই-অকশনে অংশগ্রহণ করতে পারবেন। [illegible] **ই-অকশনের তারিখ ও সময় ঃ** ২১.০৮.২০২৩-এ বেলা ১২টা (ক্রম নং ১ থেকে ১৮ প্রতিটির জন্য)।

(SDAH-145/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

বিস্ফোরক মজুত মামলায় ব্যবসায়ী গ্রেফতার পাইকরে

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৪ আগস্ট ঃ সাতসকালে বীরভূমের পাইকরে হানা দিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনআইএ। বাড়ি থেকে এক পাথর ব্যবসায়ীকে ধরে নিয়ে যায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। জেলায় অবৈধ বিস্ফোরক মজুত মামলাতেই ওই ব্যক্তিকে এনআইএ আটক করেছে। পাথর ব্যবসায়ীর নাম ইসলাম চৌধুরী। জানা গিয়েছে, শুক্রবার ভোরে হঠাৎই বীরভূমের পাইকর থানার কুশমোড় গ্রামে হানা দেয় এনআইএ-র একটি দল। বাড়ি থেকে আটক করা হয় তাকে আটক করা হয়। আটক করার পর প্রথমে তাকে নিয়ে যাওয়া হয় পাইকর থানায়। সেখানেই তাকে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করে এনআইএ-এর গোয়েন্দারা। সূত্রের খবর, বীরভূমে অবৈধ বিস্ফোরকের ব্যবসার অভিযোগ উঠেছিল। এই অভিযোগে আগেই তিনজনকে গ্রেফতার করেছিল এনআইএ। ধৃতদের মধ্যে রয়েছেন নলহাটির মনোজ ঘোষ নামে এক পাথর ব্যবসায়ী। তাকে জেরা করার পর এই ব্যবসায়ীকে আটক করা হয়। বাবা সানোয়ার চৌধুরী বলেন, ভোরের দিকে দুটি গাড়িতে কয়েকজন গিয়ে আমাকে এবং ছেলেকে তুলে নিয়ে আসে। পরে আমাকে ছেড়ে দিয়ে ছেলেকে কলকাতা নিয়ে যায়।

JAIN TUBE COMPANY LIMITED

CIN: L25111DL1964PLC004235

Registered Office: B-292, Office No. 202, Second Floor, Chandra Kanta Complex, New Ashok Nagar, Delhi – 110096, India;

Tel. No.: +91-7428860315; Email: jaintubes.india@gmail.com; Website: www.jaintubes.in

PUBLIC ANNOUNCEMENT FOR UPDATION OF CONTACT DETAILS BY PUBLIC SHAREHOLDERS OF JAIN TUBE COMPANY LIMITED

The promoter and promoter group of **Jain Tube Company Limited ("the Company")**, have proposed voluntary delisting of Equity Shares of the Company from The Calcutta Stock Exchange Limited (**"CSE"**).

The Exit Price, as determined in accordance with the provisions of Securities & Exchange Board of India (Delisting of Equity Shares) Regulations, 2021 is Rs.541/- (Rupees Five Hundred and Forty One Only).In this respect, we hereby request all the Public Shareholders of the Company, who have till date not updated their contact details i.e., Phone number, Email Id, residential address, KYC documents etc. with the Company, to register their contact details to be able to receive the Letter of Offer/ notices/ important updates and all other communications with regard to delisting of Equity Shares made by the Company/ Promoters from time to time.

The Public Shareholders can submit such information with the Company or Registrar and Transfer Agent ("RTA") of the Company on the below-mentioned addresses:

i. Jain Tube Company Limited., B-292, Office No. 202, Second Floor, Chandra Kanta Complex, New Ashok Nagar, Delhi – 110096, India; Telephone no: **+91-7428860315** or at their mail id at jaintubes.india@gmail.com.

OR

ii. Alankit Assignments Limited, 205-208, Anarkali Complex, Jhandewalan Extension, New Delhi–110 055, Phone – 011-42541234 or at their mail id rta@alankit.com.

In case of any query/concern/grievance, Members may mail at jaintubes.india@gmail.com or call on **7428860315**.

For Jain Tube Company Limited
Sd/-
Kriti Bhatia
Company Secretary

Place : Delhi
Date : 04.08.2023

গন্ডার শাবককে উদ্ধার করলো বনকর্মীরা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৪ আগস্ট ঃ খরস্রোতা জলঢাকা নদীতে ভেসে যাওয়া গন্ডার শাবককে উদ্ধার করলো বনকর্মীরা। বৃহস্পতিবার বিকেলে গরুমারা সাউথ রেঞ্জের অন্তর্গত জঙ্গলের ভেতর ঘাস জমিতে মায়ের সঙ্গে খাচ্ছিল শাবকটি। সে সময় কোনোভাবে নদীতে পড়ে যায় সেই শাবকটি। গন্ডার শাবকটিকে ভেসে যেতে দেখে বেশ কিছুক্ষণ ধরেই উদ্ধারের চেষ্টা চালাচ্ছিলেন বনকর্মীরা। শেষমেষ বনদপ্তরের খুনিয়া স্কোয়াডের কর্মীদের তৎপরতায় সেই গন্ডারের শাবকটিকে নথুয়ার চর এলাকা থেকে উদ্ধার করা হয়। উদ্ধার করা শাবকটিকে তার মায়ের কাছে ফেরানোর চেষ্টা চালাচ্ছেন বনকর্মীরা। বনদপ্তরের কর্মীদের তৎপরতার জন্য খরস্রোতা নদীতে ভেসে যাওয়ার হাত থেকে রক্ষা করা গেল গন্ডার শাবকটিকে।

ডেঙ্গু মোকাবিলায় গাপ্পি মাছ ছাড়া হল রাজগঞ্জে

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৪ আগস্ট ঃ শুক্রবার ফুলবাড়ি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের পশ্চিম ধনতলা, পূর্ব ধনতলা, রাজীব নগর, মমতা পাড়া সহ বিভিন্ন এলাকায় নর্দমায় ছোট জলাশয়গুলোতে গাপ্পি মাছ ছাড়া হয়। এদিন গাপ্পি মাছ গুলি বিভিন্ন নর্দমায় ছাড়েন ফুলবাড়ি অঞ্চলের বিদায়ী প্রধান দিলীপ রায়। প্রায় ১২ হাজার মাছ ছাড়া হবে বলে জানা গিয়েছে। এই বিষয়ে ফুলবাড়ি অঞ্চলের বিদায়ী প্রধান দিলীপ রায় বলেন, ডেঙ্গুর প্রকোপ কমাতে ফুলবাড়ি ২ নম্বর গ্রাম পঞ্চায়েত জুড়ে বিভিন্ন জায়গায় গাপ্পি মাছ ছাড়া হচ্ছে। রাজগঞ্জের বিডিও অফিস থেকে প্রায় ১২ হাজার মাছ আনা হয়েছে। এই মাছ ছাড়ার পাশাপাশি এলাকার মানুষেদের ডেঙ্গি নিয়ে সচেতন করা হচ্ছে।

পিএইচই দফতরে আগুন

দুরন্ত বার্তা, বালুরঘাট, ৪ আগস্ট ঃ দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট শহরের হাসপাতাল মোড় সংলগ্ন পিএইচই দফতরে ভয়াবহ আগুন। শুক্রবার দুপুর তিনটা নাগাদ অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটেছে। মুহূর্তে আগুন ছড়িয়ে পড়ে চারিদিকে। গোটা এলাকা কালো ধোঁয়ায় ঢেকে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় দমকল ও বিশাল পুলিশবাহিনী। এদিকে যারা অফিসের কর্মী ছিলেন তারা সকলেই নিরাপদে বেরিয়ে এসেছেন। অনেকে তাড়াহুড়ো করে বেরতে গিয়ে আহত হয়েছেন বলে জানা গিয়েছে। কীভাবে আগুন লাগল তা এখনও জানা যায়নি। ঘটনাস্থলে এসেছে বিদ্যুৎ দফতরের কর্মীরা। গোটা এলাকা বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে।

কিলবার্ণ ইঞ্জিনিয়ারিং লিমিটেড

রেজি অফিস ঃ ফোর ম্যাঙ্গো লেন, সুন্দরী মোহন ঘোষ সরণী, কলকাতা- ৭০০০০১

CIN: L24232WB1987PLC042956

টেলি নং.০৩৩ ২২৩১৩৩৩৭, ফ্যাক্স নং. ০৩৩ ২২৩১৪৭৬৮, ওয়েবসাইট ঃ www.killburnengg.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল
ত্রৈমাসিক শেষে ৩০ জুন, ২০২৩

(লক্ষ টাকায়)

ক্রম নং.	বিবরণী	ত্রৈমাসিক সমাপ্তে (অনিরীক্ষিত) ৩০.০৬.২০২৩	ত্রৈমাসিক সমাপ্তে (নিরীক্ষিত) ৩১.০৩.২০২৩	ত্রৈমাসিক সমাপ্তে (অনিরীক্ষিত) ৩০.০৬.২০২২	বছর সমাপ্তে (নিরীক্ষিত) ৩১.০৩.২০২৩
১	মোট আয়	৬,৭৩৩	৭,১২২	৫,০৭৮	২৫,৬১৯
২	লাভ / (ক্ষতি) করের পূর্বে	৯৪৮	১,৩৩৭	৪৪০	৩,৮৭৭
৩	লাভ / (ক্ষতি) করের পর	৭০৯	১,২৩৪	২৮৯	৩,০১৪
৪	মোট ব্যাপক আয়/ (ক্ষতি) মেয়াদে (সংযুক্ত লাভ/ (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় / (ক্ষতি) (করের পর)	৮৬৯	৯৮৫	২৬৩	২,৮২৩
৫	প্রদেয় ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকা প্রতি)	৩,৭৫৭	৩,৫৮১	৩,৪৩১	৩,৫৮১
৬	শেয়ার প্রতি আয় (ইপিএস) (টাকায়) মূল ও মিশ্র ইপিএস (টাকায়)	১.৯৫	৩.৫৪	০.৮৪	৮.৬৬

দ্রষ্টব্য ঃ

১. উপরোক্ত আর্থিক ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ত্রৈমাসিক সমাপ্তে ৩০ জুন, ২০২৩ যা প্রদান করা হয়েছে স্টক এক্সচেঞ্জে ধারা ৩৩ সেবি (লিস্টিং এবং অন্যান্য ডিসক্লোজার প্রয়োজনে) ধারা, ২০১৫ অধীন। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফলের পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট এবং কোম্পানির ওয়েবসাইটে-www.killburnengg.com

২. ফলাফল প্রস্তুত করা হয়েছে আইএনডি এএস অনুসারে, অধীন ধারা ১৩৩ কোম্পানি আইন, ২০১৩ অনুসারে সঙ্গে পড়তে হবে অনুসারী ধারা জারি করা হয়েছে এবং অন্যান্য সংখ্যাতাত্ত্বিক নিয়মাবলী যা ভারতে গ্রহণযোগ্য। ফলাফল পর্যালোচনা করা হয়েছে অডিট কমিটি দ্বারা এবং রেকর্ড গ্রহণ করা হয়েছে কোম্পানির পরিচালনবর্গ ও তাদের প্রতিনিধিদের সভায় যা অনুষ্ঠিত হয়েছে ৪ আগস্ট, ২০২৩। সাময়িক পর্যালোচনা প্রয়োজন অনুসারে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশান্স ও ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ নিরীক্ষন করেছেন কোম্পানির বিধিসম্মত পরীক্ষকরা।

বোর্ডের আদেশানুসারে
(রনজিৎ লালা)
ম্যানেজিং ডিরেক্টর
(DIN 07266678)

তারিখ ঃ ০৪ আগস্ট, ২০২৩
স্থান ঃ কলকাতা

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Director General/M/(Roads) KMC invites tender online percentage rate two bid systems for following works :-

1. NIT NO. : KMC/ASPH/PB/SD/06/23-24
Name of works : **Replacement of Old, Damaged AC's and allied electrical works at ERP Room under AsphaltumDepartment Palmer Bazar.** Estimated Amount (Incl. GST, CESS & Contingency) : **Rs.2,01,802.24.** Earnest Money : **Rs.4,500.00.**

2. NIT NO. : KMC/ASPH/GG/K.M-02/23-24 (1st Call)
Name of works : **Improvement of road surface of A.T. Chatterjee Road from Premises No.52 to 46 A.T. Chatterjee Road in Ward No.92, Br.-X, under Road Mechanical Department.** Estimated Amount (Incl. GST & CESS) : **Rs.4,99,322.53.** Earnest Money : **Rs.10,000.00.**

3. NIT NO. : KMC/ASPH/GG/K.M-03/23-24 (1st Call)
Name of works : **Improvement of road surface of Selimpur Road (Premises No.108A to 108G) in Ward No.92, Br.-X, under Roads Mechanical Department.** Estimated Amount (Incl. GST & CESS) : **Rs.4,99,412.99.** Earnest Money : **Rs.10,000.00.** Period of Completion : **15 Days (for Sl.No. 1 to 3).** Bid submission starting date and time : **16.08.2023 from 11 a.m. (for Sl.No.1).** Last date and Time of submission of Bid : **29.08.2023 upto 11 a.m. (for Sl.No.1), 17.08.2023 at 11.30 a.m. (for Sl.No.2) and 16.08.2023 at 11.30 a.m. (for Sl.No.3).** Bid opening date for Technical Proposal (Online) : **31.08.2023 at 11 a.m. (for Sl.No.1), 19.08.2023 at 11.30 a.m. (for Sl.No.2) and 18.08.2023 at 11 .30 a.m. (for Sl.No.3).** The bid forms and other details are available on and from **16.08.2023 after 11 a.m. (for Sl.No.1), 07.08.2023 after 5 p.m. (for Sl.No.2) and 05.08.2023 after 5 p.m. (for Sl.No.3)** from the website **https://wbtenders.gov.in (for Sl.No. 1 to 3).**

The Executive Engineer, Water Supply (West), KMC invites e-Tender for the following works :-

1. NIT NO. : KMC/WS/W78-03/T-13/23-24
Name of work : **Restoration of filtered water supply to avoid contamination surrounding the area at 12 Mayurbhanj Road in Ward-78.** Estimated Amount : **Rs.1,83,824.00.** Earnest Money : **Rs.3,700.00.** Period of Completion : **15 Days.**

2. NIT NO. : KMC/WS/W79-02/T-14/23-24
Name of work : **Development of F.W. Supply by laying 100 MM Dia D.I. Pipe from 49/5/H/53/3 to 49/5/H/53/9 K.M. Sarani in Ward No.79.** Estimated Amount : **Rs.1,24,791.00.** Earnest Money : **Rs.2,500.00.** Period of Completion : **7 Days.**

3. NIT NO. : KMC/WS/W79-01/T-12/23-24
Name of work : **Restoration of Filtered Water Supply to avoid contamination surrounding the area at 49/5/H/50 K.M. Sarani in Ward-79.** Estimated Amount : **Rs.1,90,153.00.** Earnest Money : **Rs.3,850.00.** Period of Completion : **15 Days.** Last Date of receipt/opening of Tender (Online) : **19.08.2023 at 11 a.m./21.08.2023 at 11 a.m. (for Sl.No.1 & 2) and 17.08.2023 at 11 a.m./19.08.2023 at 11 a.m. (for Sl.No.3).** The bid forms and other details are available from the **https://wbtenders.gov.in** (for Sl.No. 1 to 3).

The Dy.CE(E)(S&D)/ KMC invites tender online item rate in two bid system for the following work:-

NIT NO. : KMC/GRBU/SO-9A/23-24 (1st Call)
Name of the work : **Repairing servicing and overhauling of 186 LPS capacity pump unit no.5 and replacement of gland stud of other pump units at Jinjira Bazar MPS and under GRBU.** Estimated Cost : **Rate to be quoted.** Earnest Money : **Rs.5,000.00.** Period of Completion : **20 Days.** Last date and time of submission of Bid : **17.08.2023 at 12 noon.** The Bid forms and other details are available on and from **08.08.2023 at 5 p.m.** from the website **https://wbtenders.gov.in**

The Dy. Chief Engineer (Parks & Squares),KMC invites quotation online percentage rate two bid system for the following work :-

NIT NO. : KMC/DYCE(PS)/I/8/2/23-24 (1st Call)
Name of work : **Renovation of Garden at JM Avenue, Rabindra Sarani and Bhupen Bose Avenue in Ward No.008, Br.-I.** Estimated Cost : **Rs.4,47,202.74.** Earnest Money : **Rs.9,000.00.** Period of Completion : **60 Days.** Last date and time of submission of Bid : **16.08.2023 at 1 p.m.** The bid forms and other details are available on and from **05.08.2023 at 10 a.m.** from the website **https://etender.wb.nic.in**

The D.G. (Sewerage & Drainage), KMC invites e-tender online item rate two bid system for the following work :-

NIT NO. : KMC/S_D/UDPS/20/2023-24 (1st Call)
Name of work : **Renewing of dilapidated delivery Y-pipe and discharge bend manifold of pump unit no.7 including its structural support with other allied works at UDPS.** Estimated Amount : **Rs.3,94,518.00.** Earnest Money : **Rs.8,000.00.** Period of Completion : **14 Days.** Last date and time of submission of Bid : **14.08.2023 at 5 p.m.** The Bid forms and other details are available on and from **04.08.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in.** For corrigendum etc., if any, the same website has to be seen.

The Water Supply/GRU invites tender online percentage rate two bid system for the following works :-

1. NIT NO. : KMC/WS/GRU/2324/139/009/1st Call
Name of the work : **Development by laying of 150 MM Dia DI Pipe for water service main at near V82, V75, V70, V52/A Hedararla, in Ward No.139, Br.-XV.** Estimated Cost : **Rs.3,10,235.20.** Earnest Money : **Rs.6,210.00.**

2. NIT NO. : KMC/WS/GRU/2324/139/011/1st Call
Name of the work : **Development of Water Supply Network by laying 100 MM Dia water Main near V123, V120, V170, V171, V172 etc. Karbala Road for Augmentation of Supply Water at the adjoining areas of Ward No.139 under Br.-XV.** Estimated Cost : **Rs.4,02,019.47.** Earnest Money : **Rs.8,050.00.**

3. NIT NO. : KMC/WS/GRU/2324/133/005/1st Call
Name of the work : **Development of Water Supply Network by laying 100 MM Dia water Main near J-67/1, J69, J67, J-70/1 etc. Fatepur Village Road for Augmentation of Supply Water at the adjoining areas of Ward No.133 under Br.-XV.** Estimated Cost : **Rs.1,06,772.25.** Earnest Money : **Rs.2,140.00.** Period of Completion : **60 Days (for Sl.No. 1 to 3).** Last date of Submission of Bid : **16.08.2023 at 2 p.m. (for Sl.No.1 to 3).** Tender will be opened on : **17.08.2023 at 2 p.m. (for Sl.No. 1 to 3).** The bid forms and other details are available on and from **05.08.2023 at 2 p.m. (for Sl.No.1 to 3)** from the website **https://etender.wb.nic.in (for Sl.No. 1 to 3).**

Corrigendum

(A) NIT NO. KMC/ROADS/NORTH/055/2023-2024 (1st Call) (B) NIT NO. KMC/ROADS/NORTH/057/ 2023-2024 (1st Call) of Roads Deptt. published in this Newspaper **(436/23-24) on 15/07/2023** the last date and time of Sl.No. 2 & 3 should be read as **18/08/2023 - 12 Noon** instead of 02/08/2023 - 12 Noon.

531/23-24

 KOL RMS/422/2023-2025 RNI No. 64730/1995

আরও পাওয়ারফুল হয়ে এ বার মাঠে নামবে ইস্টবেঙ্গল!

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ আগস্টঃ দিন কয়েক আগে কলকাতায় এসেছেন ইস্টবেঙ্গলের স্প্যানিশ কোচ কার্লেস কুয়াদ্রাত। এক এক করে বিদেশি ফুটবলাররাও পৌঁছে যাচ্ছেন কলকাতাতে। ইস্টবেঙ্গল টিমে নতুন সদস্যদের স্বাগত জানিয়েছেন সমর্থকরা। এ বার লাল-হলুদ জার্সিতে জায়গা পেতে চলেছে এক নতুন সদস্য। সম্প্রতি এক নতুন টেক-গেম প্ল্যাটফর্ম বাটেরি-র সঙ্গে চুক্তি করেছে ইমামি ইস্টবেঙ্গল। বাটেরি এ বার থেকে ইমামি ইস্টবেঙ্গলের প্রধান স্পনসর। তাই লাল-হলুদ জার্সির বুকে এ বার থেকে জ্বলজ্বল করবে বাটেরি-র লোগো। ইস্টবেঙ্গলের ম্যাচ জার্সি ও ট্রেনিং জার্সিতেও থাকবে বাটেরি-র লোগো। টেক-গেম প্ল্যাটফর্ম বাটেরি-কে নতুন স্পনসর হিসেবে পাওয়ার পর ইমামি

ইস্টবেঙ্গলের সিইও নম্রতা পারেখ বলেন, ''বাটেরি আমাদের প্রধান স্পনসর হিসেবে পেয়ে আমরা খুশি। ২০২৩-২৪ মরসুমে বাটেরি আমাদের জার্সির মূল স্পনসর। ভারতের ক্রীড়াক্ষেত্রে গেম-টেক দ্রুত বিকশিত হচ্ছে। বাটেরি টেক-গেম প্ল্যাটফর্ম ব্যবহার করলে লাইভ গেমের একটি বিরাট প্যাকেজ পাওয়া যাবে। এবং এই বাটেরি গেম-টেক প্ল্যাটফর্ম ব্যবহার করলে ব্যবহারকারীরা সরাসরি খেলা দেখার অভিজ্ঞতা অর্জন করতে পারবে। আমরা তাই এই মরসুমে সুপারচার্জের জন্য প্রস্তুত।'' হরমনজোৎ খাবরা, প্রভসুখন গিলদের জার্সির বুক এবং পিঠে এ বার দেখা যাবে বাটেরি লোগো। ব্যাটারি গেম-টেক প্ল্যাটফর্মের পক্ষ থেকে এক প্রতিনিধি বলেন, ''ইন্ডিয়ান সুপার লিগের দশম মরসুমে ইমামি ইস্টবেঙ্গলের অফিসিয়াল স্পনসর হতে পেরে আমরা উচ্ছ্বসিত। আমাদের এই ব্র্যান্ড বাজারে নতুন। আমাদের পথচলা এই শুরু হলেও আমরা ইস্টবেঙ্গলের সঙ্গে যুক্ত হতে পেরে উত্তেজিত। লাল-হলুদ বাহিনীর অসাধারণ পারফরম্যান্সের দিকে আমরা তাকিয়ে রয়েছি। এই ঐতিহাসিক ক্লাবের ফুটবলার, কোচ, সাপোর্ট স্টাফ ও সকল সমর্থকদের আমরা শুভেচ্ছা জানাচ্ছি।''

তিন মাসেই সম্পূর্ণ সুস্থ রাহুল! এশিয়া কাপে খেলার জোর সম্ভাবনা

বেঙ্গালুরু, ৪ আগস্টঃ গত বুধবারই লোকেশ রাহুলকে কেন্দ্র করে উদ্বেগের খবর ছড়িয়ে পড়েছিল। বিভিন্ন রিপোর্টে দাবি করা হয়, সম্পূর্ণ সুস্থ না হওয়ায় এশিয়া কাপের দলে পাওয়া যাবে না কিপার ব্যাটারকে। চলতি বছরের মে মাসে আইপিএল চলাকালীন থাই মাসলে চোট পেয়েছিলেন রাহুল। তড়িঘড়ি অস্ত্রোপচার করানো হয়, যাতে এশিয়া কাপ এবং বিশ্বকাপের টিমে তাঁকে পাওয়া যায়। বর্তমানে জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে সুস্থ হয়ে ওঠার প্রক্রিয়া চলছে তাঁর। ব্যাটিংয়ের পাশাপাশি কিপিং অনুশীলনও শুরু করেছেন। রাহুলের অনুশীলনের ভিডিয়ো দেখে আস্বস্ত হয়েছিলেন ভারতীয় সমর্থকরা। যা খবর তাতে বর্তমানে চোট সারিয়ে সম্পূর্ণ সুস্থ রাহুল। দলে কামব্যাকের জন্য তৈরি তিনি। সব ঠিকঠাক থাকলে এশিয়া কাপের স্কোয়াডে প্রত্যাবর্তন হতে চলেছে রাহুলের। সোশ্যাল মিডিয়ায় ফিটনেস নিয়ে অনুরাগীদের নিয়মিত আপডেট দেন রাহুল। আন্তর্জাতিক ক্রিকেটে কামব্যকের জন্য যথেষ্ট পরিশ্রম করছেন তিনি। কখনও জিমে কখনও নেটে ঘাম ঝরাচ্ছেন। বিভিন্ন মিডিয়া রিপোর্টের দাবি অনুযায়ী, প্রতিদ্বন্দ্বিতামূলক ক্রিকেটে ফেরার জন্য তৈরি রাহুল। সম্প্রতিককালে ফর্ম নিয়ে চিন্তায় ছিলেন রাহুল। চোট পাওয়ার আগে পর্যন্ত ফর্ম তাঁকে ভুগিয়েছে। তবে ওডিআই ফরম্যাটে রাহুল হলেন রোহিত শর্মার দলের গুরুত্বপূর্ণ সদস্য। বিশ্বকাপের আগে এশিয়া কাপেই কামব্যাক করতে পারলে তা ভারতীয় শিবিরের জন্য স্বস্তি বয়ে আনবে। বোর্ডের সূত্র জানিয়েছে, বিসিসিআইয়ের বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির কোচ এবং মেডিকেল স্পেশালিস্টরা রাহুলের সেরে ওঠা নিয়ে সন্তুষ্ট। এশিয়া কাপে কামব্যাক করতে তৈরি তিনি। গত ২১ জুলাই বিসিসিআইয়ের মেডিকেল রিপোর্টে বলা হয়েছিল, রাহুল নেটে অনুশীলন শুরু করেছেন এবং একইসঙ্গে এনসিএ-তে স্ট্রেন্থ এবং ফিটনেস এক্সারসাইজ শুরু করেছেন।

বিচ্ছেদে শিলমোহর! আর সানিয়ার স্বামী নন শোয়েব

দুরন্ত বার্তা প্রতিবেদন

আর 'সানিয়া মির্জার স্বামী' নন শোয়েব মালিক! পাকিস্তানের ক্রিকেটার শোয়েব মালিকের কাছে সানিয়া হলেন সুপারওম্যান। ভারতীয় টেনিস তারকার স্বামী হিসেবে নিজের পরিচয় দিতে ভালোবাসতেন। ইনস্টাগ্রামের বায়োতে বড় বড় করে লেখা থাকত, 'হাজব্যান্ড অফ এ সুপারওম্যান সানিয়া মির্জা'। বর্তমানে শোয়েবের ইনস্টা বায়ো দেখলে ওই লেখাটি আর পাওয়া যাবে না। ইনস্টা বায়ো থেকে 'সানিয়ার স্বামী' পরিচয় মুছে ফেলেছেন পাক ক্রিকেটার। তারপরই বিচ্ছেদের গুঞ্জন ফের মাথাচাড়া দিয়ে উঠেছে। তাহলে কি সানিয়া-শোয়েবের ডিভোর্স সম্পন্ন? ইনস্টা বায়ো বদলে ডিভোর্সের জল্পনায় শিলমোহর দিলেন শোয়েব? সানিয়া-শোয়েবের বিচ্ছেদের গুঞ্জন চলছে গতবছর থেকে। দু'জনকে বহুদিন একসঙ্গে দেখা যায় না। শোয়েব ছেলের সঙ্গে দুবাইয়ে গিয়ে সময় কাটান। সেইসব মুহূর্তের ছবি ইনস্টাগ্রামে পোস্ট করেন। তাতে সানিয়ার দেখা মেলে না। সানিয়ার অবসর, জন্মদিনের পার্টি বা যে কোনও অনুষ্ঠানে এখন আর মির্জা পরিবারের সঙ্গে সামিল হতে দেখা যায় না শোয়েবকে। দুবাইয়ে ছেলেকে নিয়ে একাই ঈদ পালন করতে দেখা গিয়েছে সানিয়াকে। ডিভোর্স নিয়ে সানিয়া বা শোয়েব মুখ না খুললেও গুঞ্জন থামেনি। সম্প্রতি শোয়েবের ইনস্টা বায়ো বদল বিয়ে ভেঙে যাওয়ার গুঞ্জনে ঘি ঢেলেছে। শোয়েবের ইনস্টাগ্রাম বায়োতে শুধুমাত্র সানিয়ার নামটিই নেই। সেই জায়গাটিতে লেখা রয়েছে 'লিভ আনব্রোকেন'। বাকি যা ছিল আগের মতোই রয়েছে। 'সানিয়ার স্বামী' পরিচয় মুছে দেওয়া ভীষণ ইঙ্গিতপূর্ণ বলে মনে করছেন নেটিজেনরা। তাঁদের মতে, কিছু না বলেই অনেক কিছু বুঝিয়ে দিয়েছেন শোয়েব। ২০১০ সালে দুই দেশের সম্পর্কের তোয়াক্কা না করে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিলেন সানিয়া মির্জা ও শোয়েব মালিক। তাঁদের বিয়ে আলোড়ন তুলে দিয়েছিল দুই প্রতিবেশী দেশে। বিয়ের আটবছর পর সানিয়া-শোয়েবের পুত্র সন্তান ইজহান মির্জা মালিকের জন্ম হয়। আলাদা থাকলেও সন্তানের দেখভালের দায়িত্ব দু'জনেরই। ছেলেকে নিজের কাছে রেখেছেন সানিয়া।

রোনাল্ডো-বেঞ্জেমারা কেন সৌদিতে, প্রশ্ন তুলে দিলেন বার্সা প্রেসিডেন্ট!

বার্সেলোনা, ৪ আগস্টঃ কাতার বিশ্বকাপের পর যেন ঢল নেমেছে সৌদি ফুটবলে। বিশ্বের সেরা তারকারা একে পাড়ি দিচ্ছেন সৌদিতে। বিপুল অর্থের বিনিময়ে তাঁরা সই করছেন, খেলছেন। এশিয়ান ফুটবলের দিশা বদলে দেওয়ার কাজ শুরু করে দিয়েছে সৌদি, এমনও দাবি করা হচ্ছে। ক্রিশ্চিয়ানো রোনাল্ডো প্রথম নাম লিখিয়েছিলেন সৌদির ফুটবল বিপ্লবে। সিআর সেভেনের পর এখন আবার করিম বেঞ্জেমা, সাদিও মানেদেরও

এই মরসুমে খেলতে দেখা যাবে সৌদি ফুটবলে। ফুটবলের ভরকেন্দ্র কি ইউরোপ থেকে সরে যাচ্ছে মিডল-ইস্টে? অনেকে উত্তর খুঁজতে শুরু করেছেন। আবার রোনাল্ডোর মতো সৌদিতে যাননি লিওনেল মেসি। তিনি যোগ দিয়েছেন আমেরিকার মেজর লিগ সকারে, ডেভিড বেকহ্যামের টিমে। কেন রোনাল্ডোদের নিয়ে আপত্তি তুললেন ইউরোপের এক সেরা ক্লাবের প্রেসিডেন্ট? রিয়াল মাদ্রিদকে বছর কয়েক আগে প্রচুর সাফল্য দিয়েছেন সিআর সেভেন। সেখান থেকে তুরিনের ক্লাব জুভেন্তাসে চলে গিয়েছিলেন রোনাল্ডো। ম্যাঞ্চেস্টার ইউনাইটেড ছেড়ে সৌদির ক্লাব আল নাসেরে যোগ দিয়েছেন। রিয়াল ছেড়েই সৌদির ফুটবলে যোগ দিতে চলেছেন বেঞ্জেমা। বায়ার্ন মিউনিখ থেকে সাদিও মানে। রবার্তো ফির্মিনো, এনগোলো কান্তে, রিয়াদ মাহরেজদের মতো প্রথম সারির তারকারা কেন পর পর চলেছেন সৌদির পথে, সেটাই সবচেয়ে বড় কথা। বিপুল অর্থের টানে তো বটেই, কিন্তু তাতে কি ফুটবলের ভরকেন্দ্রের ক্ষতি হবে না? বার্সেলোনার প্রেসিডেন্ট জোয়ান লাপোর্তা কিন্তু মোটেও মেনে নিতে পারছেন না বিশ্বের সেরা তারকাদের এমন আচরণ। কী বলছেন তিনি? লাপোর্তার কথায়, ''সম্মান রেখেই বলছি, প্লেয়ারদের সৌদির ক্লাবে যোগ দেওয়ার পিছনে ফুটবলটা কারণ নয়। সবাই জানে, আসল কারণটা কী? সেটা আর যাই হোক না কেন ফুটবল নয়!'' বার্সা প্রেসিডেন্টের এমন মন্তব্য ঘিরে ঝড় বইছে, সন্দেহ নেই। অর্থের টোপে, বিশেষ করে কেরিয়ারের শেষ দিকে দাঁড়িয়ে থাকা ফুটবলাররা সৌদি লিগে পা রাখছেন, এটা ওপেন সিক্রেট। প্রশ্ন হল, মেসি সৌদির ক্লাবের বিরাট অফার এড়িয়েও তো ইউরোপের কোনও ক্লাব বেছে নেননি। তিনিও তো গিয়েছেন এমএলএসে। মেসিকে কেন সমালোচনা সইতে হচ্ছে না? সৌদির পাবলিক ইনভেস্টমেন্ট ফান্ড ক্লাব আল নাসের, আল হিলাল, আল আলি, আল ইত্তেহাদের দায়িত্ব নেওয়ার পর থেকেই পাল্টে গিয়েছে ওই দেশের ফুটবল। ইউরোপ থেকে সেরা ১০ ফুটবলার ছিনিয়ে নিয়েছে এই চার ক্লাব। সৌদি লিগের অন্য ক্লাবগুলোও কিন্তু পিছিয়ে নেই। তারাও টার্গেট করছে ইউরোপের ক্লাবগুলোর ফুটবলারদের। যাতে প্রতিযোগিতায় টিকে থাকতে পারে।

ভিশির ৩৬ বছরের রেকর্ড ভেঙে দেশের ১ নম্বর দাবাড়ু গুকেশ

বাকু, ৪ আগস্টঃ চৌষট্টি খোপের জগতে ভারতের অন্যতম উজ্জ্বল প্রতিভা গুকেশ ডি। ১৭ বছরের এই দাবাড়ুর মেন্টর বিশ্বনাথন আনন্দ। এ বার নিজের মেন্টরকেই ছাপিয়ে গেলেন গুকেশ। ভেঙে দিলেন ভিশির ৩৬ বছরের লাইভ রেটিং রেকর্ড। এরইসঙ্গে বর্তমানে দেশের ১ নম্বর চেস খেলোয়াড় গুকেশ ডি। বাকুতে অনুষ্ঠিত এফআইডিই চেস বিশ্বকাপের তৃতীয় রাউন্ডে যোগ্যতা অর্জন করার পরই ভিশির রেকর্ড ভেঙে দেন ১৭ বছরের গুকেশ। মিসরাতদিন ইস্কানদারোকে হারিয়ে ২৭৫৫.৯ লাইভ র‍্যাঙ্কিং পয়েন্ট অর্জন করেন গুকেশ। আনন্দের ২৭৫৪.০-কে ছাপিয়ে যান। ২০২৩ সালে গুকেশের রকেটের গতিতে উত্থান ঘটেছে। এ বছরই দাবা র‍্যাঙ্কিংয়ে প্রথম ১০০-র মধ্যে প্রবেশ করেন। এফআইডিই-এর মাসিক তালিকার উপর ভিত্তি করে তাঁর বর্তমান বিশ্ব র‍্যাঙ্কিং হল ১১। এটি লাইভ রেটিংগুলির থেকে আলাদা। যা ম্যাচের পর দৈনিক ভিত্তিতে গণনা করা হয়। গত জুলাই মাসের শুরুতে গুকেশ সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসেবে ২৭৫০ পয়েন্টের মার্ক ছুঁয়ে ফেলেন। পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন ম্যাগনাস কার্লসেন, যিনি ২০১১ সালের জুলাই মাস থেকে বিশ্বের এক নম্বর দাবাড়ু ছিলেন তাঁর রেকর্ডও অতিক্রম করেছেন। কার্লসনের বর্তমান লাইভ রেটিং হল ২৮৩৮.৪। তাঁর পিছনে রয়েছেন আমেরিকার ফ্যাবিয়ানো কারুয়ানা (২৭৮৬.৪)। চলতি বছরের জুলাই মাসে মেন্টর বিশ্বনাথন আনানন্দকে হারিয়ে আলোড়ন তুলে দেন গুকেশ। সুপার ইউনাইটেড র‍্যাপিড অ্যান্ড ব্লিজ টুর্নামেন্টে ভিশিকে হারিয়ে দেন তিনি। আগামী ২৫ আগস্ট পর্যন্ত চলবে এফআইডিই বিশ্বকাপ।

লখনউয়ের ছেঁটে ফেলা কোচকে নিয়োগ করল আরসিবি! ভাগ্য বদলাবে?

বেঙ্গালুরু, ৪ আগস্টঃ বিগত ১৬টি মরসুমে সাফল্য ধরা দেয়নি। ২০২৪ সালের আইপিএলে ভাগ্য বদলাবে আরসিবির? সেই লক্ষ্যে নতুন হেড কোচ নিয়োগ করল আইপিএল ফ্র্যাঞ্চাইজিটি। ২০২৩ আইপিএলে প্লে অফে জায়গা করে নিতে পারেন রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। গত মাসে দলের কোচ সঞ্জয় বাঙ্গার এবং ডিরেক্টর মাইক হেসনকে বিদায় দিয়েছে আরসিবি। হেড কোচ ছাটাইয়ের ১৫ দিনের মধ্যে নতুন কোচ নিয়োগ করল বেঙ্গালুরুর ফ্র্যাঞ্চাইজিটি। কিছুদিন আগেই লখনউ সুপার জায়ান্টসের হেড কোচের পদে ছাঁটাই হওয়া অ্যান্ডি ফ্লাওয়ারের উপর দায়িত্ব তুলে দিয়েছে দলটি। আইপিএলে দুটো মরসুমে লখনউকে প্লে অফে তুলেছিলেন দক্ষিণ আফ্রিকান কোচ। পরের মরসুমে আরসিবির ডাগআউটে দেখা যাবে অ্যান্ডি ফ্লাওয়ারকে। আরসিবিকে নতুনভাবে তৈরি করতে নেমে পড়বেন তিনি। টি ২০ ফ্র্যাঞ্চাইজি লিগে কোচ হিসেবে অ্যান্ডি ফ্লাওয়ারের সাফল্য ঈর্ষণীয়। ২০২০ সাল থেকে টি-২০ ফ্র্যাঞ্চাইজি লিগে হেড কোচ হিসেবে কাজ করছেন। এই চার বছরে ক্যারিবিয়ান প্রিমিয়র লিগ, পাকিস্তান সুপার লিগ, দ্য হান্ড্রেড, সংযুক্ত আরব আমিরশাহির ইন্টারন্যাশনাল টি-২০ লিগ এবং আইপিএলে কাজ করেছেন। তাঁর তত্ত্বাবধানে ২০২১ সালে পিএসএল জেতে মুলতান সুলতানস টিম। ২০২২ সালে ট্রেন্ট রকেটস টিমকে দ্য হান্ড্রেডে বিজয়ী করেন। এরপর চলতি বছরে ইন্টারন্যশনাল টি-২০তে অ্যান্ডি ফ্লাওয়ারের কোচিংয়ে ট্রফি ওঠে গাল্ফ জায়ান্টসের হাতে। এর পাশাপাশি বহুবার ভিন্ন ভিন্ন ফ্র্যাঞ্চাইজি লিগে নিজের দলকে ফাইনালে তুলেছেন। লখনউ সুপার জায়ান্ট এ বছরের আইপিএলে প্লে অফে ওঠে তাঁরই কোচিংয়ে। আন্তর্জাতিক ক্রিকেটে তাঁর সাফল্যের ছড়াছড়ি। ২০১০ সালে ইংল্যান্ডকে টি-২০ বিশ্বকাপে চ্যাম্পিয়ন করেছিলেন। ২০১৯ থেকে আরসিবির সংসারে ছিলেন মাইক হেসন। ২০২১ সালে সঞ্জয় বাঙ্গারকে হেড কোচের পদে নিযুক্ত করে আরসিবি। জাতীয় দলের একসময়ের ব্যাটিং কোচের আগমনেও ব্যর্থতা ছাড়া আর কিছুই জোটেনি আরসিবির। তাই এ বার বিদেশি কোচের উপর ভরসা রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের।

অত্যধিক খরচ, কমনওয়েলথ গেমস আয়োজন করবে না অ্যালবার্টা

অ্যালবার্টা, ৪ আগস্টঃ ২০২৬ সালের কমনওয়েলথ গেমস আয়োজন থেকে সরে দাঁড়িয়েছে অস্ট্রেলিয়া। ভিক্টোরিয়ার দায়িত্ব ছিল ২০২৬ কমনওয়েলথ গেমস আয়োজনের দায়িত্ব। কিন্তু অত্যধিক খরচের দোহাই দিয়ে সরে দাঁড়িয়েছে তারা। গেমস আয়োজন করতে গিয়ে ছাপিয়ে গিয়েছে বাজেট। সেই একই কারণ দেখিয়ে ২০৩০ কমনওয়েলথ গেমস আয়োজন থেকে সরে দাঁড়াল কানাডিয়ান প্রদেশ অ্যালবার্টা। ২০৩০ কমনওয়েলথের জন্য সম্ভাব্য আয়োজক হিসেবে এগিয়ে ছিল অ্যালবার্টা। কিন্তু খরচের বহর দেখে তারাও গেমস আয়োজনের উৎসাহ হারিয়ে ফেলেছে। ২০৩০ কমনওয়েলথ গেমস আয়োজনের জন্য বিড করবে না অ্যালবার্টা। অ্যালবার্টার পর্যটন ও ক্রীড়া মন্ত্রী জোসেফ চো জানিয়েছেন, কমনওয়েলথ গেমস আয়োজনের খরচের নিশ্চয়তা দিতে পারছে না কানাডা প্রভিন্স। গত মাসেই ২০২৬ সালের গেমস আয়োজন থেকে সরে দাঁড়ায় অস্ট্রেলিয়া। প্রস্তাবিত বাজেট ছিল ১৫ হাজার কোটি টাকা। পরে তা বেড়ে দাঁড়ায় ৩৪ হাজার কোটিরও বেশি টাকা। এত পাহাড় প্রমাণ অর্থ খরচ করে কমনওয়েলথ গেমস আয়োজনে রাজি নয় ভিক্টোরিয়া। আগামী কমনওয়েলথ গেমস হবে কিনা তা নিয়ে বড় প্রশ্ন দেখা দিয়েছে। হঠাৎ অস্ট্রেলিয়া পিছিয়ে আসায় চাপে পড়ে গিয়েছে কমনওয়েলথ গেমস ফেডারেশন। তারই মধ্যে ২০৩০ সালের গেমসের সম্ভাব্য আয়োজকও জবাব দিয়ে দিল। বর্তমান বিড অনুযায়ী অনুমানের উপর ভিত্তি করে বলা যায় ২০৩০ কমনওয়েলথ গেমস আয়োজনের জন্য ২.৬৮ বিলিয়ন কানাডিয়ান ডলার খরচ হতে পারে। এই বিপুল পরিমাণ অর্থ কোনওভাবেই খরচ করতে রাজি নয় অ্যালবার্টা। যে কারণে ২০৩০ কমনওয়েলথ গেমসে বিড করার সিদ্ধান্ত থেকে সরে এসেছে দেশটি।

সাড়ে ৫ মাস পর ফিরে নেইমারের জোড়া গোল

চোট কাটিয়ে লম্বা সময় পর মাঠে ফেরার উপলক্ষ দারুণভাবে রাঙালেন নেইমার। নিজে করলেন জোড়া গোল। সতীর্থের গোলে রাখলেন অবদান। জয় দিয়ে প্রাক-মরসুম শেষ করল পিএসজি।

বুসান, ৪ আগস্টঃ দক্ষিণ কোরিয়ার বুসানে বৃহস্পতিবার প্রীতি ম্যাচে আয়োজক ক্লাব জনবাক হুন্ডাই মোটর্সের বিপক্ষে ৩-০ গোলে জিতেছে পিএসজি। ৪০তম মিনিটে চমৎকার গোলে দলকে এগিয়ে নেন নেইমার। সতীর্থের পাস ধরে বক্সে ঢুকে দেখান পায়ের কারিকুরি। এরপর কয়েক জন ডিফেন্ডারের মাঝ দিয়ে ডান পায়ের শটে কাছের পোস্ট দিয়ে বল পাঠান জালে। বাকি দুই গোল হয় দ্বিতীয়ার্ধে। ৮৩তম মিনিটে নেইমার নিজেই দ্বিগুণ করেন ব্যবধান। মাঝমাঠ থেকে সতীর্থের বাড়ানো পাস ধরে এগিয়ে বক্সে ঢুকে গোলরক্ষককে পরাস্ত করেন ৩১ বছর বয়সী ফরোয়ার্ড। নির্ধারিত সময়ের দুই মিনিট বাকি থাকতে মার্কো আসেন্সিওর গোলেও নেইমারের ছিল বড় অবদান। তার ব্যাকহিল ফ্লিকে বল পেয়ে বক্সের বাইরে থেকে বাঁ পায়ের জোরাল শটে ওপরের কোণা দিয়ে ঠিকানা খুঁজে নেন গ্রীষ্মের দলবদলে রিয়াল মাদ্রিদ থেকে প্যারিসে যোগ দেওয়া স্প্যানিশ মিডফিল্ডার। এই ম্যাচ দিয়ে সাড়ে পাঁচ মাস পর মাঠে ফিরলেন নেইমার। গত ১৯ ফেব্রুয়ারি লিগ ওয়ানে লিলের বিপক্ষে পিএসজির ৪-৩ ব্যবধানে জয়ের ম্যাচে অ্যাঙ্কেলে চোট পান তিনি। পরে করাতে হয় অস্ত্রোপচার। প্রাক-মরসুমে এশিয়া সফরে প্রথম তিন ম্যাচেই জয়হীন ছিল পিএসজি। সৌদি আরবের ক্লাব আল নাসেরের সঙ্গে গোলশূন্য ড্রয়ের পর জাপানের দল সেরেজো ওসাকার বিপক্ষে হেরে যায় তারা ৩-২ ব্যবধানে। লুইস এনরিকের দল এরপর ইন্টার মিলানের কাছে হারে ২-১ গোলে। অবশেষে পেল জয়ের স্বাদ। দলের আরেক তারকা কিলিয়ান এমবাপে পিএসজি ছেড়ে যাবেন বলে শোনা যাচ্ছে। মূলত এই কারণেই তাকে প্রাক-মরসুমের স্কোয়াডে রাখেনি ক্লাবটি।

ডান পা ছাড়াই রোনল্ডোর '৩০০'

রিয়াধ, ৪ আগস্টঃ আর একটু হলে সাদিও মানের আল নাসর অভিষেক 'বরবাদ'ই হয়ে যেত। আরব ক্লাব চ্যাম্পিয়নস কাপে মিশরের জামালেকের বিপক্ষে ম্যাচের দ্বিতীয়ার্ধে অভিষেক হয় বায়ার্ন মিউনিখ থেকে আসা সেনেগালিজ তারকার। ম্যাচের ৮৭ মিনিট পর্যন্ত জামালেক ১-০ ব্যবধানে এগিয়ে থাকায় টুর্নামেন্ট থেকে বিদায়ের পথে ছিল আল নাসর। তবে সৌদি ফুটবলে অভিষেকের দিনে বিরস মুখে মাঠ ছাড়তে হয়নি মানেকে। আর সেটি করতে দেননি ক্রিস্টিয়ানো রোনাল্ডো। ম্যাচের নিয়মিত সময়ের তিন মিনিট আগে দারুণ এক হেডে আল নাসরকে সমতায় নিয়ে আসেন রোনাল্ডো। শেষ পর্যন্ত ১-১ ড্র ধরে রেখে 'সি' গ্রুপের রানার্সআপ হিসেবে কিং সালমান ক্লাব কাপ টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনালে উঠেছে আল নাসর। রবিবার সেমিফাইনালে ওঠার লড়াইয়ে মরক্কোর রাজা দি ক্লাসাব্লাঙ্কার বিপক্ষে খেলবে রোনাল্ডো-মানের দল। প্রিন্স সুলতান বিন আবদুল আজিজ স্টেডিয়ামে মানের অভিষেক রাঙানোর পথে ব্যক্তিগত এক মাইলফলক ছুঁয়েছেন রোনাল্ডো। সমতা আনা গোলটি ছিল আল নাসরের হয়ে তাঁর ১৬তম এবং পেশাদার ক্যারিয়ারের ৮৪০তম গোল। রোনাল্ডোর বেশির ভাগ গোলই তাঁর ডান পায়ে করা। এটি তাঁর শক্তির দিক। ডান পা ছাড়াই রোনাল্ডোর গোলের সংখ্যা এখন ৩০০। এই গোল এসেছে হেড, বাম পা ও অন্যান্য মিলিয়ে। ৩৮ বছর বয়সি রোনাল্ডো নতুন মরসুমে এরই মধ্যে তিনটি গোল করেছেন। সৌদি প্রো লিগে (এসপিএল) আল নাসর তাদের প্রথম ম্যাচ খেলতে নামবে ১৪ আগস্ট আল ইত্তিফাকের বিপক্ষে। প্রাক্তন লিভারপুল তারকা স্টিভেন জেরার্ডের কোচিংয়ে ইত্তিফাকের হয়ে খেলবেন জর্ডান হেন্ডারসন ও মুসা দেম্বেলে। এর এক সপ্তাহ পর এএফসি চ্যাম্পিয়নস লিগের প্লে-অফে খেলবে আল নাসর। ওই ম্যাচের প্রতিপক্ষ এখনো ঠিক হয়নি।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্লাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501